WOMEN'S REFUGEE COMMISSION

Research. Rethink. Resolve.

unicef



# সেফ স্পেসে কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্যের পর্যবেক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থার টুলকিট

# সুচি


**১. ভূমিকা 7**

এই টুলকিটটি কেন তৈরী করা হয়েছে? 7

এই টুলকিটটি কার জন্য তৈরী করা হয়েছে? 8

এই টুলকিটে কি কি অন্তর্ভুক্ত করা হয়েছে? 8

**২. পর্যবেক্ষণ এবং মূল্যায়ন এর নীতি (PRINCIPLES OF M&E) 11**

পর্যবেক্ষণ এবং মূল্যায়ন কাকে বলে? 11

পর্যবেক্ষণ এবং মূল্যায়ন কেন করা হয়? 11

পরিবর্তনের তত্ত্ব 12

**৩. কিশোরী সুলভ পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি প্রস্তুতকরন 14**

অংশগ্রহণমূলক পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির প্রয়োজনীয়তা 14

অংশগ্রহণমূলক পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির নীতিসমূহ 15

কিশোরীদের অর্থবহ অংশগ্রহণের সম্ভাব্য বাধাসমুহ 18

কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য সম্পর্কিত প্রয়োজনীয় চাহিদা ও অগ্রাধিকার নির্ধারণ 20

**৪. বিষয়বস্তু নির্ধারণ এবং ইন্ডিকেটর চিহ্নিতকরণ 21**

বিষয়বস্তু ও ইন্ডিকেটরের প্রয়োজনীয়তা 21

কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য কার্যক্রমের সম্ভাব্য ইন্ডিকেটর 21

পর্যবেক্ষণ ও মূল্যায়নের কাঠামো তৈরি 24

**৫. একটি মানসম্পন্ন পর্যবেক্ষণ ব্যবস্থা স্থাপন 25**

একটি পর্যবেক্ষণ ব্যবস্থা কী পরিমাপ করে? 25

একটি মানসম্পন্ন পর্যবেক্ষণ ব্যবস্থার উপাদানসমূহ 25

পর্যবেক্ষণের তথ্যের উৎস 27

**৬. মূল্যায়ন এর ডিজাইন করা 29**

মুল্যায়ন কী পরিমাপ করে? 29

মুল্যায়নের ডিজাইন বাছাই করা 29

মুল্যায়নের ফলাফলকে শক্তিশালী করা 30

মুল্যায়নের প্রভাবের উপর একটি নোট 31

**৭. তথ্যসংগ্রহ** **32**

ডাটা সংগ্রহের প্রণালী 32

কিশোরীদের থেকে তথ্যসংগ্রহ 32

ডাটা সংগ্রহের টিম গঠন 33

**৮. ডাটা বিশ্লেষণ এবং ফলাফল রিপোর্টিং** **36**

ডাটা বিশ্লেষণের ধাপসমূহ 36

ফলাফল রিপোর্ট করা 38

**৯. উৎসসমূহ** **39**

**১০. টুলসমূহ** **40**

এ.১ঃ ফ্রি লিস্টিং (Free Listing) 42

এ.২ঃ অংশগ্রহণমূলক র‍্যাঙ্কিং পদ্ধতি (PRM) 44

এ.৩ঃ কার্যক্রমের নকশা পরিকল্পনা 47

বি.১ঃ সমস্যা গাছ (প্রবলেম ট্রি) 50

বি.২ঃ অভিভাবক এবং কেয়ারগিভারদের জন্য ফোকাস গ্রুপ আলোচনা গাইড 52

বি.৩ঃ M&E ফ্রেমওয়ার্ক 55

সি.১ঃ অংশগ্রহণকারীর রেজিস্টার 57

সি.২ঃ উপস্থিতির রেজিস্টার 59

সি.৩ঃ পাঠ পরিকল্পনা 61

সি.৪ঃ সন্তুষ্টির সার্ভে 63

সি.৫ঃ ফ্যাসিলিটেটরের মূল্যায়ন 65

সি.৬ঃ বিশস্ততা তদারকি (ফিডালিটি ট্র্যাকার) 67

ডি.১ঃ মূল্যায়নের চেকলিস্ট 70

ডি.২ঃ বডি ম্যাপিং 72

ডি.৩ঃ কমিউনিটি ম্যাপিং 76

ডি.৪ঃ জ্ঞান, দৃষ্টিভঙ্গি এবং আচরণ পরিমাপের সার্ভে 79

ডি.৫ঃ সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিবর্তন পদ্ধতি 82

ই.১ঃ সম্মতির ফর্ম নির্মাতা 84

ই.২ঃ ডাটা বিশ্লেষণের পরিকল্পনা 88

ই.৩ঃ কিশোরীদের বিশ্লেষণ পরিচিতি 90

ই.৪ঃ কোডবুক টেমপ্লেট 91

# সংক্ষিপ্তরূপের টেবিল (Table of abbreviations)

| | |
|---|---|
| ASRH | Adolescent sexual and reproductive health |
| GBV | Gender-based violence |
| IAWG | Inter-Agency Working Group |
| M&E | Monitoring and evaluation |
| MSC | Most-significant-change |
| ODI | Overseas Development Institute |
| PRM | Participatory Ranking Methodology |
| SRH | Sexual and reproductive health |
| UNICEF | United Nations Children's Fund |
| WGSS | Women and girls' safe spaces |
| WHO | World Health Organization |
| WRC | Women's Refugee Commission |

দ্যা ওমেন্স রিফিউজি কমিশন (WRC) জনজীবনের উন্নতি করে এবং নারী, শিশু ও সঙ্কট ও সংঘাত দ্বারা বাস্তুহারা তরুণীদের অধিকার রক্ষা করে। আমরা তাদের প্রয়োজন নিয়ে গবেষণা করি, সমাধান চিহ্নিত করি এবং কর্মসূচী ও নীতিমালা গুলোকে সমর্থন করি যাতে স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তন এবং মানবিক অনুশীলন আরো শক্তিশালী হয়। আরো জানতে চাইলে, দেখুন womensrefugeecommission.org

ইউনাইটেড নেশনের শিশুদের ফান্ড (UNICEF) শিশুদের জীবন বাঁচাতে, তাদের অধিকার রক্ষা করতে, এবং শৈশব থেকে কৈশোরে যাওয়ার সময় তাদের সম্ভাবনাকে পরিপূর্ণ করতে ১৯০ টির বেশি দেশ ও এলাকায় কাজ করে। আরো জানতে চাইলে, দেখুন unicef.org

## একনলেজমেন্টস

এই টুলকিটটি তৈরি করা সম্ভব হয়েছিল ইউ.এস.।ডিপার্টমেন্ট অফ স্টেট ব্যুরো অফ পপুলেশন, রিফিউজি এন্ড মাইগ্রাশন এর তহবিল সহায়তার মাধ্যমে।

এই টুলকিটটির ধারনা দিয়েছেন ও লিখেছেন Julianne Deitch, সিনিওর অ্যাডভাইজ, অ্যাডোলেসেন্ট হেলথ এন্ড প্রোটেকশন, WRC. এটি রিভিউ করেছেন Janna Metzler (WRC), Diana Quick (WRC), Dorcas Erskine (UNICEF), Christine Heckman (UNICEF), Sunita Joergensen (UNICEF), and Catherine Poulton (UNICEF)।

প্রয়োগ এবং দেশভিত্তিক রিভিউয়ের নেতৃত্ব দিয়েছেন Julianne Deitch (WRC), Lily Jacobi (WRC), Rumana Akter (WRC), Gertrude Mubiru (ইউনিসেফ বাংলাদেশ), Dechol Ramazan (ইউনিসেফ ইরাক), এবং Zaman Ali Hassan (ইউনিসেফ লেবানন)।

বাস্তবায়নে অংশীদার বাংলাদেশের (একশনএইড, ব্র্যাক, কমিউনিটি পার্টনারস ইন্টারন্যাশনাল, ডেনিশ চার্চ এবং ইন্টারন্যাশনাল রেসকিউ কমিটি) ইরাকের (Terre des Hommes, PAO, DOSA Erbil, TGH, WRO, VOIP, IAA, G-DCVAW) এবং লেবাননের (Akkar নেটওয়ার্ক ফর ডেভেলপমেন্ট, KAFA, ইন্টারন্যাশনাল রেসকিউ কমিটি, YNCA, Amel, Terre des Hommes, ABAAD, Mouvement Social, LECORVAW) অসংখ্য ধন্যবাদ তাদের ইনপুট ও প্রতিক্রিয়ার জন্য।

## কন্টাক্ট

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে যোগাযোগ করুনঃ

Julianne Deitch, সিনিওর অ্যাডভাইজ, অ্যাডোলেসেন্ট হেলথ এন্ড প্রোটেকশন, WRC; JulianneD@wrcommission.org

Christine Heckman, স্পেশালিষ্ট, GBV ইন ইমারজেন্সিস, UNICEF; checkman@unicef.org

Sunita Joergensen, রিজিওনাল GBV স্পেশালিষ্ট, UNICEF; sjoergensen@unicef.org

কভার ফটোঃ একজন ফ্যাসিলিটেটর কক্সবাজারে কিশোরী মেয়েদের সাথে দেখা করছেন © WRC 2019

# ১. ভূমিকা

## এই টুলকিটটি কেন তৈরী করা হয়েছে?

কিশোরী মেয়েদের শারীরিক ও মানসিক সুস্বাস্থ্যের মূল হলো যৌন ও প্রজনন স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ও সেবা পাওয়া। জরুরি অবস্থা কিশোরীদের লিঙ্গ ভিত্তিক সহিংসতার ঝুঁকি বৃদ্ধি করে ও তাদেরকে স্বাস্থ্য ঝুঁকি বাড়িয়ে তোলে, শিক্ষিত হবার সুযোগ ধ্বংস করে এবং বাল্যবিবাহ ও অকালে গর্ভধারণসহ অন্যান্য মানবাধিকার লঙ্ঘনের দিকে ধাবিত করে।[১] গর্ভাবস্থা বিলম্বিকরণ, মেয়েদের যৌন সহিংসতা ও শোষণ হতে সুরক্ষিত থাকা, সম্মানের সাথে মাসিক সামলানো, মেয়েদের স্কুলে পড়া নিশ্চিত করে, সহকর্মী ও সমজাতীয় মানুষের সাথে সমন্বিত করে প্রয়োজনীয় দক্ষতা বৃদ্ধি করে, স্বাস্থ্যসম্মতভাবে ও ক্ষমতার সাথে যৌবনকে রূপান্তরিত করে। সেফ স্পেস কিশোরী মেয়েদের সুরক্ষা ও ক্ষমতায়নের একটি মূল কৌশল হিসেবে বিশদভাবে পরিচিত বিশেষভাবে তাদের কাছে যারা সংকটাপন্ন ও স্থানচ্যুত।[২,৩]

মানবিক সাহায্যের আবেদনের অংশ হিসেবে নারী ও কিশোরীদের সেফ স্পেসগুলোকে এমনভাবে স্থাপন করা হয় যেন সেখানে মেয়েরা শারীরিক ও মানসিকভাবে সুরক্ষিত বোধ করে এবং তা একটি সেবা ও সুবিধা সরবরাহের জায়গা হিসেবে পরিচিত হয়। WGSS এর মাধ্যমে যেসব মূল সেবাসমূহ এখানে দেওয়া হয় তার মধ্যে রয়েছেঃ

- লিঙ্গভিত্তিক সহিংসতার শিকার মানুষদের সাহায্য করা। (এর ভেতর রয়েছে কেস কর্মীরা, স্বাস্থ্যকর্মীরা, আইনজীবি, আইনী সমিতি ও পুলিশ)

- মনোসামাজিক ও বিনোদনমূলক কার্যক্রম। (যেমন - সেবা দানকারী গ্রুপের সেশন, একজনের সাথে একজনের পরামর্শ, বৃত্তিমূলক প্রশিক্ষণ, জীবনধারণের কর্মকান্ড।)

- তথ্য ও সচেতনতা বৃদ্ধি। (উদাহরণস্বরূপ, বিদ্যমান স্বাস্থ্য সম্পর্কিত সেবাসমূহ ও কিভাবে তা পাওয়া যায়, ঝুঁকি চিহ্নিতকরণ ও তা কমানোর উপায়, নারীর অধিকার ও জীবন সম্পর্কিত দক্ষতা।) এবং

- প্রচার ও প্রতিরোধ সম্পর্কিত কার্যক্রম। (সেফটি অডিট, সেফটি ম্যাপিং ও বাসস্থান পর্যবেক্ষণ।)

লিঙ্গ সমতা ও স্বাস্থ্যের উন্নয়ন প্রকাশিত হয় সেফ স্পেসে কিশোরীদের সাহায্য করার মাধ্যমে।[৪] একই সাথে প্রদর্শিত হয় দেরীতে বিয়ে এবং গর্ভনিরোধের ব্যবহার, প্রতিকারমূলক কার্যক্রমের মাধ্যমে মেয়েদের বিরুদ্ধে সহিংসতা কমানোর উদ্দেশ্যে যে কার্যক্রম সেফ স্পেসে পরিচালিত হয় তার সফলতা পরিলক্ষিত হয়েছে যখন একই সাথে SRH সম্পর্কিত তথ্য ও সেবা দেওয়া হয়।[৫]

এই টুলকিটটি তৈরী করা হয়েছে (লেবানন, ইরাক ও বাংলাদেশ) তিনটি মানবিক অবস্থা মূল্যায়ন ও পরীক্ষা করে তার থেকে শিক্ষা ও অভিজ্ঞতা নিয়ে। প্রোগ্রামের কর্মকাণ্ড পর্যবেক্ষণ করে এবং কিশোরী মেয়ে, তাদের অভিভাবক, সেবা প্রদানকারী ও অন্যান্য মূল ব্যক্তিবর্গের সাথে আলোচনা করে এটিই প্রমাণিত হয়েছে যে, WGSS কিশোরীদের মূল্যবান SRH সম্পর্কিত তথ্য নেওয়ার জন্য আদর্শ স্থান। যখন এটা দেখা হল যে, SRH সম্পর্কিত তথ্য প্রায়ই WGSS ভাগাভাগি করা হয় তখন কিশোরী মেয়েদের জন্য কার্যক্রমের SRH উপাদানগুলো মূল্যায়নের মানসম্মত ব্যবস্থা ছিল না। এই দলিলটি WGSS এ পরিচালিত যৌন ও প্রজনন স্বাস্থ্যের কার্যক্রমের পর্যবেক্ষণ ও মূল্যায়ন টুল ও গাইড দিয়ে এই শূণ্যস্থান পূরণের চেষ্টা করবে।

১ UNFPA and Save the Children USA, *Adolescent Sexual and Reproductive Health Toolkit for Humanitarian Settings: A Companion to the Inter-Agency Field Manual on Reproductive Health in Humanitarian Settings* (September 2009).
২ K.G. Santhya and S.J. Jejeebhoy, "Sexual and reproductive health and rights of adolescent girls: Evidence from low- and middle-income countries," *Global Public Health* 10, no. 2 (2015): pp. 189–221.
৩ J. Svanemyr et al., "Creating an enabling environment for adolescent sexual and reproductive health: A framework and promising approaches," *The Journal of Adolescent Health: Official Publication of the Society for Adolescent Health and Medicine* 56, no. 1 Suppl (January 2015): pp. S7–14.
৪ G. Medhin and A. Erulkar, "Evaluation of a safe spaces program for girls in Ethiopia," *Girlhood Studies* 10, no. 1 (2017): pp. 107–125.
৫ K.G. Santhya and S.J. Jejeebhoy, "Sexual and reproductive health and rights of adolescent girls: Evidence from low- and middle-income countries," *Global Public Health* 10, no. 2 (2015): pp. 189–221.

## এই টুলকিটটি কার জন্য তৈরী করা হয়েছে?

এটি অনুশীলনকারীদের (প্রাকটিশনার) জন্য তৈরী করা হয়েছে যারা সেফ স্পেসে কিশোরী মেয়েদের সাথে কাজ করে। এটি কার্যক্রমের যে কোন পর্যায়ে ব্যবহার করা যাবে কিন্তু আদর্শভাবে WGSS - এ কার্যক্রম শুরুর আগে প্রোগ্রাম ডিজাইন করার সময় এটি ব্যবহার করা উচিত। এই টুলকিটটি WGSS - এ অংশ নেওয়া কিশোরী মেয়েদের উপর নিবদ্ধ করা হয়েছে। এটির গাইডের মূলনীতি সেফ স্পেসে আসা কম বয়সী মেয়ে ও তার বাইরেও কম বয়সিদের লক্ষ্য করে অন্যান্য কার্যক্রমের ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে।

## এই টুলকিটে কি কি অন্তর্ভুক্ত করা হয়েছে?

এই টুলকিটটি WGSS - এ প্রদান করা ASRH কার্যক্রম কে পর্যবেক্ষণ ও মূল্যায়ণের ব্যবস্থা তৈরীর গাইড প্রদান করে। এখানে যে পদ্ধতি দেখানো হয়েছে তা গাইড করে কিভাবে কিশোরী মেয়েরা স্বতস্ফুর্তভাবে এই ডিজাইনের সকল দিকে অংশগ্রহণ করতে পারে।(ছক 'এ-১' দেখুন)। প্রত্যেক ধাপের জন্য টুল দ্বারা সমর্থিত গাইড ব্যবহার করা হয় শক্তিশালী M & E ব্যবস্থা নিশ্চিত করার জন্য।

### বক্স ১. সেফ স্পেসে কিশোরী মেয়েদের যৌন ও প্রজনন স্বাস্থ্যের SRH কার্যক্রম প্রয়োগের জন্য কি প্রয়োজন?

কিশোরী মেয়েদের SRH তথ্য ও সেবা প্রদান একটি মৌলিক অধিকার যেটি মেয়েদের ও তাদের সম্প্রদায়ের জন্য সুদূরপ্রসারী ভূমিকা রাখতে পারে। যাইহোক, SRH কার্যক্রম চালু করার জন্য সেফ স্পেসের প্রয়োগ ক্ষমতা বিবেচনায় রেখে সাবধানতার সাথে পরিকল্পনা করা প্রয়োজন। নিম্নোক্ত প্রশ্নের "হ্যাঁ" বোধক উত্তর নির্দেশ করে ASRH কার্যক্রম প্রয়োগের জন্য সাধারণ ব্যবস্থা জায়গা মত রয়েছেঃ

- সেফ স্পেস কি এমনভাবে তৈরী করা হয়েছে যে এর ভেতর মেয়েরা নিজেদের সুরক্ষিত মনে করে? (উদাহরণঃ মেয়েরা কি সেফ স্পেসের বাইরের লোকদের দ্বারা দেখা বা শুনে যাওয়ার ভয় ছাড়াই কার্যক্রমে অংশ নিতে পারে?)
- আপনি কি কিশোরী মেয়েদের এমন সুবিধা দেন যা শুধু তাদের নিজেদের প্রাসঙ্গিক বিষয়গুলো আলোচনার সুযোগ দেয়?
- আপনি কি কার্যক্রমের সময় নারী ও কিশোরীদের আলাদা করতে পারেন? (উদাহরণঃ মেয়েদের জন্য আলাদা জায়গা আছে কি?)
- মেয়েদের জন্য এই সেশনগুলির সুবিধার্থে আপনার কি পর্যাপ্ত মহিলা কর্মী রয়েছে?
- আপনি কি কিশোরী মেয়েদের জন্য বরাদ্দকৃত সপ্তাহে একদিন বা আধা দিন প্রদান করতে সক্ষম হন?
- SRH কার্যক্রমকে সাহায্য করার জন্য সব নারী সম্বলিত দল কি রয়েছে? (উদাহরণ-সামাজিক কর্মী, ফ্যাসিলিটেটর, প্রচার কর্মী,পর্যবেক্ষণ ও মূল্যায়ন অফিসার?)
- কিশোরী সুলভ সেবা ও কাউন্সেলিং টেকনিক সম্পর্কে স্টাফরা প্রশিক্ষিত কিনা?

## বক্স ২. নারী ও মেয়েদের সেফ স্পেস (WGSS) এর মূল দিকনির্দেশনাঃ

- *নেতৃত্ব নারী ও মেয়েদের ক্ষমতায়নঃ* সেফ স্পেসের প্রাসঙ্গিকতা ও অধিকার নিশ্চিত করার জন্য প্রজেক্টের পরিকল্পনা, প্রয়োগ এবং পর্যবেক্ষণ ও মূল্যায়নে নারী ও মেয়েদের অন্তর্ভুক্ত করা হয়।
- *ক্লায়েন্ট (মক্কেল)/সহিংসতার শিকার মানুষ কেন্দ্রিকঃ* সেফ স্পেস সকল নারী ও মেয়েদের জন্য উন্মুক্ত থাকা উচিত, একই সাথে তাদের ইচ্ছা, পছন্দ, অধিকার ও মর্যাদাকে সম্মান করা উচিত। সেফ স্পেসে নিরাপত্তা ও গোপনীয়তাকে অগ্রাধিকার দেওয়া উচিত।
- *নিরাপদ ও প্রবেশযোগ্যঃ* নিরাপত্তা ও গোপনীয়তা বজায় রেখে সেফ স্পেস এমন স্থানে হতে হবে যেটি নারী ও মেয়েদের জন্য সহজে প্রবেশযোগ্য।
- *সমাজের সংশ্লিষ্টতাঃ* সেফ স্পেসকে অবশ্যই স্বামী, অভিভাবক এবং সমাজের নেতার দৃষ্টিভঙ্গিকে বুঝতে হবে এবং অবশ্যই সমাজের সমর্থন একত্রিত করতে হবে যাতে নারী ও মেয়েরা নিরাপদভাবে সকল কার্যক্রমে অংশ নিতে পারে।
- *সমন্বিত ও বিভিন্ন ক্ষেত্রবিশেষঃ* কর্মকান্ড ও সেবাসমূহকে নারী ও মেয়েদের বিভিন্ন প্রয়োজন ও অভিজ্ঞতার সাথে সমন্বিত করতে হবে এবং সেভাবে সেবা প্রদান করা উচিত হবে যা তাদের জীবনযাত্রাকে সমর্থন করে, একই সাথে যোগ করে লিঙ্গ ভিত্তিক সহিংসতার প্রতিরোধ ও প্রতিউত্তর।
- *উপযোগীতাঃ* সেফ স্পেসে তাদের কাঠামোবদ্ধ কর্মকাণ্ড আর তাদের সার্ভিস এবং সামাজিকতার সময়, তাদের সংস্কৃতি এবং বয়সের সাথে সামঞ্জস্য হয় এমন কার্যকলাপ এবং তাদের সান্নিধ্যে যাওয়ার মধ্যে ভারসাম্য বজায় রাখা উচিত। তাদের প্রতিবন্ধী মহিলা ও মেয়েদের বিশেষ চাহিদা বিবেচনা করা উচিত।

*উৎসঃ* United Nations Populations Fund, *Women & Girls Safe Spaces: A Guidance Note based on Lessons Learned from the Syria Crisis*, 2015. পাওয়া যাবেঃ https://www.unfpa.org/resources/women-girls-safe-spaces-guidance-note-based-lessons-learned-syrian-crisis

## ছক ১. পর্যবেক্ষণ ও মূল্যায়ন টুলকিটের ওভারভিউ

| | |
|---|---|
| পর্যবেক্ষণ ও মূল্যায়নের মূলনীতি বুঝা | প্রযুক্তিগত সংজ্ঞা এবং পর্যবেক্ষণ ও মূল্যায়নের সাধারণ পদ্ধতি |
| কিশোরী ও মেয়েদের দ্বারা পরিচালিত পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি | অংশগ্রহণমূলক পর্যবেক্ষণ ও মূল্যায়নের প্রয়োজনীয়তা<br>কিভাবে নিড আসেসমেন্ট পরিচালনা করতে হয় |
| একটি মানসম্মত পর্যবেক্ষণ ব্যবস্থা তৈরি করা | পর্যবেক্ষণ ব্যবস্থার উপাদানসমূহ<br>মূল্যায়ন জানানোর জন্য পর্যবেক্ষণ ব্যবহার করা |
| মূল্যায়ন পদ্ধতি ডিজাইন করা | বিভিন্ন রকমের মূল্যায়ন<br>কিভাবে মূল্যায়নের পরিকল্পনা করতে হয় |
| মূল্যায়ন পদ্ধতি ডিজাইন করা | কি পরিমাপ করা হবে এবং কিভাবে পরিমাপ করা হবে সেই সিদ্ধান্ত গ্রহন |
| তথ্য সংগ্রহ | কি ধরনের তথ্য সংগ্রহ করতে হবে এবং কিভাবে সংগ্রহ করতে হবে |
| তথ্য বিশ্লেষণ ও ফলাফল রিপোর্ট করা | মূল্যায়নের ফলাফল প্রোগ্রাম কে জানানো |

কর্মসূচী ডিজাইন, নিরীক্ষণ এবং মূল্যায়নে কিশোরী মেয়েদের সম্পৃক্ত করা

# ২. পর্যবেক্ষণ এবং মূল্যায়ন এর নীতি (Principles of M&E)

**নোটঃ** অধ্যায়টি পর্যবেক্ষণ ও মূল্যায়ন এর উপর একটি ওভারভিউ দেয়। কর্মসূচির স্টাফ যারা মূল্যায়ন ও পর্যবেক্ষণ এর আগে কখনো প্রশিক্ষণ পায়নি তাদের এখানে দেয়া নীতিমালা এবং পরিভাষা শিখতে সময় লাগবে। কর্মসূচি স্টাফ যাদের প্রাথমিক কাজ হচ্ছে মূল্যায়ন এবং পর্যবেক্ষণ করা তাদের কাছে এইসব তথ্যগুলি অনেক পরিচিত মনে হবে। সাধারণত মূল্যায়ন ও পর্যবেক্ষণ স্টাফরা ফিল্ড স্টাফদের সাহায্য করবে এসব নীতিমালা বুঝতে এবং এসব নীতিমালাকে সেফ স্পেসে চলমান কাজের সাথে সংযুক্ত করতে।

## পর্যবেক্ষণ এবং মূল্যায়ন কাকে বলে?

প্রাত্যহিক M&E প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে যাতে প্রোগ্রাম এর মান বিচার করা যায় এবং সুপারিশ করা যায় বিস্তৃত প্রভাবের জন্য কিভাবে সর্বোত্তমভাবে প্রোগ্রামের উন্নতি ঘটানো যায়। *পর্যবেক্ষণ* বলতে বুঝায় কার্যক্রম সংক্রান্ত তথ্য নিয়মিত সংগ্রহ করা এবং সেই তথ্যকে বিশ্লেষণ করে কার্যক্রমটির কার্যক্ষমতা পরিমাপ করা। কার্যক্রমটির মাধ্যমে কাঙ্ক্ষিত পরিবর্তন গুলো অর্জন করা সম্ভব হয়েছে কিনা তা বিচার করার পদ্ধতিই হল *মূল্যায়ন*। একটি ভাল পর্যবেক্ষণ পদ্ধতি মূল্যায়নের সহায়ক, কিন্তু অতিরিক্ত তথ্য সংগ্রহ করাটাও সাধারনভাবে প্রয়োজন। দ্রুততার সাথে পর্যবেক্ষণ ও মূল্যায়ন এর সিদ্ধান্ত গ্রহন করা বাঞ্ছনীয়, আদর্শ হলো কার্যক্রমের মধ্যবর্তী সময়ে করা।

## পর্যবেক্ষণ এবং মূল্যায়ন কেন করা হয়?

একটি কাজের ফলাফল দেখার অনেক সুবিধা রয়েছে। কিভাবে আমাদের কার্যক্রমটি চলছে এবং কি করলে কার্যক্রমের ভিন্ন ভিন্ন দিক গুলোকে আরো শক্তিশালী করা যায়, একটি মজবুত পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি সেটি তুলে ধরে। পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির ফলাফল; কোন পদক্ষেপটি কাজ করে আর কোন পদক্ষেপটি কাজ করে না সেটি সম্পর্কেও আর বিশদভাবে বিশ্বের সামনে প্রমাণ রাখে এবং অন্যত্র অনুরূপ তথ্য প্রদান করে। পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি তহবিল সংগ্রহের ক্ষেত্রে সাহায্য করে, যেহেতু দাতারা কার্যক্রমের প্রমানিত কার্যক্ষমতা দেখে নতুনভাবে বা পুনরায় দানের ব্যাপারে উৎসাহিত হন। সর্বোপরি, পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি সম্ভাবনা সৃষ্টি করে।

আমরা নিম্নোক্ত প্রশ্ন সমুহের উত্তরদানের মাধ্যমে পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি তৈরি করতে পারিঃ

- এই কার্যক্রমটি কি পরিবর্তন সাধন করতে চায়?
- কিভাবে সেই কার্যক্রমটি কাঙ্ক্ষিত পরিবর্তন অর্জন করতে চায়?
- এইসব পরিবর্তনের নির্দিষ্ট উদ্দেশ্য কি?
- আমরা কিভাবে এইসব উদ্দেশ্য গুলো পরিমাপ করবো?
- কিভাবে তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণ করা হবে?
- আমরা যা শিখবো তা কিভাবে এই কার্যক্রমের সহায়তা করবে?

## পরিবর্তনের তত্ত্ব

এইসব প্রশ্নের উত্তর দেওয়ার জন্য, *পরিবর্তনের তত্ত্ব* কি তা থেকে আমরা শুরু করবো। পরিবর্তনের তত্ত্ব ব্যাখ্যা করে একটি কার্য পদ্ধতি কিভাবে ফলাফল বয়ে আনে এবং কাঙ্ক্ষিত ফল অর্জনে সহায়তা করে। এটা আমাদের কার্যক্রমের কাঙ্ক্ষিত ফলাফল ধারণা করতে সাহায্য করে,লক্ষ্য অর্জনের প্রয়োজনীয় পদ্ধতি নির্ধারণ করতে সহয়তা করে এবং কার্যক্রম সফল হচ্ছে কিনা তার মাপকাঠি তৈরি করে। যদিও কার্যক্রমটি সাজানোর আগে পরিবর্তনের তত্ত্বকে কঠিন বা অকার্যকর মনে হতে পারে, কিন্তু এটি আমাদের কার্যক্রমে কোন কোন বিষয় সমূহ অন্তর্ভুক্ত করা হবে তা নির্ধারণ করতে, কার্যক্রমের সময়সীমা নির্ধারণ করতে এবং কোন ধরনের তথ্য আমাদের প্রতিনিয়ত সংগ্রহ করতে হবে তা নির্ধারণ করতে সহায়তা করে।

পাঁচটি মূল বিষয়ের মাধ্যমে পরিবর্তনের তত্ত্বকে অনুধাবন করা যায়ঃ

- *কাঙ্ক্ষিত ফলাফলঃ* আমাদের নির্ধারিত কাজের অঞ্চলে স্বাস্থ্যের যে মুখ্য পরিবর্তন আমরা দেখতে চাই, যে চূড়ান্ত উদ্দেশে ASRH কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।
- *আউটকামঃ* আমরা আমাদের ASRH কার্যক্রমের মাধ্যমে জ্ঞান ও আচরণের যে পরিবর্তন আশা করছি।
- *আউটপুটঃ* কাঙ্ক্ষিত ফল লাভের জন্য যে সকল সেবা ও পণ্য সঠিক জায়গায় থাকা প্রয়োজন।
- *কাজঃ* আউটপুট লাভের জন্য যে প্রযুক্তিগত ও সমর্থনমুলক সাহায্য প্রয়োজন।
- *ইনপুটঃ* কাজ কে সহায়তার জন্য যে জিনিসপত্র/সমর্থন প্রয়োজন।

আমরা যখন আমাদের পরিবর্তনের তত্ত্বের ব্যাপারে ভাবি, আমরা কাজ করি পেছন থেকে, শুরু করি কাঙ্ক্ষিত ফলাফল হতে এবং এটি অর্জনের প্রয়োজনীয় ধাপের ব্যাপারে চিন্তা করি।

প্রতিটি ধাপের মাধ্যমে আমরা যেটা অর্জনের ইচ্ছা রাখি এই পদ্ধতি আমাদের সেটা চিন্তা করতে সাহায্য করে এবং হোক বা নাই হোক এটি একটি যুক্তিযুক্ত অনুমান যে প্রতিটা ধাপের ফলাফল পরের ধাপ হবে কিনা। আমাদের পরিবর্তনের তত্ত্বকে গঠন করতে এটি নিম্নোক্তভাবে সাহায্যকারী হবেঃ *"ইনপুটস* এবং *একটিভিটিস* এর এই সেটটি পরে *আউটপুট* বা সেবার ফলাফল স্বরূপ আসবে, যেটি জনগনের এই পরিবর্তনের পথকে সুগম করে দেবে অর্থাৎ কাঙ্ক্ষিত *ফলাফলেও* এটি অবদান রাখবে!"

কিশোরীদের SRH কার্যক্রমের একটি পরিবর্তনের তত্ত্ব এমন হতে পারে যে, SRH সম্পর্কিত বিষয়গুলোর উপর সেফ স্পেসে কিশোরীদের সাপ্তাহিক অধিবেশন এবং কিশোরীদের উপযোগী SRH সার্ভিস রেফার করা হবে। এই কাজটির ফলাফল হিসেবে SRH তথ্য সার্ভিসের সেশনে আসা কিশোরীদের সংখ্যা অনেক বেড়ে যাবে, এবং এটি কিশোরীদের মধ্যে SRH সম্পর্কিত জ্ঞান, আচার আচরন এবং ব্যবহারের পরিবর্তনগুলোর পথ আরো সুগম করে দেবে। এই পরিবর্তনগুলো ASRH ক্যাম্পের উন্নতিতে সুদূরপ্রসারী ভূমিকা রাখবে।

আমরা সফলভাবে কার্যক্রমের নকশা স্থাপন, বাস্তবায়ন, নিরীক্ষণ এবং মূল্যায়ন করার জন্য এই নির্দেশিকাটি পরে দেখতে পাব, পরিবর্তনের তত্ত্বের প্রতিটি পর্যায়ে স্পষ্টভাবে সংজ্ঞায়িত হওয়া উচিত। অন্য কথায়, আমরা অবশ্যই উল্লেখ করবো ASRH কে উন্নত করা বলতে কি বোঝায় যায়, আমরা কী ধরণের জ্ঞান, মনোভাব এবং আচরণ পরিবর্তন করতে চাই এবং কার্যক্রমের ধাপগুলি কীভাবে কার্যকর হবে তা। আমরা এটাও ঠিক করবো যে কিভাবে এই পদক্ষেপগুলির প্রতিটি মাপা হবে এবং আমরা কীভাবে সংগৃহীত তথ্যগুলো কিশোরীদের ভাল সেবা প্রদানের জন্য ব্যবহার করতে পারি।

পরবর্তী অধ্যায় বিস্তারিত ব্যাখ্যা করবে পরিবর্তন তত্ত্বের প্রতিটি পর্যায়ে আমরা কী সম্পন্ন করতে চাই তা কীভাবে নির্ধারণ করা যায়, এই উদ্দেশ্যগুলি কীভাবে পরিমাপ করা যায় এবং কার্যক্রমকে উন্নত করার জন্য সংগৃহীত তথ্য কীভাবে ব্যবহার করা যায়।

### ছক ২. পরিবর্তন তত্তের প্রণালী

| ইনপুট | কাজ | আউটপুট | আউটকাম | কাঙ্ক্ষিত ফলাফল |
|---|---|---|---|---|
| কাজ কে সহায়তার জন্য যে জিনিসপত্র/সমর্থন প্রয়োজন। | আউটপুট লাভের জন্য যে প্রযুক্তিগত ও সমর্থনমুলক সাহায্য প্রয়োজন। | কাঙ্ক্ষিত ফল লাভের জন্য যে সকল  সেবা ও পণ্য সঠিক জায়গায় থাকা প্রয়োজন। | আমরা আমাদের ASRH কার্যক্রমের মাধ্যমে জ্ঞান ও আচরণের যে পরিবর্তন আশা করছি। | আমাদের নির্ধারিত কাজের অঞ্চলে স্বাস্থ্যের যে মুখ্য পরিবর্তন আমরা দেখতে চাই, যে চূড়ান্ত উদ্দেশে ASRH কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। |

নকশা

# ৩. কিশোরী সুলভ পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি প্রস্তুতকরন

**নোটঃ** ফিল্ড স্টাফ এবং M&E স্টাফ দুজনের জন্যই অংশগ্রহণমূলক কর্মসূচি অথবা অংশগ্রহণমূলক M&E পরিচিত হতে পারে। কিন্তু M&E প্রক্রিয়া সত্যিকার অর্থে অংশগ্রহণমূলক নিশ্চিত করা কঠিন হতে পারে এবং কোন একটি প্রসঙ্গে কিভাবে সবচেয়ে ভালোভাবে সম্পন্ন করা যায় তার জন্য দরকার হতে পারে কিছু ট্রায়েল এবং এরর। অংশগ্রহণমূলক M&E এর সম্ভাব্য সুবিধা সম্পর্কে সচেতনতা সৃষ্টি করার মাধ্যমে সেফ স্পেস গুলো অংশগ্রহণের সংস্কৃতি অবলম্বন করা শুরু করতে পারে এবং তারা ছোট ছোট পরিবর্তন আনা শুরু করতে পারে এটা নিশ্চিত করার জন্য যে কিশোরী মেয়েরা কার্যক্রমের ডিজাইন, বাস্তবায়ন, পর্যবেক্ষণ এবং মূল্যায়নের সাথে সম্পৃক্ত থাকবে।

## অংশগ্রহণমূলক পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির প্রয়োজনীয়তা

কার্যক্রমের ডিজাইন, প্রয়োগ, পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতিতে কিশোরীদের জড়িত করা, শিশুদের মৌলিক অধিকার প্রচলনের প্রতিফলন।[৬] তাদের জড়িত থাকাটা শুধুমাত্র একটি মেয়ের প্রয়োজনে ভালোভাবে সাড়া দিতে সাহায্যই করে না, এটা মেয়েদেরকে পরিবর্তনের ব্যাপারে সাহায্য করার ক্ষমতা দেয়। নিজস্ব পরিস্থিতি এবং প্রয়োজনে কিভাবে সাড়া দেয়া সবচেয়ে ভালো তা চিহ্নিত করার বিশেষ সক্ষমতা কিশোরদের থাকে। নিজেদের প্রয়োজন ব্যক্ত করা ও পরিচয় গড়ে তোলার ক্ষেত্রে সাহায্য করার জন্য কিশোরীদেরকে নিরাপদ এবং উৎপাদনমূলক সুযোগ প্রদান করলে এটি তাদের অনিরাপদ ও ঝুঁকিপূর্ণ আচরণকে থামাতে সাহায্য করে; পাশাপাশি তাদের চারপাশ সম্পর্কে সচেতন হওয়ার দক্ষতা বৃদ্ধি ও নেতৃত্ব প্রদানের দক্ষতা বৃদ্ধিতে উৎসাহ দেয়।[৭]

অংশগ্রহণমূলক পদ্ধতির ভিন্নমুখী সুবিধা রয়েছে, কিন্তু শুধু তখনি যখন অংশগ্রহণ নৈতিক, সাদ্ধের মধ্যে এবং প্রয়োজনীয়। অংশগ্রহণমূলক পদ্ধতির সুবিধাগুলো যান্ত্রিক বা গ্যারান্টি যুক্ত নয়। অংশগ্রহণ একটি কাজের জন্য হবে না, এর পরিবর্তে এটাকে এভাবে ধরে নেয়া হবে যে এটি যেন কার্যক্রমের ডিজাইন, পর্যবেক্ষণ ও মূল্যায়নের পদ্ধতি। অংশগ্রহণমূলক পদ্ধতিতে কিশোরীদের সক্ষমতা বৃদ্ধির উপাদান যুক্ত থাকতে হবে যা তাদের দক্ষতা বৃদ্ধি করবে, একই সাথে প্রোগ্রামে বিশেষভাবে অবদান রাখার অধিকারী হিসেবে অনুভব করাবে।

এই অধ্যায় সাধারণভাবে দেখাবে কিভাবে কিশোরীদের তাৎপর্যপূর্ণভাবে অংশগ্রহণ করাতে হয়। এই টুলকিটের প্রতিটি অধ্যায়ে ডিজাইন, পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির নির্দিষ্ট পর্যায়ে কিশোরীদের অংশগ্রহণের ব্যাপারে আরো বিস্তারিত নির্দেশনা আছে।

সর্বনিম্ন হলেও, সকল ARSH কার্যক্রমে অন্ততপক্ষে নিম্নোক্ত বৈশিষ্ট্য গুলো থাকতে হবেঃ

- কিশোরীরা ঠিক করবে কোন বিষয়গুলো তারা SRH কার্যক্রমে অন্তর্ভুক্ত করতে চায়
- কার্যক্রমের অবজেক্টিভ ও সঠিক নির্দেশনা কিশোরীরা নির্ধারণ করবে
- কিশোরীরা কার্যক্রম সম্পর্কে তাদের মন্তব্য প্রকাশ করবে
- পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির ফলাফল এবং ভবিষ্যতের একই ধরনের কার্যক্রমে তা প্রয়োগের ব্যাপারে কিশোরীরা মন্তব্য দেবে।

৬ United Nations General Assembly, *Convention on the Rights of the Child*, 20 November 1989, United Nations, Treaty Series, vol. 1577, p. 3.
৭ E.J. Ozer and A.A. Piatt. "Adolescent participation in research: Innovation, rationale and next steps," *Innocenti Research Brief, 2017–07, Methods: Conducting Research with Adolescents in Low- and Middle-Income Countries*, no. 5, UNICEF Office of Research (2017).

মেয়েদেরকে সংক্ষিপ্ত পরিসরে নিযুক্ত করার বাইরেও, আমরা চাই যে কিশোরীদের কার্যক্রমের মাধ্যমে আলোচনা ও অংশগ্রহণ নিশ্চিত করে প্রোগ্রাম ডিজাইন, বাস্তবায়ন, পর্যবেক্ষণ ও মূল্যায়নের ব্যাপারে দক্ষতা তৈরির সুযোগ দেয়া হোক। পর্যবেক্ষণ ও মূল্যায়ন বলতে কি বুঝায় এবং উল্লেখিত কার্যক্রমে এটি কেন করা হয়েছে তা সকল অংশগ্রহণকারীদের জানাতে হবে।অংশগ্রহণকারীদের মধ্যে যারা আরো সক্রিয়ভাবে অংশ গ্রহনে ইচ্ছুক তারা কিশোরী পর্যবেক্ষণ ও মূল্যায়ন টিমের অংশ হতে পারবে; যাদের কার্যক্রমের বিভিন্ন ধাপে আরো বাস্তবসম্মত কাজ ও দায়িত্ব দেয়া যেতে পারে। কিশোরীদের পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতিতে যুক্ত করার জন্য প্রয়োজনীয় ধাপসমূহ ৩ নং বক্সে দেয়া হল।

## অংশগ্রহণমূলক পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির নীতিসমূহ

নৈতিক মান পর্যবেক্ষণ করা জরুরি যখন কিশোরীরা প্রোগ্রাম ডিজাইনিং, পর্যবেক্ষণ ও মূল্যায়নে অংশ নিচ্ছেন। এটি সে ক্ষেত্রে বেশি প্রযোজ্য যখন সেফ স্পেসে ঝুঁকিপূর্ণ কিশোরীদের সাথে কাজ করা হবে। পর্যবেক্ষণ ও মূল্যায়ন চক্রে কিশোরীদের অংশগ্রহণের প্রতিটি ধাপে নিচের নৈতিক নিয়মগুলো পালন করতে হবেঃ[৮]

- সকল অংশগ্রহণকারীকে তাদের অংশগ্রহণের ব্যাপারে পরিষ্কার ধারণা দিতে হবে। এটা নিশ্চিত করুন আপনি অসম্ভব কল্পনা করবেন না এবং সম্ভাব্য ঝুঁকির ব্যাপারে সর্বদা সতর্ক থাকবেন।
- কার্যক্রমটির কারণটি পরিষ্কার করতে হবে এবং খরচ, ক্ষতি কিংবা সুবিধার নিমিত্তে অংশগ্রহণের প্রভাব জানাতে হবে।
- অংশগ্রহণকারীদের অংশগ্রহণ যেন অংশগ্রহণকারীদের কিছু উপায়ে সুবিধা দেয়; হয় তথ্য ও সেবা সরবরাহ করে অথবা দক্ষতা বৃদ্ধি করে যে ভবিষ্যতে সাহায্য করবে।
- অংশগ্রহণের জন্য চুক্তি সংগ্রহ করুন এবং নিশ্চিত করুন যে, সম্পূর্ণ তথ্যের ভিত্তিতে চুক্তির শর্তাবলী সবাই বুঝতে পারবেন, সাথে যেন চুক্তি যে কোন সময়ে প্রত্যাহার করতে সক্ষম হন।
- এটা নিশ্চিত করুন যে অংশগ্রহণকারীদের অংশগ্রহণ যেন তাদের প্রতি শোষণ বা অন্যায় কে নতুন করে চালু না করে।
- যারা সবচেয়ে ঝুঁকিপূর্ণ তাদের জন্য অতিরিক্ত সাবধানতা অবলম্বন করুন।
- যেসব প্রাপ্তবয়স্ক ব্যক্তি কিশোরীদের সাথে কাজ করছে তাদের সঠিক দক্ষতা রয়েছে এবং তাদের যেন পর্যাপ্তভাবে তদারকি করা হয় তা নিশ্চিত করুন।

কিশোর-কিশোরীদের কাছ থেকে তথ্য বা তথ্য সংগ্রহ করা হলে অতিরিক্ত নৈতিক বিবেচনার ব্যবস্থা করতে হবে। এটি অধ্যায় ৭- এ আরো বিস্তারিতভাবে আলোচিত রয়েছে।

নৈতিক বিবেচনার পাশাপাশি পর্যবেক্ষণ ও মূল্যায়ন প্রক্রিয়ায় কিশোরীদের যুক্ত করে অর্থবহ নির্দিষ্ট নিয়মের সাহায্যে পরিচালনা করতে হবে। টেবিল – ১; কিশোরীদের পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির মূলনীতি এবং প্রত্যেক মূলনীতিতে কি কি প্রশ্ন বিবেচনা করা হবে তার আউট লাইন।

পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি তে অংশগ্রহণকারী কিশোরীদের নিযুক্ত করার পূর্বে প্রশ্ন গুলো আলোচনা করতে হবে, এবং কার্যক্রমের মাঝে বারবার রিভিশন দেওয়া হবে এটা নিশ্চিত করার জন্য যে পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি টি অর্থপূর্ণ এবং সত্যিই কিশোরীদের দ্বারা পরিচালিত।

৮ I. Guijt. "Participatory Approaches," *Methodological Briefs: Impact Evaluation* No. 5, UNICEF Office of Research, Florence (2014)

## টেবিল ১. কিশোরী-চালিত পর্যবেক্ষণ ও মূল্যায়নের -এর মূলনীতি[৯,১০]

| অংশগ্রহণ হবে... | প্রশ্ন |
|---|---|
| **স্বচ্ছ ও তথ্যবহুল** | • কিশোরী এমঙ্ই ফোকাল পয়েন্টরা কি এই প্রকল্প সম্পর্কে যথেষ্ট তথ্য আছে কি না এবং তারা কিভাবে অংশগ্রহণ করতে পারে সে বিষয়ে পরিপূর্ণ সিদ্ধান্ত নিতে সক্ষম?<br>• তথ্যাদি যে ভাষায় পরিবেশন করা হচ্ছে তারা কি তা বুঝতে সক্ষম?<br>• তাদেরকে কি নিয়ম এবং দায়িত্ব সম্পর্কে স্পষ্টভাবে বিশ্লেষণ করা হয়েছে এবং সেগুলো কি তাদের জন্য বোধগম্য? |
| **স্বতঃস্ফূর্ত** | • কিশোরী এমঙ্ই ফোকাল পয়েন্টগুলো কি তারা অংশগ্রহণ করতে ইচ্ছুক কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নিতে যথেষ্ট তথ্য এবং সময় দেওয়া হয়েছে?<br>• ফোকাল পয়েন্টগুলো কি কোন সময় অংশগ্রহণ করা বন্ধ করতে পারে কোন প্রকার নেতিবাচক পরিণতির শিকার না হয়ে? |
| **শ্রদ্ধাশীল** | • কিশোরী এম & ই ফোকাল পয়েন্টের সাথে কাজ করার উপায় কি স্থানীয় সংস্কৃতিচর্চার উপর বিবেচনা করা এবং নির্মাণ করা?<br>• প্রাপ্তবয়স্কদের থেকে ফোকাল পয়েন্টসদের অংশগ্রহণকারীদের প্রতি যথার্থ সম্মান আছে কি? |
| **প্রাসঙ্গিক** | • যে বিষয়গুলো নিয়ে আলোচনা ও উল্লেখ করা হচ্ছে সেগুলো কী অংশগ্রহণকারীদের জীবনের সাথে বাস্তব প্রাসঙ্গিকতা আছে?<br>• কিশোরী এমঙ্ই ফোকাল পয়েন্টরা কি তাদের সাথে প্রাসঙ্গিক নয় এধরনের নির্ধারিত কাযে অংশগ্রহণের জন্য প্রাপ্তবয়স্কদের কাছ থেকে কোজপ্রকার চাপ অনুভব করছে? |
| **কিশোর-কিশোরী বান্ধব** | • স্টাফ বা সংশ্লিষ্ট কর্মীরা কি কিশোরী-বান্ধব পন্থা এবং পদ্ধতি প্রশিক্ষণ প্রাপ্ত?<br>• কাজ করার পন্থা কি বিভিন্ন বয়স ও ক্ষমতার কিশোর-কিশোরীদের মধ্যে আত্মবিশ্বাস গড়ে তুলবে?<br>• সভার জন্যে কি কিশোরী-বান্ধব জায়গা ব্যবহৃত হয়? এই ধরনের জায়গা কি সব বয়সের কিশোরী ও প্রতিবন্ধীদের জন্য অংশগ্রহণযোগ্য? |
| **অন্তর্ভুক্তিমূলক** | • বিভিন্ন বয়সের ও অবস্থানের কিশোরীদের কি কিশোরী এমঙ্ই ফোকাল পয়েন্ট হিসাবে অংশগ্রহণের সুযোগ দেওয়া হয়?<br>• ফোকাল পয়েন্টগুলো কি তাদের অংশগ্রহণে কোন ধরনের বৈষম্যবোধ করছে? |

৯ UNICEF. *Adolescent and Youth Engagement Strategic Framework*, 2017, www.unicefinemergencies.com/downloads/eresource/docs/Adolescents/63792683.pdf.
১০ UNICEF Middle East and North Africa Regional Office, Toolkit for Adolescent and Youth Engagement, 2018, www.nolostgeneration.org/sites/default/files/webform/contribute_a_resource_to_nlg/481/aye_mena-toolkit.pdf.

| অংশগ্রহণ হবে... | প্রশ্ন |
|---|---|
| **প্রশিক্ষণ সমর্থিত** | • স্টাফরা কি কিশোরী-বান্ধব অংশগ্রহণে প্রশিক্ষিত?<br>• স্টাফদের কি কিশোরী এম&ই ফোকাল পয়েন্টের অংশগ্রহণের সুবিধার্থে পর্যাপ্ত আস্থা এবং দক্ষতা আছে?<br>• স্টাফদের কি কিশোরী-কিশোরীদের নিয়ে কাজ করার ক্ষেত্রে তাদের সক্ষমতা বাড়ানোর সুযোগ আছে? |
| **নিরাপদ ও সংবেদনশীলতার ঝুঁকিসম্পন্ন** | • কিশোরী এম&ই ফোকাল পয়েন্ট অংশগ্রহণের প্রভাব বা সম্ভাব্য ফলাফল সম্পর্কে ওয়াকিবহাল/অবহিত?<br>• ফোকাল পয়েন্টরা অংশগ্রহণে কি নিজেদের নিরাপদ মনে করে?<br>• আপনি ফোকাল পয়েন্টদের ঝুঁকি থেকে নিরাপদ রাখার পন্থা এবং উপায় চিহ্নিত করেছেন?<br>• যদি অংশগ্রহণের সময় ফোকাল পয়েন্টরা অনিরাপদ বোধ করে তাহলে কোন সাহায্যের জন্য কোথায় যেতে হবে তা কি জানে? |
| **জবাবদিহিতা মূলক** | • বড়রা কি কিশোরী এম&ই ফোকাল পয়েন্টদের মতামত ও পরামর্শ গুরুত্ব সহকারে গ্রহণ করে এবং যাতে তারা অকৃতকার্য না হয় সেজন্য পর্যাপ্ত যৌক্তিক সমর্থন প্রদান করে?<br>• ফোকাল পয়েন্টদেরকে কি তাদের অনুরোধ ও চাহিদার ভিত্তিতে যথাযথ প্রতিক্রিয়া প্রদান করা হয়? |

## কিশোরীদের অর্থবহ অংশগ্রহণের সম্ভাব্য বাধাসমুহ

ভালো আকাঙ্খা নিয়েও M&E প্রক্রিয়ায় কিশোর-কিশোরীদের সাথে জড়িত করতে চাইলেও, এমন অসংখ্য প্রতিবন্ধকতা আছে যা তাদের সম্পূর্ণরূপে প্রোগ্রামিং এর এক বা সব পর্যায়ে অংশগ্রহণ করতে বাধা দিতে পারে। নিম্নলিখিত টেবিল M&E প্রক্রিয়ায় কিশোর-কিশোরীদের সাথে সম্পর্কিত সম্ভাব্য বাধা উপস্থাপন করে, একই সাথে অর্থপূর্ণভাবে যুক্ত থাকার জন্য সম্ভাব্য সমাধান উল্লেখ করেঃ

### টেবিল ২. কিশোরী চালিত এমএন্ডই প্রক্রিয়া নিশ্চিত করার সম্ভাব্য বাধাসমুহ এবং সমাধান

| সম্ভাব্য বাধাসমুহ | সম্ভাব্য সমাধান |
|---|---|
| **স্থানীয় প্রেক্ষাপট ও সাংস্কৃতিক রীতিনীতির সম্পর্কে অপর্যাপ্ত ধারণা** | কিশোরীদের যুক্ত করার পূর্বে অংশগ্রহণের জায়গার চারপাশের সাংস্কৃতিক নিয়ম সম্পর্কে জানার জন্য পরিবার এবং সমাজের মানুষদের সাথে দেখা করতে হবে এবং সেখানে এমএন্ডই প্রক্রিয়ার কিশোরীদের নিযুক্ত করলে কি ঝুঁকি রয়েছে তা জানতে হবে। |
| **অংশগ্রহণমূলক প্রক্রিয়ায় সেই শর্টকাট গ্রহণ যেটিতে কার্যক্রমের বা অংশগ্রহণকারীদের কোনো সুবিধা নেই** | কিশোরীদের অংশগ্রহণে কার্যক্রম এবং অংশগ্রহণকারীদের কি উদ্দেশ্য রয়েছে তা সম্পর্কে পরিষ্কার হতে হবে। M&E চক্রের প্রতিটি ধাপে অংশগ্রহণকারীদের কতটুকু সম্পৃক্ততা থাকবে তার সুস্পষ্ট পরিকল্পনা করতে হবে। |
| **কিশোরীরা তাদের ইনপুট দিতে দ্বিধাবোধ করে, অথবা তাদের ইনপুটের মূল্য দেওয়া হয় না বা বিবেচনায় নেওয়া হয় না** | সম্ভাব্য ক্ষমতার উৎসের দিকে নজর দিন এটা নিশ্চিত করুন যে কিশোরীদের নিয়ে কার্যক্রমের এমএন্ডই নিয়ে যেসব ফ্যাসিলেটররা কাজ করছেন তারা প্রক্রিয়া গ্রহণ করতে সমর্থ কিনা এবং কিশোরীদের স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করাতে ও নিযুক্ত করতে জন্য সঠিকভাবে প্রশিক্ষণপ্রাপ্ত কিনা। |
| **অল্পসংখ্যক কিশোরী আগ্রহী বা এমএন্ডই প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে সক্ষম** | M&E প্রক্রিয়াতে কিশোরীদের অংশগ্রহণের সম্ভাব্য সুবিধাসমুহ স্পষ্টভাবে ব্যাখ্যা করুন। প্রয়োজনে উৎসাহ প্রদানের জন্য ক্ষুদ্র উপহার যেমন কলম, নোটবুক, নাস্তা অফার করুন। |
| **ডিজাইন, বাস্তবায়ন, পর্যবেক্ষণ এবং মূল্যায়নের অন্য পর্যায়ে মনোযোগ না দিয়ে শুধুমাত্র তথ্য সংগ্রহের সময়ে দেওয়া** | এমএন্ডই চক্রের প্রতিটি পর্যায়ে অংশগ্রহণকারীরা কিভাবে সম্পৃক্ততা থাকবে তা স্পষ্টভাবে পরিকল্পনা করুন। প্রোগ্রামের কর্মীদের অংশগ্রহণের পরিকল্পনার প্রতি দায়বদ্ধ থাকুন, এবং কিশোর-কিশোরীদের কাছ থেকে মতামত নিন, তারা প্রতিটি পর্যায়ে কিভাবে নিয়োজিত হয়েছেন। |

## বক্স ৩. একটি কিশোরী চালিত পর্যবেক্ষণ ও মূল্যায়ন প্রক্রিয়া শুরু করার গুরুত্বপূর্ণ পদক্ষেপ সমূহ

- এটা নিশ্চিত করতে হবে যে কিশোরী চালিত পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির মূলনীতি এবং নৈতিক মূলনীতি সমূহ ভালোভাবে রিভিউ করা হয়েছে কিনা সে কর্মীর মাধ্যমে যে কার্যক্রমে এবং পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি তে যুক্ত থাকবে
- কিশোরী পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির ফোকাল পয়েন্ট এর জন্য টার্মসের রেফারেন্স [terms of reference] (TOR) তৈরী করুন। কার্যক্রমে কি প্রয়োজন হবে সে বিষয়ে চিন্তা করুন। একটু বেশি বয়সী কিশোরীদের তুলনায় কম বয়সীদের দায়িত্ব ভিন্ন হবে (বক্স ৬ - এ দেখুন)
- কিশোরীরা যখন কার্যক্রমের জন্য রেজিস্টার করে, তখন তাদের জানিয়ে দিন এই প্রোগ্রাম পরিচালনার সঙ্গে জড়িত থাকার সুযোগ রয়েছে। তারা অংশগ্রহণ করতে আগ্রহী হবে কিনা জিজ্ঞাসা করুন এবং তাদের নিবন্ধন ফরম উপর তাদের আগ্রহের ব্যাপারে ইঙ্গিত দিন।
- পর্যবেক্ষণ ও মূল্যায়নের ফোকাল পয়েন্ট হিসেবে অংশগ্রহণের আগ্রহ প্রকাশ করা সকল কিশোরীদের জন্য একটি প্রাথমিক মিটিং অনুষ্ঠিত করুন। দলকে বুঝিয়ে বলুন আপনি কেন তাদের একত্র করেছেন, এবং যদি তারা অংশগ্রহণ করেন তাহলে তাদের কাছ থেকে কি আশা করা হবে। অংশগ্রহনের নীতি ব্যাখ্যা করুন, এবং নিশ্চিত করুন যে মেয়েরা তাদের প্রতিশ্রুতির শর্তাবলী সম্পূর্ণরূপে বুঝতে পারে এবং তারা এটা জানে যে, যে কোন সময়ে পর্যবেক্ষণ ও মূল্যায়নের ফোকাল পয়েন্ট হিসেবে অংশগ্রহণ করা বন্ধ করতে পারেন।
- যেসব কিশোরীরা অংশগ্রহণ করতে আগ্রহী, তাদের সম্মতিপত্র এবং অভিভাবক/সেবাদাতার সম্মতি (১৮ বছরের কম বয়সী কিশোরীদের জন্য) নিন। ১৮ বছরের কিশোরীরা এবং বয়স্করা, অংশগ্রহণের জন্য তাদের সম্মতি নিন। সম্মতিপত্র এবং সম্মতির ব্যাপারে আরও তথ্যের জন্য অধ্যায় ৭ দেখুন।
- কিশোরী পর্যবেক্ষণ ও মূল্যায়নের ফোকাল পয়েন্টের জন্য মিটিঙের প্রাথমিক সময়সূচী নির্ধারণ করুন। পরিশেষে, ফোকাল পয়েন্ট কার্যক্রমে অংশ নেয়ার ১৫ মিনিট আগে বা ১৫ মিনিট পরে দেখা করার সুযোগ পাবে।
- এটা নিশ্চিত করতে হবে, যে যারা কিশোরী পর্যবেক্ষণ ও মূল্যায়নের ফোকাল পয়েন্টের প্রাথমিক মিটিঙে উপস্থিত হতে পারেননি কিংবা যারা পরবর্তীতে এর সাথে যোগ দিতে আগ্রহী হয়েছেন তাদেরও যেন সুযোগ দেওয়া হয়।

## কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য সম্পর্কিত প্রয়োজনীয় চাহিদা ও অগ্রাধিকার নির্ধারণ

ডিজাইন, পর্যবেক্ষণ এবং মূল্যায়নের মধ্যে কিশোরীদের জড়িত করার প্রথম উপায়গুলির মধ্যে একটি হল যে তাদের চাহিদা এবং অগ্রাধিকারগুলি শুরু থেকে নিশ্চিত করা। সূচক চিহ্নিতকরণ ও উদ্দেশ্য নির্ধারণ এর আগে এবং নিজ কার্যক্রম শুরু করার পূর্বে এটা নির্ধারণ করা কঠিন যে মেয়েরা SRH কার্যক্রমের মাধ্যমে কি অর্জন করার আশা করছেন। এটি শুধু আমাদের আরও প্রাসঙ্গিক কার্যক্রম ডিজাইন করার অনুমতিই দেয় না এমএন্ডই প্রক্রিয়ার সাহায্যে আমাদের কোন তথ্য সংগ্রহ করা উচিত তা নির্ধারণ করতে সহায়তা করে। এই মূল্যায়নকে একটি বেসলাইন মূল্যায়ন হিসেবে সমন্বিত করা যায় যেটি নিয়ে সামনে মূল্যায়ন ডিজাইন ব্যাখ্যা করার সময় আরো বিশদভাবে আলোচনা করা হবে।

কিশোরীদের প্রয়োজন ও অগ্রাধিকার নির্ধারণ বা চাহিদা মূল্যায়ন (নিড এসেসমেন্ট), নিম্নোক্ত প্রশ্নসমূহের উত্তর খুজবেঃ

- কিশোরীদের এসআরএইচ সম্পর্কিত প্রধান চিন্তার বিষয়গুলো কি?
- বয়ঃসন্ধিকাল, যৌন শারীরবিদ্যা, মাসিক, গর্ভাবস্থা এবং প্রসব , পরিবার পরিকল্পনা, STI এবং SRH সেবার উৎস সম্পর্কে মেয়েরা কোন তথ্য সংগ্রহ করবে সেই তথ্যের প্রায়োরিটি কিভাবে নির্ধারণ করবে?
- SRH সম্পর্কিত কোন কোন তথ্য মেয়েরা *নিরাপদ স্পেস* থেকে শিখতে চায়?
- সেফ স্পেস ছাড়া অন্য কোন জায়গায় এস আর এই সম্পর্কিত তথ্য সব থেকে ভালো ভাবে প্রদান করা যায়?
- কোন কোন SRH সেবা মেয়েদের প্রয়োজন বা সেবা সম্পর্কে আরো জানতে চান?
- SRH কার্যক্রমের দিকগুলোতে কোন জনগোষ্ঠীর মেম্বাররা যুক্ত থাকবে?

কিশোরী মেয়েদের অভিভাবক বা পালকদের সাথে পরামর্শ করা কঠিন; একই সাথে কঠিন তাদের সাথে পরামর্শ করা যারা জনগোষ্ঠীর সেই সকল মেম্বার যারা কিশোরী মেয়েদের তথ্য বা সেবা প্রাপ্তির ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করে। তবে, কার্যক্রমের প্রয়োজনীয়তা, সেইফ স্পেস এ পাওয়া যায় এমন সব সেবা সম্পর্কে তথ্য ভাগাভাগি করার জন্যও এটি সুযোগ তৈরি করে।

**এ. কিশোরীদের অংশগ্রহনের সরঞ্জামসমূহ**

- ফ্রী লিস্টিং
- অংশগ্রহণমূলক রাঙ্কিং প্রণালী
- কার্যক্রম ডিজাইন প্ল্যানিং

# ৪. বিষয়বস্তু নির্ধারণ এবং ইন্ডিকেটর চিহ্নিতকরণ

**নোটঃ** হতে পারে ইতিমধ্যেই সেফ স্পেসের প্রোগ্রামিং এবং অনুরূপ রিপোর্টিং প্রয়োজনের কিছু উদ্দেশ্য সামঞ্জস্য করা রয়েছে। ASRH কার্যক্রমের জন্য আলাদাভাবে উদ্দেশ্য এবং ইন্ডিকেটর তৈরি করার মাধ্যমে এটা নিশ্চিত করা হয় যে অর্থপূর্ণ ডাটাগুলো পুরো প্রোগ্রাম সাইকেল জুড়ে সংগ্রহ করা হয়েছে এবং ASRH কার্যক্রমটি সঠিক ভাবে চলছে। সেইফ স্পেসের প্রোগ্রামের সাথে সমতা রাখার জন্য M&E স্টাফদের সাথে সংযোগ রেখে উদ্দেশ্য এবং ইন্ডিকেটরগুলো তৈরি করতে হবে।

## বিষয়বস্তু ও ইন্ডিকেটরের প্রয়োজনীয়তা

কার্যক্রমের লক্ষ্য নির্ধারণে সেটি কতটুকু সফল তা বুঝতে M&E সাহায্য করে। SRH কার্যক্রমের সফলতা নির্ধারণের প্রচেষ্টা করার আগে কার্যক্রম কোন বিষয়বস্তু অর্জন করতে চাচ্ছে এবং কিভাবে এর অর্জনকে পরিমাপ করা হবে তা আমাদের প্রথমে নির্ধারণ করতে হবে। কার্যক্রমের বিষয়বস্তু আমরা কোন *লক্ষ্য* অর্জন করতে চাচ্ছি সেটার সম্পর্কে পরিস্কার ধারণা দিবে সাথে সাথে এর *ইন্ডিকেটরসমূহ* আমাদেরকে বলবে আমরা ঠিক কিভাবে ফলাফলের বিচার করবো। কোন বিষয়বস্তুর ইন্ডিকেটরসমূহকে বিচার করা হবে তা নির্ধারণ করা আমাদেরকে জানায় কি রকম মূল্যায়ন করা হবে, যেটি বৃহদাকার অধ্যায় ৬ - এ আলোচনা করা হয়েছে।

সেফ স্পেসে ASRH কার্যক্রমের সর্বোচ্চ বিষয়বস্তু হলো কিশোরীদের SRH তথ্য ও সেবাসমূহতে প্রবেশাধিকার বাড়ানো, এছাড়াও বিষয়বস্তুগুলো পরিবর্তন তত্ত্বের বিভিন্ন ধাপে ঠিক করা উচিত। এর বাইরে, পরিবর্তন তত্ত্বের বিভিন্ন ধাপেও বিষয়বস্তু নির্ধারণ করতে হবে। সাধারণভাবে কার্যক্রম কোন লক্ষ অর্জন করতে চায় সেটি বিশদভাবে বিষয়বস্তুসমূহে অন্তর্ভুক্ত থাকা উচিৎ। লক্ষসমূহ জবাবদিহীতা তৈরীর একটি কার্যকরী উপায় হতে পারে এবং কার্যক্রম সফল হয়েছে কিনা তা পরিমাপের শক্তিশালী ব্যবস্থা হতে পারে। বিষয়বস্তু নির্ধারণ করার আগে একটি সাধারণ মূল্যায়ণ করা প্রয়োজন। বিশেষ করে যখন বিষয়বস্তুতে একটি নির্দিষ্ট ফলাফলের অংশ বৃদ্ধির আকাঙ্খা করা হয়।

এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে কার্যক্রমের বিষয়বস্তু যেন প্রজেক্টের স্টাফ একাই নির্ধারণ না করেন, কিশোরী মেয়েদের সাথে সক্রিয়ভাবে সংযুক্ত থাকা প্রোগ্রাম ডিজাইনের এই ধাপে বিশেষভাবে সংকটপূর্ণ। জ্ঞান ও সেবাসমূহে প্রবেশাধিকার বৃদ্ধি বলতে কি বোঝায় তারা তা বিশদভাবে জানতে পারেঃ তারা যে ধরনের ধারণা পেতে ইচ্ছুক, যে ধরনের সেবা তারা গ্রহণ করতে ইচ্ছুক এবং কিভাবে কার্যক্রমের সফলতাকে গণনা করা উচিৎ। চাহিদা মূল্যায়ণের মাধ্যমে এই পদ্ধতিটি অবহিত করা উচিৎ যার পরে কিশোরী মেয়েরা বিষয়বস্তু ও ইন্ডিকেটরের পরবর্তী রূপ দিতে পারে।

## কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য কার্যক্রমের সম্ভাব্য ইন্ডিকেটর

প্রত্যেকটি বিষয়বস্তুতে এক বা একাধিক ইন্ডিকেটর থাকতে হবে যেটি এর *পরিমাপকে* স্পষ্ট করবে। ইন্ডিকেটরসমূহ আপনার নির্দেশক হিসেবে বিবেচিত হবে যখন M&E পরিচালিত হবে যেহেতু তারা নির্ধারণ করে কোন তথ্য ও উপাত্ত সংগ্রহ করা প্রয়োজন। পর্যবেক্ষণ ও মূল্যায়ণ পদ্ধতির মূল অংশ হল এটি চিন্তা করা যে, কিভাবে বিষয়বস্তু পরিমাপ করা হবে। নিম্নে কিছু প্রস্তাবিত ইন্ডিকেটর রয়েছে যেগুলোকে প্রয়োজন অনুসারে বাড়াতে বা গ্রহণ করতে হবেঃ

*পদ্ধতির ইন্ডিকেটর* ইনপুট এবং রিসোর্সের ব্যবহার অথবা কর্মকান্ডের প্রয়োগ পরিমাপ করে। *পদ্ধতির ইন্ডিকেটরসমূহের* উদাহরণের মধ্যে রয়েছেঃ

- কিশোরী মেয়েদের দেওয়া SRH সেশনের সংখ্যা।
- কিশোরী মেয়েদের SRH সেশন দেওয়া সেফ স্পেসের সংখ্যা।
- কার্যক্রমে করা খরচ।
- কার্যক্রমে স্টাফরা যত ঘন্টা সময় দিয়েছে।

*আউটপুটের ইন্ডিকেটর* কার্যক্রমে প্রদান করা সেবাসমূহকে ও সেবাসমূহের গুণমানকে পরিমাপ করে, সেবার ফলাফল কি হবে সেটা নিয়ে আপনি যা আশা করেছিলেন তার চেয়ে সেবা কিভাবে দেওয়া হচ্ছে সেদিকে তারা নজর দেয়। *আউটপুটের ইন্ডিকেটরের* উদাহরণসমূহের মধ্যে রয়েছেঃ

- ৮০ শতাংশের বেশী SRH সেশনে অংশ নিয়েছেএমন কিশোরী মেয়ের সংখ্যা।
- কার্যক্রমে অংশ গ্রহণকারী কিশোরীদের দেওয়া SRH সেবাসমুহের রেফারেন্সের সংখ্যা।
- সেফ স্পেসে অন্তত দুটি SRH সেশনে অংশ নেওয়া কিশোরী মেয়েদের অংশ (পারসেন্টেজ) যারা ক্যাম্পে বসবাস করে।
- অন্তত ৮০ শতাংশ SRH সেশনে অংশ নেওয়া কিশোরী মেয়েদের অংশ (পারসেন্টেজ) যারা সেশনের গুণমানকে 'ভালো' বা 'দুর্দান্ত' হিসেবে র‍্যাংকিং করেছে।

*ফলাফলের সুচক* টার্গেট করা মানুষদের জ্ঞান, মনোভাব, দক্ষতা, আগ্রহ এবং আবেগ পরিমাপ করে। ASRH কার্যক্রম মূল্যায়ন করার জন্য এই সুচকসমুহ বেশি ব্যবহৃত হবে। *ফলাফলের সুচকের* উদাহরণসমূহের মধ্যে রয়েছেঃ

**জ্ঞান**

- জ্ঞান মূল্যায়নের গড় স্কোর। (কার্যক্রম শুরুর আগে এবং কার্যক্রম শেষ হবার এক মাস পরে পরিচালিত হয়)
- জ্ঞান মূল্যায়নে অন্তত ৮০ শতাংশ স্কোর করা মেয়েদের পারসেন্টেজ। (কার্যক্রম শুরুর আগে এবং কার্যক্রম শেষ হবার এক মাস পরে পরিচালিত হয়)
- পরিবার পরিকল্পনার অন্তত তিনটি সঠিক উৎস চিহ্নিত করতে পারে এমন মেয়েদের পারসেন্টেজ (বেসলাইনে এবং কার্যক্রম শেষ হবার এক মাস পরে জিজ্ঞেস করা হয়)

**মনোভাব**

- পরিবার পরিকল্পনার পক্ষে অনুকূল মনোভাব দেখানো মেয়েদের পারসেন্টেজ (কার্যক্রমের আগে ও কার্যক্রম সম্পন্ন হবার পরে পরীক্ষিত)
- অভিভাবক ও সেবা প্রদানকারীর পারসেন্টেজ যারা বিশ্বাস করে কিশোরী মেয়েদের SRH কার্যক্রম ও সেবায় প্রবেশাধিকার থাকা উচিত। (কার্যক্রমের আগে ও সম্পন্ন হবার এক মাস পরে পরীক্ষিত)

**আচরণ**

- গত ২ মাসের মধ্যে যারা পর্যাপ্ত মাসিক হাইজিন চর্চার রিপোর্ট করে তাদের পারসেন্টেজ
- অংশগ্রহণকারীর সংখ্যা যারা কার্যক্রমের শুরুর পর থেকে ৩ মাস ফ্যাসিলেটরের সাথে একা কাউন্সেলিং সেশনে অংশ নিয়েছে

*প্রভাবে ইন্ডিকেটরসমূহ* যে বিশাল সম্প্রদায়কে কার্যক্রমটি সেবা দেয় তার স্বাস্থ্য বা ভালো থাকার উচ্চপদস্থ পরিমাপক কে অন্তর্ভুক্ত করে। যেহেতু সেফ স্পেসে ASRH কার্যক্রমের প্রভাবের মূল্যায়ন করা কঠিন হতে পারে এই পরিপ্রেক্ষিতে বৃহত্তর সম্প্রদায়ে সম্ভাব্য ইনডিকেটরের প্রভাবে দৃষ্টিপাত সাহায্যকারী হতে পারে। প্রভাবের ইন্ডিকেটরের উদাহরণের মধ্যে রয়েছেঃ

- কিশোরীদের জন্মের হার
- কিশোরীদের মাঝে গর্ভনিরোধক এর প্রসার বিস্তারের হার
- কিশোরী মেয়েদের SRH তথ্য ও সেবা প্রদানের বিষয়ে সম্প্রদায়ের মানুষের অনুকুল মনোভাব প্রকাশের পার্সেন্টেজ

প্রভাবে ইন্ডিকেটর পরিমাপ করার জন্য অনেক উৎসের প্রয়োজন হয় – আর্থিক, সময় এবং স্টাফদের ধারণক্ষমতা। এছাড়াও এ ধরনের পরিবর্তন হওয়ার জন্য সময় নিয়ে থাকে তাই তারা ইন্ডিকেটরগুলো একটি কার্যক্রমে সফলতা বা ব্যর্থতা কে মাপার জন্য সবচেয়ে বেশি উপকারী নাও হতে পারে। তবুও, এটি প্রভাব লেভেলের ইন্ডিকেটর সম্পর্কে চিন্তার জন্য সাহায্যকারী হতে পারে যেটি আমাদেরকে কার্যক্রমকে আরো ভালো করে কাঠামোবদ্ধ করতে পারে এবং পরবর্তী বিষয়বস্তু ও কার্যক্রম তৈরি করতে পারে।

কিছু কিছু প্রভাব লেভেলের সূচকে পরিমাপ করা অন্যগুলোর চেয়ে সহজ হয় এবং কার্যক্রমে বিষয়বস্তুর সাথে আরও সরাসরি সম্পর্কযুক্ত হয়। উদাহরণস্বরূপ, হয়তো কার্যক্রমের চূড়ান্ত উদ্দেশ্য হলো কিশোরী মেয়েদের SRH তথ্য ও সেবা দেওয়ার ব্যাপারে সম্প্রদায়ের মনোভাব পরিবর্তন করা। আমরা এটি পরিমাপ করতে পারি একটি ঘরোয়া সার্ভের মাধ্যমে যেটি স্বাস্থ্য সেবা প্রদানকারীদের সাথে মূল তথ্য সরবরাহকারীর সাক্ষাৎকারের মাধ্যমে সরবরাহ করা হয়। আরও সহজভাবে বলা যায়, কার্যক্রমের আগে ও পরে কিশোরীদের জন্মদানের হার পরিমাপ করা।

বিষয়বস্তু ও ইন্ডিকেট এর পরবর্তী বিবেচকঃ

- বিষয়বস্তু ও ইন্ডিকেট সমূহ ‘SMART’ হওয়া উচিতঃ Specific (নির্দিষ্ট), Measurable (মাপা যায় এমন), Attainable (অর্জনীয়), Relevant (সামঞ্জস্যপূর্ণ) and Time-Bound (সময় দ্বারা আবদ্ধ)। আরো তথ্যের জন্য নিচের বক্স ৪ দেখুন।

- যখনই সম্ভব বিষয়বস্তু এবং ইন্ডিকেটরগুলোকে আলাদা করা উচিত। উদাহরণস্বরূপ, যদি সেগুলো ১০-১৪ বছর বয়সী ও ১৫-১৯ বছর বয়সীদের জন্য আলাদা করা হয়, সেখানে প্রতিটি গ্রুপের জন্য আলাদা বিষয়বস্তু এবং ইন্ডিকেটর থাকতে হবে।

- ইন্ডিকেটরগুলো বিষয়বস্তুর সাথে পরিষ্কারভাবে সংযুক্ত থাকা উচিত, যেটি কার্যপত্রের একটি ধাপ এর সাথে পরিষ্কারভাবে যুক্ত থাকবে।

### বক্স ৪. “SMART” পদ্ধতি

“SMART” হলো একটি প্রচলিত এক্রোনোমি (কয়েকটি শব্দের অদ্যাক্ষর দ্বারা গঠিত শব্দ) যেটি বিষয়বস্তুর সেটিং এবং ইন্ডিকেটর তৈরীর নির্দেশনা দেওয়ার জন্য ব্যবহৃত হয় সংক্ষেপে, বিষয়বস্তু ও ইন্ডিকেটর হওয়া উচিতঃ

S Specific (নির্দিষ্ট)ঃ কার্যক্রমে ‘কে’ এবং ‘কি’ তে বিষয়বস্তু/ইন্ডিকেটর আবদ্ধ থাকা উচিত।

M Measurable (মাপা যায় এমন)ঃ বিষয়বস্তু/ ইনডিকেটরের এমন ক্ষমতা থাকতে হবে যেন তাদের গবেষণা, পর্যবেক্ষণ, বিশ্লেষণ এবং প্রমান করা যায়।

A Attainable (অর্জনীয়)ঃ বিষয়বস্তু/ইন্ডিকেটরকে বাস্তবসম্মত হতে হবে যেন তাদেরকে কার্যক্রমকে ফলাফল হিসেবে অর্জন করা যায়।

R Relevant (সামঞ্জস্যপূর্ণ)ঃ বিষয়বস্তু ইন্ডিকেটরকে বিষয়বস্তুর যুক্তিসম্পন্ন পরিমাপক হতে হবে এবং কার্যক্রমের কাঙ্খিত ফলাফলের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

T Time-bound (সময় দ্বারা আবদ্ধ)ঃ বিষয়বস্তু/ইন্ডিকেটর সময়ের সাথে সংযুক্ত থাকবে।

## পর্যবেক্ষণ ও মূল্যায়নের কাঠামো তৈরি

যখন আমরা সিদ্ধান্ত নিয়ে ফেলেছি আমাদের বিষয়বস্তু এবং তাদের কিভাবে পরিমাপ করা হবে তা, এখন একটি অবশ্য কাজ হল পর্যবেক্ষণ ও মূল্যায়ন এর কাঠামো তৈরি করা। আমাদের বিষয়বস্তু গুলো কি, কিভাবে প্রতিটি বিষয়বস্তুকে মাপা হবে, মাপার জন্য প্রয়োজনীয় তথ্য কোথায় পাওয়া যাবে, আমরা কত ঘনঘন তথ্য সংগ্রহ করব এবং তথ্য সংগ্রহের জন্য কে দায়ী সেই তথ্য এই কাঠামো সরবরাহ করবে। একটি বিষয়বস্তুর জন্য একাধিক ইন্ডিকেটর থাকতে পারে তাই নিশ্চিত করতে হবে যে প্রতিটি ইন্ডিকেটরের জন্য তথ্য অন্তর্ভুক্ত করা হয়েছে।

### টেবিল ৩. পর্যবেক্ষণ ও মূল্যায়ন কাঠামোর টেম্পলেট

রিসেট

| লেভেল | বিষয়বস্তু | ইন্ডিকেটর | পরিমাপক | ভিন্নতার মাধ্যম | সংগ্রহের ফ্রিকোয়েন্সি | দায়ী লোকজন |
|---|---|---|---|---|---|---|
| উদাহরণঃ আউটপুট | SRH সেশনে অংশ নেওয়া মেয়েদের সংখ্যা বাড়ানো | অন্তত ৮০ শতাংশ SRH সেশনে অংশ নেওয়া মেয়েদের সংখ্যা | মোট সংখ্যা | উপস্থিতির রেকর্ড | প্রতি সেশনের নেওয়া হাজিরা; কার্যক্রমের শেষে গণনা করা মোট সংখ্যা | সেশনের ফ্যাসিলিটর |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

### বি. বিষয়বস্তু নির্ধারণ এবং সূচক চিহ্নিতকরণের সরঞ্জাম

- সমস্যা গাছ (প্রবলেম ট্রি)
- অভিভাবক ও সেবা প্রদানকারী জন্য ফোকাস গ্রুপ ডিসকাশন গাইড
- পর্যবেক্ষণ ও মূল্যায়নের কাঠামো তৈরি

# ৫. একটি মানসম্পন্ন পর্যবেক্ষণ ব্যবস্থা স্থাপন

**নোটঃ** ফিল্ড স্টাফ পর্যবেক্ষণ ডাটা সংগ্রহ করার সাথে খুব ভালোভাবে পরিচিত হতে পারে। উচ্চ মানের ডাটা নিশ্চিত করার জন্য এটা বুঝা জরুরি যে ডাটা কিভাবে সংগ্রহ করা হয়েছে এবং কিভাবে সেটা সবচেয়ে ভালোভাবে ব্যবহার করা যায়। এই অধ্যায়টিতে রয়েছে পর্যবেক্ষণ পদ্ধতির সাথে পরিচিতি, সাথে রয়েছে কেন পর্যবেক্ষণ এতটা জরুরী সেটি। কিশোরী অংশগ্রহণের নীতিমালা প্রয়োগের মাধ্যমে পর্যবেক্ষণ পদ্ধতি তৈরি করা এবং বাস্তবায়ন করাটা প্রায় সময় প্রথম পদক্ষেপ হয় কিশোরীদের অংশগ্রহণ করতে দেয়ার দিকে সাথে তাদেরকে জানানোর সুযোগ হয় প্রোগ্রামিং সম্পর্কে।

## একটি পর্যবেক্ষণ ব্যবস্থা কী পরিমাপ করে?

মনিটরিং বা পর্যবেক্ষণ বলতে তথ্য সংগ্রহের একটি নিয়মিত এবং চলমান প্রক্রিয়াকে বোঝায়, প্রত্যাশিত ফলাফলের সাথে এই ফলাফল বিশ্লেষণ এবং তুলনা করা হয় ঐ প্রোগ্রামের কর্মক্ষমতা পরিমাপ করার জন্য. এটা নিশ্চিত করতে যে, কার্যক্রমটি সঠিক পথে বাস্তবায়িত হচ্ছে, এবং কার্যক্রমের মান উন্নয়নের জন্য পর্যবেক্ষণ আমাদের নিরবিচ্ছিন্নভাবে নিয়ন্ত্রণ করতে সাহায্য করে।

কার্যক্রমকে ব্যাপকভাবে মূল্যায়নের জন্যে চলমান পর্যবেক্ষণ থেকে সংগৃহীত তথ্য ব্যবহার করা যেতে পারে পারে। এ থেকে পরিকল্পনা অনুযায়ী কার্যক্রমটি কতটুকু বাস্তবায়ন হয়েছে এবং কার্যক্রমটি কেন সফল হয়েছে বা হয়নি তার সম্ভাব্য কারণ, সেইসাথে কোন অপ্রশিত প্রভাবের কারণ ব্যাখ্যা করে। পরিবর্তনের তত্ত্বে ফিরে আসলে,আমরা পর্যবেক্ষণ বলতে বুঝি যে এটি *ইনপুট*, *কাজ* এবং *আউটপুট*-তথ্য সংগ্রহকারী। পর্যবেক্ষণ আমাদের নিম্নোক্ত প্রশ্নের উত্তর দিতে সাহায্য করেঃ

- *এই কার্যক্রম বাস্তবায়নে কী কী সম্পদ ব্যবহার করা হচ্ছেঃ* কত টাকা খরচ হচ্ছে? কার্যক্রমের জন্য কতটা সময় উৎসর্গ করা হচ্ছে? কার্যক্রমে কোন প্রোগ্রাম স্টাফরা অবদান রাখছেন?

- *কোন কার্যক্রম গ্রহণ করা হচ্ছেঃ* SRH সেশনের বিষয়বস্তু কি? প্রতি সপ্তাহে কতগুলো SRH সেশন করা হচ্ছে?

- *এই কার্যক্রম পরিকল্পনা অনুযায়ী সম্পন্ন হয়েছেঃ* কতজন মেয়ের কাছে SRH-এর কার্যক্রমটি পৌঁছেছে? SRH সেশনগুলো কী ভাল মানের ছিল?

ইনপুট, কাজ, এবং আউটপুট-তথ্য সংগ্রহকে একটি *প্রক্রিয়া মূল্যায়ন* বলা হয়। যদিও প্রোগ্রাম ডেটার নিয়মিত তথ্য কর্মসূচি বাস্তবায়নের বিষয়টি জানাতে পারে, কার্যক্রমটি কার্যকর হচ্ছে কি না তা মূল্যায়নের জন্য আমাদের সাধারণভাবে আরো জানতে হবে। পরবর্তী অধ্যায়ে, আমরা একটি *ফলাফল বা প্রভাব মূল্যায়ন*-এর নকশা ও নির্দেশনা প্রদান করব।

## একটি মানসম্পন্ন পর্যবেক্ষণ ব্যবস্থার উপাদানসমূহ

ছয়টি মূল উপাদান আছে যা সকল কর্মসূচীতে পর্যবেক্ষণ করা উচিতঃ

- **নিয়োগঃ** কার্যক্রমের জন্য অংশগ্রহণকারীদের কিভাবে নির্বাচিত এবং নিবন্ধিত করা হয়েছিল।

- **পৌঁছানোঃ** যে সকল পাঠক এই কার্যক্রমে অংশ গ্রহণ করেছে তাদের অনুপাত

- **ডোজ প্রদান করাঃ** কার্যক্রমের পরিমাণ বা সংখ্যা যা প্রদান করা হয়েছে

- **ডোজ গৃহীতঃ** কার্যক্রম নিয়ে অংশগ্রহণকারীরা কি পরিমান সন্তুষ্ট

- **বিশ্বস্ততাঃ** কার্যক্রমটির কতটুকু পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়িত হয়েছে

- **প্রসঙ্গঃ** কার্যক্রমের বাইরের বিষয় বস্তু যা ফলাফলের প্রয়োগকে বাধাগ্রস্থ করতে পারে

টেবিল ৪-এ এর সংজ্ঞা, কি এটি পরিমাপ করতে চায়, সম্ভাব্য বাধা এবং প্রস্তাবিত সরঞ্জাম এবং পন্থা সহ প্রতিটি বিষয়ের উপর অতিরিক্ত তথ্য প্রদান করে।

***নিয়োগ ও পৌঁছানো (রিচ)***

নিঃসন্দেহে, এই কার্যক্রমেরএকটি উদ্দেশ্য হলো সেইফ স্পেসের মাধ্যমে সেবা করার জন্য আরো মেয়েদের SRH তথ্য এবং রেফারেলের মাধ্যমে পৌঁছানো, বিশেষ করে যেই মেয়েরা সমাজের মধ্যে সবচেয়ে ঝুঁকিপূর্ণ বা বিচ্ছিন্ন। আপনার বাস্তব উদ্দেশ্য থাকতে পারে এটা নিয়ে যে কতজন মেয়েকে কার্যক্রমে অন্তর্ভুক্ত করবেন অথবা নির্দিষ্ট কিছু সামাজিক জনসংখ্যার বৈশিষ্ট্য যা অংশগ্রহণকারীদের মধ্যে উপস্থিত থাকবে। যে সমস্ত মেয়েদের নিয়োগ করা হয় তাদের সংখ্যা এবং সামাজিকজনসংখ্যার বৈশিষ্ট্য ট্র্যাক করা গুরুত্বপূর্ণ, যারা কার্যক্রমের জন্য এবং যারা প্রতিটি অধিবেশনে উপস্থিত থাকে। এই তথ্যটি ভাল প্রসার কৌশল ডিজাইন করতে এবং যেসকল মেয়েরা নিয়মিত সেশন অংশগ্রহণ করছে তাদের উপস্থিতির প্রবণতাগুলো বুঝতে সাহায্য করবে।

***ডোজ ডেলিভারি এবং প্রাপ্ত***

অংশগ্রহণকারীদের যত বেশি সম্ভব সেশনে অংশগ্রহণ করা উচিত। অনিয়মিত উপস্থিতির ফলে জ্ঞান, মনোভাব বা আচরণগুলির কাঙ্ক্ষিত পরিবর্তন অর্জন করা আরো কঠিন হবে। কম উপস্থিতি বা উপস্থিতির দুর্বল পর্যবেক্ষণের ফলে কার্যক্রমের ফলাফলে কোন পরিবর্তন আসলো কি না তা মূল্যায়ন করা আরো অনেক কঠিন হবে। SRH কার্যক্রমের ধারাবাহিকতা এবং সময়কাল, কর্মীদের ধারণক্ষমতা, বিদ্যমান সম্পদ সেইসাথে অংশগ্রহণকারীদের পছন্দের উপর নির্ভর করবে। কিশোরী-কিশোরী, তাদের পিতামাতা এবং অভিভাবকের সঙ্গে আলোচনা করার মাধ্যমে তাদের পছন্দ-অপছন্দগুলো যত তাড়াতাড়ি সম্ভব নির্ধারণ করা উচিত। বিষয়বস্তু নির্ধারণে কার্যক্রমের ধারাবাহিকতা এবং সময়কাল নির্ধারণ সহায়ক হবে। নির্দিষ্ট পরিস্থিতিতে সীমিত সময়ের জন্য বিভিন্ন পাঠক্রমের সংক্ষিপ্ত সংস্করণ রয়েছে।

অংশগ্রহণকারীদের সন্তুষ্টি মূল্যায়ন এবং SRH সেশনে প্রদত্ত তথ্যের গ্রহণক্ষমতা সমানভাবে গুরুত্বপূর্ণ। মেয়েদের চলমান প্রতিক্রিয়া প্রদান করার অনুমতি এবং তথ্য প্রদান কিভাবে উন্নত হতে পারে তা থাকা প্রয়োজন। উপস্থিতি নিশ্চিত করা এবং সেশন শুরুতে পূর্ববর্তী সেশন থেকে মেয়েরা কি বুঝতে পেরেছে এবং প্রদত্ত তথ্য স্বল্পসময়ে মেয়েদের স্বরণ করার নিশ্চয়তা মূল্যায়ন করতে সাহায্য করে। কার্যক্রমের মান বুঝতে ফেসিলিটেটরদের যোগ্যতা নির্ধারণ একটি গুরুত্বপূর্ণ অংশ এবং এটি পর্যবেক্ষণের একটি নিয়মিত অংশ হিসেবে করা উচিত। ফেসিলিটেটরদের লক্ষ্য করাও সক্ষমতা বৃদ্ধির একটি সুযোগ প্রদান করে।

***বিশ্বস্ততা এবং প্রসঙ্গ***

আপনি যখন কার্যক্রমের উপযুক্ত সময়কাল এবং ধারাবাহিকতা নির্ধারণ করে ফেলবেন, তখনই SRH সেশনের প্রকৃত বিষয়বস্তু নির্বাচন করার সময়। চাহিদা মূল্যায়ন থেকে সংগৃহীত তথ্য বিভিন্ন অংশে ব্যবহার করা যেতে পারে, এবং মেয়েদের একটি চলমান ভিত্তিতে পরামর্শ করা উচিত যাতে আপনার কার্যক্রমের কোন গুরুত্বপূর্ণ বিষয় বাদ না যায়। যে বিষয়ে কার্যক্রম প্রয়োগ করা হয় তা বোঝার সঙ্গে সঙ্গে পর্যবেক্ষণ করা উচিত।

উদাহরণস্বরূপ, একটি বড় ঘটনা ঘটে যা সেইফ স্পেসের নিয়ন্ত্রণের বাইরে এবং মেয়েদের সেশন পরিকল্পনা অনুযায়ী উপস্থিত হতে বাধা দেয়, প্রোগ্রাম কর্মীদের ভবিষ্যতে আকস্মিকতার জন্য ভালভাবে প্রস্তুত হতে হবে। অংশগ্রহণকারীদের জ্ঞান, মনোভাব, বা আচরণগুলির পরিবর্তন বাড়াতে পারে এমন পরিস্থিতিসমুহ বুঝা গুরুত্বপূর্ণ। উদাহরণস্বরুপ, সম্ভবত এই ক্যাম্পের অন্য একটি স্থানে মেয়েরা একই ধরনের প্রোগ্রামিংয়ে অংশগ্রহণ করছে। এটি জানার ফলে আপনার কার্যক্রমের কাঙ্ক্ষিত ফলাফলের পরিমাপ ভালভাবে বোঝার সুযোগ হবে।

## পর্যবেক্ষণের তথ্যের উৎস

এটা সম্ভব যে একটি সেইফ স্পেসে ইতিমধ্যে একটি পর্যবেক্ষণ ব্যবস্থা উপস্থিত থাকবে যা উপস্থিতি, সেবা সম্পর্কিত এবং অন্যান্য গুরুত্বপূর্ণ নির্দেশক তদারকি করে। তাই বিদ্যমান ব্যবস্থাপনায় কার্যক্রমের তদারকিগুলো একত্রিত করার জন্য অপেক্ষাকৃত সরল হওয়া উচিত। পর্যবেক্ষণের জন্য তথ্যের মূল উৎসে অন্তর্ভুক্ত রয়েছেঃ

- অংশগ্রহণকারীর নিবন্ধন *(এমন অংশগ্রহণকারীদের আর্থ-তাত্ত্বিক বৈশিষ্ট্য রেকর্ড করতে ব্যবহার করা হয় যা আমাদের কার্যক্রমে নিশ্চিত করতে সক্ষম হবে যাতে কোন দল বিচ্ছিন্ন না হয়)*
- উপস্থিতি তালিকাসমূহ *(নিবন্ধিত অংশগ্রহণকারীরা যাতে কার্যক্রমে অংশগ্রহণ করে তা নিশ্চিত করতে উপস্থিতি নিরীক্ষণ করতে ব্যবহৃত)*
- কার্যকলাপের রেকর্ড *(SRS সেশনের বিষয়বস্তুর উপর নজর রাখা এবং কতগুলো সেশন সংঘটিত হয়েছে)*
- সেশনের ফিডব্যাক/প্রতিক্রিয়া *(ভবিষ্যত প্রোগ্রামিং উন্নত করতে SRH সেশনের প্রাসঙ্গিকতা ও গুণগত মান পরিমাপ করা)*
- পর্যবেক্ষণ সরঞ্জাম এবং *চেকলিষ্ট (ভবিষ্যত প্রোগ্রামিংয়ের উন্নতিসাধনের জন্য প্রোগ্রাম কর্মীদের সেশন এবং মানসম্মত সেশন প্রদান করার ক্ষমতা নিরীক্ষণ করা হয়)*

### সি. মানসম্মত পর্যবেক্ষণ ব্যবস্থাগ্রহণের সরঞ্জামসমূহ

- অংশগ্রহণকারীর নিবন্ধন
- উপস্থিতি তালিকাসমূহ
- পাঠ পরিকল্পনা
- সন্তুষ্টি জরিপ (স্যাটিসফেকশন সার্ভে)
- ফ্যাসিলিটেটরের মূল্যায়ন
- বিশ্বস্ততা পরিমাপক (ফিডালিটি ট্র্যাকার)

## টেবিল ৪. উচ্চমানসম্পন্ন সফল পর্যবেক্ষণ ব্যবস্থা নিশ্চিতকরণ

| উপাদান | সংজ্ঞা | এর মাধ্যমে যা বোঝানো যেতে পারে | সাধারণ চ্যালেঞ্জ | টুল (সমাধান) |
|---|---|---|---|---|
| **নিয়োগ** | কিভাবে অংশগ্রহণকারীদের নির্বাচিত এবং কার্যক্রমের জন্য নিবন্ধিত করা হয়েছে | এই কার্যক্রমের জন্য কতজন কিশোর-কিশোরীকে নিয়োগ বা নিবন্ধিত করা হয়েছিল?<br>তারা কি কাঙ্ক্ষিত বয়সের দল এবং অন্যান্য আর্থ-তাত্ত্বিক বৈশিষ্ট্যের প্রতিনিধিত্ব করেছিল?<br>স্টাফ সংযুক্ত করুন | কার্যক্রমের জন্য যথেষ্ট কিশোর মেয়েদের নিয়োগ না করা, অথবা শুধুমাত্র একটি নির্দিষ্ট জনসংখ্যাতাত্ত্বিক মেয়েদের নিয়োগ করা, বা শুধুমাত্র স্কুলে, অবিবাহিত, নিরাপদ স্থান কাছাকাছি বসবাসকারীদের নিয়োগ দেয়া।<br>স্টাফের উদাহরণ যোগ করুন | অংশগ্রহণকারী রেজিস্টার<br>প্রসার ও নিয়োগ নির্দেশিকা |
| **রিচ (পৌঁছানো)** | যে সকল পাঠক এই কার্যক্রমে অংশ গ্রহণ করেছে তাদের অনুপাত | টার্গেট করা জনগোষ্ঠীর মধ্যে কতজন কিশোরী SRH সেশনে অংশগ্রহণ করে | দুর্বল প্রচারের কৌশল যেটা সবচেয়ে ঝুঁকিপূর্ণ ও বিচ্ছিন্ন কিশোরীদের নিয়োগ করাতে পারে না | অংশগ্রহণকারী রেজিস্টার<br>হাজিরা রেজিস্টার |
| **ডোজ প্রদান** | কার্যক্রমের পরিমাণ বা সংখ্যা যা প্রদান করা হয়েছে | কতগুলো SRH সেশন সম্পন্ন হয়েছে?<br>কতগুলো SRH সম্পর্কিত বিষয় পড়ানো হয়েছে? | সীমিত সংখ্যক বিষয় সম্পন হওয়া<br>মুল্যায়নের বিষয়সমুহ কার্যক্রমের অন্তর্ভুক্ত নয় | পাঠ পরিকল্পনা<br>বিশ্বস্ততা ট্র্যাকার |
| **ডোজ গ্রহন** | কার্যক্রম নিয়ে অংশগ্রহণকারীরা কি পরিমান সন্তুষ্ট | SRH সেশন এর কোয়ালিটিকে মেয়েরা কিভাবে রেটিং দিয়েছে?<br>ফ্যাসিলিটর কি তথ্য সন্তোষজনক ভাবে প্রদান করেছে? | বিষয়বস্তু গুলো মেয়েদের বা মেয়েদের আগ্রহের সাথে সম্পর্কিত নয়<br>সেবা প্রদানের জন্য ফ্যাসিলিটর যথাযথভাবে প্রশিক্ষিত নয় | সন্তুষ্টি জরিপ<br>ফ্যাসিলিটদের মুল্যায়ন |
| **ফিডেলিটি (বিশ্বস্ততা)** | কার্যক্রমটির কতটুকু পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়িত হয়েছে | কারিকুলামের নির্দেশনা অনুযায়ী SRH সেশন করা হয়েছে কি?<br>কার্যক্রমের অন্যান্য উপাদান সমূহ যেমন রেফারেল টু সার্ভিসেস কি পরিকল্পনা মোতাবেক প্রয়োগ করা হয়েছে?<br>কার্যক্রমের মান কী ছিল? | বাহ্যিক কারণে পরিকল্পনা মোতাবেক কর্মকাণ্ড থেকে বিচ্যুতি<br>কাজ পরিচালনা করার জন্য অপর্যাপ্ত প্রশিক্ষণ | বিশ্বস্ততা পরিমাপক<br>প্রি এবং পোস্ট সার্ভে |
| **বিষয়বস্তু (কন্টেক্সট)** | কার্যক্রমের বাইরের বিষয় বস্তু যা ফলাফলের প্রয়োগকে বাধাগ্রস্থ করতে পারে | কোন কারণে সেশন বাতিল বা বিলম্বিত হয়েছিল?<br>এমন কোন বড় ইভেন্ট কি ঘটেছে যেটি মেয়েদেরকে পরিকল্পনা মোতাবেক ভাবে অংশগ্রহণ করতে বাধা দিয়েছে?<br>একই ধরনের অন্য কার্যক্রম কি চলছে যেখান থেকে মেয়েরা অতিরিক্ত তথ্য পাচ্ছে? | বাহ্যিক কারণের কারণে কার্যক্রমে বাধা<br>WGSS এর সাথে একই ধরনের কার্যক্রমে প্রতিদ্বন্দ্বিতা | প্রাসঙ্গিক বিশ্লেষণ |

# ৬. মূল্যায়ন এর ডিজাইন করা

**নোটঃ** এই অধ্যায়ে রয়েছে মূল্যায়ন প্রোগ্রাম ডিজাইনের প্রাথমিক বিষয়গুলো। যদিও এটা হয় না যে ফিল্ড স্টাফরা মূল্যায়ন ডিজাইন করবে কিন্তু মূল্যায়ন করা কেন এত জরুরী এবং কি ধরনের ডাটা সংগ্রহ করতে হবে এটা জানা প্রোগ্রামের বাস্তবায়নের জন্য কাজ করছে এমন সবার জন্য জরুরী। মূল্যায়নের ডিজাইন নিয়ে ফিল্ড স্টাফ দের সাথে আলোচনা করা জরুরী যেহেতু এটা ASRH কার্যক্রমের উদ্দেশ্যের সাথেও সম্পর্কিত।

## মূল্যায়ন কী পরিমাপ করে?

মূল্যায়ন ঠিক করে যে পরিবর্তনটি ইন্টারভেনশনের মাধ্যমে আসবে আশা করা হয়েছিল সেটি সেই আশান্বিত পরিবর্তনটি এনেছে কিনা। এটি সাধারণত আগে থেকে নির্ধারিত পয়েন্টগুলোতেই হয়, ইন্টারভেনশন চলাকালীন এবং / অথবা ইন্টারভেনশন শেষ হওয়ার পর হয়ে থাকে, এবং এটিতে রুটিন মনিটরিং এর থেকেও বাড়তি ডাটার প্রয়োজন হয়। মূল্যায়নের জটিলতার উপর নির্ভর করে অতিরিক্ত রিসোর্স এবং স্টাফ নিয়োগের বরাদ্ধ প্রয়োজন হতে পারে যারা তথ্য সংগ্রহ, বিশ্লেষণ এবং রিপোর্টিং এ কাজ করবে।

মূল্যায়ন সাধারণত পরিচালনা করা হয় যাতে *ফলাফল* অথবা *প্রভাব* (অথবা দুটোই) পরিমাপ করা যায়। এটি আমাদেরকে নিম্নোক্ত প্রশ্নের উত্তর দিতে সাহায্য করেঃ

- লক্ষ্য করা উদ্দেশ্যটি কি ইন্টারভেনশনটি অর্জন করেছে?
- আমাদের ইন্টারভেনশনের কি কোন অনিচ্ছাকৃত পরিণতি ছিল?
- আমাদের হস্তক্ষেপের ফলে কি পরিবর্তনগুলি ঘটেছিল?
- ইন্টারভেনশনটিকে আরো কিভাবে উন্নত করা যায় যাতে এটা লক্ষ্য করা উদ্দেশ্য আরো ভালো ভাবে অর্জন করতে পারে?

## মূল্যায়নের ডিজাইন বাছাই করা

যত দ্রুত সম্ভব মূল্যায়নের ডিজাইন বিবেচনা করা উচিত এবং দুটি মুখ্য বিবেচ্য বিষয় হলো- *কখন* ডাটা সংগ্রহ করবো এবং *কার কাছ থেকে* ডাটা সংগ্রহ করবো, এই সিদ্ধান্তগুলি আমাদেরকে বলার সক্ষমতাকে প্রভাবিত করবে যে আমাদের ইন্টরভেনশনটি নির্দিষ্ট পরিবর্তন এনেছে কিনা। উদাহরণ স্বরূপ, যেসব কিশোরী মেয়েরা SRH সেশনে উপস্থিত ছিলো তাদের কাছ থেকে শুধু ইন্টারভেনশনের শেষে ডাটা সংগ্রহ করা হলো। তখন আমরা হয়ত গ্রুপটির SRH সম্পর্কিতজ্ঞান, মনোভাব এবং আচরণ পরিমাপ করতে পারব, কিন্তু আমরা এটা জানতে পারবোনা যে ইন্টাভেনশনের আগে এবং আমাদের ডাটা সংগ্রহ করার সময়ের মাঝে কোনো পরিবর্তন এসেছে কিনা এবং এই পরিবর্তনটি ইন্টারভেনশনে অংশগ্রহণের ফলাফল কিনা।

পরিবর্তনগুলো আমাদের ইন্টারভেনশনের ফলাফল কিনা তা পরিমাপ করার ২টি ভালো উপায় আছেঃ

- আমাদের ইন্টারভেনশন শুরু হওয়ার আগে আংশগ্রহণকারীদের কাছ থেকে ডাটা সংগ্রহ করে (*বেসলাইন*) এবং সংগ্রহ ইন্টারভেনশন শেষ হওয়ার পরে ডাটা সংগ্রহ করে। (*এন্ডলাইন*)
- একই রকম আরেকটি গ্রুপ থেকে ডাটা সংগ্রহ করে যারা আমাদের ইন্টারভেনশনে অংশগ্রহণ করেনি। (*একটি কন্ট্রোল অথবা কম্পেরিসন গ্রুপ*)


সাধারণত এই দুটি পন্থার মিশ্রণ আমাদের সবচেয়ে সঠিক ভাবে জানায় যে আমাদের ইন্টারভেনশনের ফলাফল সরূপ কোন পরিবর্তন হয়েছে কিনা। যেটার মানে হলো ডাটা সংগ্রহ করা ইন্টারভেনশনের শুরুতে এবং ইন্টারভেনশন চলাকালীন এবং শেষে বিভিন্ন পয়েন্টে এবং পরিমাপ করার মাধ্যমে যারা ইন্টারভেনশনে অংশগ্রহণ করেছে এবং যারা করেনি, অবশ্যই এই ধরনের মূল্যায়ন ডিজাইনের খরচ অনেক বেশী, এবং আচরণের পরিবর্তন দেখতে পারার জন্য বেসলাইন এবং এন্ডলাইনের মধ্যে পর্যাপ্ত সময়ের প্রয়োজন হয়। সেখানে প্রয়োজন সতর্ক পরিকল্পনা মূল্যায়নের জন্য যাতে ইন্টারভেনশনের শুরুর আগে ইন্টারভেনশন গ্রুপ থেকে ডাটা সংগ্রহ করা নিশ্চিত করা যায় এবং উপযুক্ত কম্পেরিসন (তুলনা) গ্রুপ সনাক্ত করা যাদের কাছ থেকে ইন্টারভেনশন শেষে ডাটা সংগ্রহ করতে হবে।

আদর্শভাবে, নৈতিক ডিলেমা এড়ানোর জন্য কম্পেরিসন (তুলনা) গ্রুপটিরও কার্যক্রম গ্রহণ করা উচিত। প্রোগ্রাম স্টাফদের এটা নিশ্চিত করা উচিত যে সেখানে প্রোগ্রামিং চালিয়ে যাওয়ার ক্ষমতা আছে যদি মূল্যায়নের কাজে কম্পেরিসন গ্রুপকে প্রথমে ব্যবহার করা হয়।

## মূল্যায়নের ফলাফলকে শক্তিশালী করা

বাস্তবে, প্রায়ই কেসে একটি মূল্যায়ন ডিজাইন যতটা শক্তিশালী হবে বলে আমরা আশা করি ততটা হয়না। সম্ভবত কার্যক্রম শুরু হয়ে যাওয়ার পর মূল্যায়নটি পরিকল্পনা করা হয়, তাই বেসলাইন ডাটা সংগ্রহ করার কোন উপায় থাকে না, অথবা কোন বাধার কারণে কম্পেরিসন গ্রুপের ডাটা সংগ্রহ করা সম্ভব হয়না, যখন উপযুক্ত নয়, এই সকল কেসে মূল্যায়নকে শক্তিশালী করার কিছু উপায় রয়েছে। যদি কোন বেসলাইন ডাটা সংগ্রহ করা না হয়ে থাকে, এই সমস্ত অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করা যে কার্যক্রমের ফলাফল সরূপ জ্ঞান, মনোভাব ও আচরণে কোন পরিবর্তন হয়েছে কিনা। এটা বিশেষত সম্ভব গুণগত পদ্ধতি দ্বারা, যেহেতু অংশগ্রহণকারীরা আরো বিস্তারিত বর্ণনা প্রদান করতে পারে যে কার্যক্রমটি কিভাবে তাদের প্রভাবিত করেছে। যদি কোন কম্পেরিসন গ্রুপ না থাকে, যারা কার্যক্রমে অংশগ্রহণ করেছে তাদের সাথে সম্প্রদায়ের কিশোরী মেয়েদের বিদ্যমান তথ্যের তুলনা করা যেতে পারে। আরেকটি সহজ পদ্ধতি হলো নতুন একটি অংশগ্রহণকারী গ্রুপদের ডাটাকে তুলনা করার জন্য বেসলাইন হিসাবে ব্যবহার করা, যে গ্রুপ কার্যক্রমটি সম্পন্ন করেছে তাদের ডাটার সাথে।

### মূল্যায়নের শক্তি



## মূল্যায়নের প্রভাবের উপর একটি নোট

মূলত, আমাদের কার্যক্রমের লক্ষ্য হচ্ছে কিশোরী মেয়েদের স্বাস্থ্য এবং কল্যাণ এর উপর দীর্ঘস্থায়ী, ইতিবাচক প্রভাব তৈরী করা। প্রায়ই, প্রভাবের মূল্যায়নের উল্লেখ করা হলে বোঝানো হয় ফলাফলের মূল্যায়ন। আমাদের সংজ্ঞা অনুযায়ী, একটি প্রভাব মূল্যায়ন পরিমাপ করে যে আমাদের কার্যক্রমের ফলাফল সরূপ কিশোরী মেয়েদের SRH - এ কোন পরিবর্তন এসেছে কিনা। আমরা নিম্নলিখিত অধ্যায়ে যখন দেখব, এই স্তরে পরিবর্তনের পরিমাপ করা অবিশ্বাস্য জটিল হতে পারে, এবং যথেষ্ট সময় এবং রিসোর্স (উৎস) এর প্রয়োজন হয়। স্বাস্থ্য ফলাফলের সাথে আমাদের নির্দিষ্ট কার্যক্রম নিবন্ধন করা কঠিন হতে পারে, যেহেতু একই রকম প্রোগ্রাম একই সম্প্রদায়ে চলমান হতে পারে, যার মাধ্যমে কিশোরী মেয়েদের মধ্যে বিভিন্ন ধরণের স্বাস্থ্য ইন্ডিকেটরের উন্নতির ফলাফল হয়েছে। প্রভাবের মূল্যায়ন সবচেয়ে কাজের হতে পারে যদি একটি কার্যক্রম একটি জায়গায় অনেক লম্বা সময় পর্যন্ত থাকে, এবং যেই সম্প্রদায়ে সেবা দেয় তারা যদি ডাটা সংগ্রহ করতে কোন বড় চ্যালেঞ্জ জাহির না করে।

### ডি. মূল্যায়নের টুলসমুহ

- মূল্যায়নের চেকলিস্ট
- বডি ম্যাপিং
- সম্প্রদায়ের ম্যাপিং
- জ্ঞান, মনোভাব এবং অনুশীলন পরিমাপ করার জন্য জরিপ
- সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিবর্তন পদ্ধতি

# ৭. তথ্যসংগ্রহ

**নোটঃ** সরাসরি কিশোরী মেয়েদের থেকে ডাটা সংগ্রহের কাজে ভারপ্রাপ্ত ফিল্ড স্টাফদের নৈতিক ডাটা সংগ্রহের নীতিমালা গুলো বুঝতে হবে। ফিল্ড স্টাফ রাও ইনপুট দিতে পারে এবং ভুল করতে পারে যখন মূল্যায়নের অংশ হিসেবে শক্ত-সমর্থ ডাটা সংগ্রহ করা হয়। এই অধ্যায়টি ডাটা সংগ্রহের সাথে সম্পর্কিত মূল নীতিমালা এবং ধারণার সাথে পরিচিতি দিবে এবং ফিল স্টাফদের ক্যাপাসিটি বাড়ানোর একটি অংশ হবে।

## ডাটা সংগ্রহের প্রণালী

তথ্য সংগ্রহের জন্য প্রণালী ও সরঞ্জাম নির্ধারণ করা হয় কি ধরনের মূল্যায়ন আমরা করেছি এবং কি ধরনের তথ্য আমাদের দরকার এগুলো অবগত করার মাধ্যমে। পর্যবেক্ষণ ও মূল্যায়নের গঠন থেকে আমাদের একটা ভালো আইডিয়া হবে আমাদের কি ধরনের তথ্য দরকার হবে তা নিয়ে। আমাদের নির্বাচন করা ফলাফলটি পরিমাপ করতে, সরঞ্জামগুলো বাছাই করতে অথবা ডিজাইন করতে সাহায্য করবে।

তথ্য সংগ্রহ করার দুইটি প্রধান দুটি পদ্ধতি আছেঃ পরিমাণগত এবং গুণগত। ***পরিমাণগত প্রণালী*** ফোকাস করে আপনাকে বলতে 'কত', 'কতগুলো'এবং 'কোন সীমা পর্যন্ত'। তথ্য সাধারণত উপস্থাপন করা হয় সংখ্যায় এবং/বা শতাংশে। তথ্য সংগ্রহের ধরনের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে সার্ভে, রেজিস্টার, সার্ভিস পরিসংখ্যান এবং পর্যবেক্ষণ চেকলিস্ট। ***গুণগত প্রণালী*** প্রদান করে অভিজ্ঞতার উপলব্দি এবং বিশ্বাস। এদিকে, গুণগত ডাটা সংগ্রহের সবচেয়ে প্রচলিত ধরনের অন্তর্ভুক্ত হলো ফোকাস গ্রুপের আলোচনা এবং গভীর ইন্টারভিউ গুলো।

এই গাইডে উপাস্থাপন করা বেশির ভাগ ইন্ডিকেটর পরিমাণগত ভাবে পরিমাপ করা। যখন ইন্ডিকেটরের প্রকৃতি এমন হয়, আমরা খুব বেশি সাজেস্ট করি যাতে গুণগত ডাটা পরিমাণগত ডাটার পরিপূরক হয়। মূল্যায়ন শুধু কাজটি করা হয়েছে কিনা দেখার জন্য করা হয়না, এটা বুঝার জন্য করা হয় সে পরিবর্তন কিভাবে এবং কেন হয়েছে। পরিমাণগত এবং গুণগত ডাটা সংগ্রহ একত্র করার মাধ্যমেই আমরা এটা করতে পারব। এটা আমাদেরকে আমাদের কার্যক্রম এর সফলতা ও সীমাবদ্ধতা সম্পর্কে বিস্তারিত হিসাব জানায় এবং ভবিষ্যতের কার্যক্রমে কী কী সমন্বয় করতে হবে তা সম্পর্কে আমাদের আরও ভালোভাবে অবগত করে।

## কিশোরীদের থেকে তথ্যসংগ্রহ

কিশোরীদের থেকে তথ্য সংগ্রহের অনুরোধের জন্য বিশেষ বিবেচনার প্রয়োজন, বিশেষ করে যখন যৌন ও প্রজনন স্বাস্থ্য সম্পর্কিত সংবেদনশীল বিষয় সম্পর্কে জিজ্ঞাসা করা হচ্ছে। কিশোরীদের কাছ থেকে কোনো তথ্য সংগ্রহ করার আগে, সম্মতি, অনুমতি, পরিচয়গোপন, গোপনীয়তা এবং তথ্য জমা সহ নৈতিক বিবেচনার জন্য সতর্কতা প্রদান করতে হবে।

***কন্সেন্ট (অনুমতি)ঃ*** কনসেন্ট বলতে বুঝায় কিছু ঘটার জন্য অনুমতি দেওয়ার কথা। গবেষণায়, অনুমতি পাওয়া বলতে একজন ব্যক্তি গবেষণায় অংশগ্রহণের জন্য অনুমতি পাওয়ার আনুষ্ঠানিক প্রক্রিয়াকে বুঝায়। অধিকাংশ ব্যবস্থায়, শিশুদের (যারা আইনি সংখ্যা গরিষ্ঠতার বয়সে পৌঁছান নি), গবেষণায় অংশগ্রহণের সিদ্ধান্ত নিতে ক্ষমতার অভাব রয়েছে এবং আইনত বৈধ, স্বায়ত্তশাসিত সম্মতিপ্রদান করতে পারে না। এর পরিবর্তে, একজন অভিভাবক বা মা-বাবার থেকে সম্মতি শিশুর গবেষণায় অংশগ্রহণের জন্য প্রয়োজনীয়।

***এ্যাসেন্ট (সম্মতি)ঃ*** এ্যাসেন্ট বলতে বোঝায় "গবেষণা, মূল্যায়ন বা তথ্য সংগ্রহে ব্যাক্তিদের অংশগ্রহণের ইচ্ছা, যারা সম্মতি দেওয়ার জন্য কম বয়সি... কিন্তু সাধারণভাবে প্রস্তাবিত গবেষণা, এটার সম্ভাব্য ঝুঁকি ও প্রত্যাশিত সুবিধা এবং তাদের থেকে প্রত্যাশিত কাজ বোঝার জন্য যথেষ্ট বয়সি। ১১ সম্মতি, শিশুদের ও কিশোরীদের, তাদের অংশগ্রহণের উপর মালিকানা গ্রহণ করার ক্ষমতা এবং তারা অংশগ্রহণ করতে চায় কিনা তা নিজেদের সিদ্ধান্ত নিতে দেয়।

যদিও আপনার M&E কর্মকান্ডগুলো আনুষ্ঠানিক গবেষণা নাও হতে পারে, তারপরও সম্মতি এবং অনুমতি পাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি যে শুধু অংশগ্রহণকারীদের এবং তাদের বাবা-মা ও অভিভাবকদের গবেষণার উদ্দেশ্য বোঝার ক্ষমতাই

প্রদান করে তা নয়, এটি তাদের দায়িত্ব নিতে এবং অংশগ্রহণের সম্ভাব্য ঝুঁকি ও সুবিধাও বিবেচনা করতে দেয়। পিতা-মাতা বা অভিভাবকের কাছ থেকে সম্মতি পাওয়া উচিত, একই সাথে উচিত অংশগ্রহণকারীদের কাছ থেকে সম্মতি পাওয়া (যদি তারা ১৮ বছরের কম হয়)। যেকোনো ***তথ্য সংগ্রহ শুরু হওয়ার আগে*** সম্মতি এবং অনুমতি দুটিই পাওয়া আবশ্যক। সম্মতি বা অনুমতি মৌখিক কিংবা লিখিতভাবে পাওয়া যায় কিনা তা নির্ভর করে জনসংখ্যার সাক্ষরতার উপর। কিভাবে একটি সম্মতি এবং অনুমতিপত্র তৈরি করতে হয় সেই সহায়তা পেতে অনুমতি তৈরির টুল সম্মতি ফর্ম নির্মাতা, সেকশন ই দেখুন।

নীতিসম্মত তথ্য সংগ্রহের আরেকটি অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদান হল ***অজ্ঞাতপরিচয়তা এবং গোপনীয়তা*** রক্ষা করা। অপ্রকাশিতকারী অর্থ বলতে বুঝায় যে, ব্যক্তিগত বিষয়ের (নাম, বসবাসের স্থান ইত্যাদি) কোন তথ্য যেন শনাক্ত করা না যায়। গোপনীয়তা বজায় রাখার মানে হল যে শুধুমাত্র তথ্য সংগ্রহে জড়িত কিছু ব্যক্তি পৃথক ব্যাক্তির প্রতিক্রিয়া সনাক্ত করতে পারে; এছাড়াও বাইরের কেউ যেন ব্যাক্তির প্রতিক্রিয়া নিয়ে তাদের সাথে যুক্ত হতে না পারে সেই চেষ্টা থাকতে হবে। এনয়মিটি আর কনফিডেন্টিয়ালিটি রক্ষা করা নৈতিক ডাটা কালেকশন এর আরেকটি জটিল উপাদান। এনয়মিটি বলতে বোঝায় এমন কোন তথ্য না দেয়া যা দিয়ে আলাদা ভাবে কাউকে চেনা যায় (নাম, ঠিকানা ইত্যাদি)। কনফিডেনশিয়ালিটি রক্ষা করা বলতে বোঝায় যে শুধুমাত্র তথ্য সংগ্রহ এর সাথে সম্পর্কিতরাই আলাদা বিষয়ে তাদের প্রতিক্রিয়া শনাক্ত করতে পারবে এবং বাইরের কারো তাদের প্রতিক্রিয়ার সাথে সম্পৃক্ততা হওয়া থেকে রক্ষা করতে পারতে হবে।

সাধারণত, সেফ স্পেসে ASRH কার্যক্রমের পর্যবেক্ষণ এবং মূল্যায়নের উদ্দেশ্যে, তথ্য সংগ্রহ উভয় পরিচয় এবং গোপনীয়তা প্রদান করা উচিত। যে কোন তথ্য সংগ্রহ যেটি একটি মেয়ের ব্যক্তিগত তথ্য (যেমন নিবন্ধন ফর্ম) পৃথক রাখা উচিত এবং অন্যান্য তথ্যের সাথে পরিষ্কার সংযোগ রাখা যাবে না। ***তথ্য সংরক্ষণ*** এটি নিশ্চিত করবে যে অন্য কেউ যেন তথ্য অ্যাক্সেস করতে না পারে। কম্পিউটারে সংরক্ষিত তথ্যের জন্য, নিশ্চিত করুন যে ফোল্ডার এবং ফাইলগুলি পাসওয়ার্ড দ্বারা সুরক্ষিত। কাগজ-ভিত্তিক তথ্যের জন্য, তালাবদ্ধ ড্রয়ারের বা ক্যাবিনেটে ফাইলগুলি রাখুন।

## ডাটা সংগ্রহের টিম গঠন

একটি শক্তসমার্থক মূল্যায়নের ডাটা সংগ্রহ করা কোন ছোট কাজ নয়। এটার জন্য পর্যাপ্ত পরিমাণ রিসোর্স দরকার হয় এবং বেশির ভাগ সময় সংগ্রহ করতে অতিরিক্ত স্টাফ দরকার হয়। একটি মূল্যায়নের সফলতা অনেক বেশি নির্ভর করে ডাটা কালেকশন টিমের বাছাই, ট্রেইনিং এবং সুপারভিশনের (পর্যবেক্ষণ) উপর। ডাটা সংগ্রহকারী বাছাই করার ক্ষেত্রে কিছু মূল বিবেচনা থাকেঃ

- ***বয়সঃ*** প্রসঙ্গের উপর নির্ভর করে কিশোরী মেয়েরা তাদের কাছাকাছি বয়সের কারো সাথে তথ্য শেয়ার করতে স্বাচ্ছন্দ বোধ করতে পারে। যদি বাবা-মা, কেয়ারগিভার অথবা সম্প্রদায়ের অংশীদারদের ডাটা সংগ্রহ করতে হয়, এই কাজের জন্য সামান্য বড় বয়সী ডাটা সংগ্রহকারী সঠিক হবে।কিনা।
- ***লিঙ্গঃ*** ডাটা সংগ্রহ যদি কিশোরী মেয়েদের কাছ থেকে করতে হয় তবে ডাটা সংগ্রহের টিম মহিলাদের হওয়া উচিত। ডাটা সংগ্রহ যদি পুরুষদের কাছ থেকে হয় যেমন বাবা অথবা মূল তথ্যদাতা পুরুষ, তবে তখন পুরুষ ডাটা সংগ্রহকারী নিয়োগের প্রয়োজন হতে পারে।
- ***বাসস্থানের জায়গাঃ*** আদর্শভাবে, ডাটা সংগ্রহের টিমের অন্তর্ভুক্ত ব্যক্তিগণের উচিত সম্প্রদায়ে অবস্থান করা।

১১ UNICEF, *Procedure for Ethical Standards in Research, Evaluation, Data Collection and Analysis*, New York: United Nations Children's Fund, 2015, https://www.unicef.org/supply/files/ATTACHMENT_IV-UNICEF_Procedure_for_Ethical_Standards.PDF.

### বক্স ৫. ডাটা সংগ্রহের টিমের কাজের বিবরণের উদাহরণ

**উদ্দেশ্যঃ** গবেষণার কাজ পরিচালনা করা কিশোরী মেয়েদের উপর ASRH কার্যক্রমের প্রভাব নির্ধারণ করার জন্য.

**মূখ্য দায়িত্বসমূহ**

- অভিভাবক কেয়াগিভার এবং অন্যান্য সম্প্রদায়ের সদস্যদের ইন্টারভিউ পরিচালনা করা
- কিশোরী মেয়েদের সাথে গবেষণার অংশগ্রহণমুলক কাজে নেতৃত্ব দেয়া।
- ট্রেনিং এবং ডাটা সংগ্রহের সকল পরিপেক্ষিত সক্রিয় অংশগ্রহণ।
- ডাটা সংগ্রহ এবং সঞ্চয়ের নৈতিক নির্দেশনা মেনে চলা।
- বরাদ্দ করা অন্যান্য কাজ গুলো সম্পাদন করা।

**যোগ্যতা**

- ইংরেজি এবং লোকাল ভাষা সাবলীল ভাবে বলতে এবং লিখতে সক্ষম।
- কিশোরী মেয়েদের যৌন এবং প্রজনন স্বাস্থ্য উন্নত করার সাধারন জ্ঞান এবং অঙ্গীকার থাকা।
- কিশোরী মেয়েদের সাথে কাজ করে স্বছন্দ বোধ করা
- খুব ভালো যোগাযোগ এবং ফেসিলিটেশন এর দক্ষতা।
- টেকনোলজি ব্যবহার করা (টাইপিং এবং ওয়ার্ড প্রসেসিং, মোবাইল ফোনে ডাটা এন্টার করা)
- সামাজিক বিজ্ঞান অথবা শিক্ষকতায় থাকা (বাঞ্ছনীয়)

## বক্স ৬. স্যাম্পলিং (নমুনা)

সেম্পল হলো একটি জনসংখ্যা যার উদ্দেশ্য হলো পুরো জনসংখ্যার প্রতিনিধি হওয়া। স্যাম্পলিং আমাদের সময় এবং রিসোর্স বাঁচায় সবার কাছ থেকে অথবা বেশির ভাগেই জনের কাছ থেকে ডাটা সংগ্রহ না করে শুধুমাত্র কার্যক্রমে অংশগ্রহণকারীদের প্রতিনিধি সাবসেট থেকে এই তথ্য যাচাই করার মাধ্যমে।

আপনি কি গুণগত নাকি পরিমাণগত পদ্ধতি ব্যবহার করছেন তার ওপর ব্যাপকভাবে নির্ভর করে স্যাম্পলিং প্রক্রিয়া পৃথক হবে। পরিমাণগত পদ্ধতির জন্য আমাদেরকে নিশ্চিত করতে হবে যেন সবার নির্বাচিত হওয়ার সমান সুযোগ থাকে। সাধারণত কতজন অংশগ্রহণকারী দরকার হবে তা আমাদের হিসাব করতে হবে মোট জনসংখ্যার উপর নির্ভর করে একবার স্যাম্পল সাইজ নির্ধারিত হয়ে যাওয়ার পরে অংশগ্রহণকারী বাছাই করার বিভিন্ন রকমের পন্থা রয়েছে। একটি প্রতিনিধি যে একটি স্যাম্পল সেট নিশ্চিত করার সবচেয়ে ভালো উপায় হলো এলোমেলো ভাবে স্যাম্পলিং পরিচালনার করা। এটার জন্য প্রয়োজন হয় সকল অংশগ্রহণকারীদের একটি লিস্ট এবং লিস্ট থেকে এলোমেলোভাবে বাছাই করা। সেফ স্পেস এ ASRH কার্যক্রম মূল্যায়ন জন্য জটিল স্যাম্পলিং পদ্ধতি ব্যবহার করার সম্ভাবনা খুবই কম। কম্প্যারিসন গ্রুপের অংশগ্রহণকারী পাওয়ার জন্য একটি স্যাম্পলপরিচালনা করা যথেষ্ট হবে।

গুণগত পদ্ধতিতে স্যাম্পল সাইজ নির্ধারণ করার জন্য সংখ্যা পদ্ধতি গুলো ব্যবহার করা হয়না। উল্টো আমরা সম্পৃক্ততার ধারণা করতে মনোযোগ দেই। এটা মানে হচ্ছে ডাটা সংগ্রহ করতে থাকা যতক্ষণ আরও ডাটা সংগ্রহ ইমধ্যেই সব মিলিয়ে যা লক্ষ্য করা গেছে তাতে যোগ দেই একটু ও। এটা আগে থেকে জানা খুবই মুশকিল যে কত তাড়াতাড়ি এটা হবে। একটি ভালো চলতি নিয়ম হচ্ছে প্রায় ২০ টি গবেষনা কার্যকলাপ পরিচালনা করা সেটা প্রকৃত ইন্টারভিউ হোক অথবা গ্রুপে আলোচনা হোক। গুণগত পদ্ধতির জন্য অংশগ্রহণকারী বাছাই করার পদ্ধতি সমানরূপে গুরুত্বপূর্ণ। প্রায়ই অংশগ্রহণকারীদের বাছাই করা হয় নির্দিষ্ট বৈশিষ্ট্যের কোটা পূরণ করার জন্য, উদাহরণস্বরূপ ছোট কিশোরী মেয়ে, বড় কিশোরী মেয়ে, স্কুলের কিশোরী মেয়ে, মা/মহিলা কেয়ারগিভার, বাবা/পুরুষ কেয়ারগিভার ইত্যাদি।

স্যাম্পলিং পদ্বতির উপর অতিরিক্ত নির্দেশনা এখানে পাওয়া যাবেঃ

**https://betterevaluation.org/en/rainbow_framework/describe/sample**

## ই. ডাটা সংগ্রহের জন্য সরঞ্জাম

- কন্সেন্ট ফর্ম নির্মাণ
- তথ্য বিশ্লেষণ পরিকল্পনা

# ৮. ডাটা বিশ্লেষণ এবং ফলাফল রিপোর্টিং

## ডাটা বিশ্লেষণের ধাপসমূহ

তথ্য সংগ্রহের কোন মূল্যই নেই যদি না তা বিশ্লেষণ করা হয় এবং তা পরবর্তীতে কার্যক্রমের পরিবর্তনগুলো জানায়। মূল্যায়নের সময় সংগ্রহ করা তথ্য বিশ্লেষণ করার পাঁচটি মুখ্য ধাপ রয়েছেঃ

১. তথ্য বিশ্লেষণের প্ল্যান করে তোলা

২. তথ্যসমূহ ক্রমানুসারে সাজানো

৩. তথ্য বিশ্লেষণ

৪. ট্রায়াঙ্গুলেশন

৫. ব্যাখ্যা দেওয়া

এই ধাপগুলো পরিমাণগত ও গুণগত তথ্য বিশ্লেষণ এবং বিভিন্ন রকম মূল্যায়নে প্রয়োগ করা হয়। এই অধ্যায়ে প্রতিটি ধাপ নিয়ে আলোচনা করা হবে।

***ডেটা বিশ্লেষণ পরিকল্পনা তৈরি করা***

কিভাবে ডাটা ও তথ্য সাজানো এবং বিশ্লেষণ করা হয় সেটির উপর নির্ভর করে, ডাটা সংগ্রহের ওপর ডাটা বিশ্লেষণ পরিকল্পনা প্রসারিত করা হয়। ডাটা সংগ্রহ ও বিশ্লেষণ এবং সংগৃহীত তথ্যের ব্যবহারের উদ্দেশ্যও পরিকল্পনাটির মাধ্যমে দেখানো করা উচিত। পরিকল্পনাটি ডেটা সংগ্রহ ও বিশ্লেষণ এবং সংগৃহীত তথ্যের ব্যবহারের উদ্দেশ্যও সরবরাহ করা উচিত। Annex ই-২ টেমপ্লেট এমন তথ্যের নির্দেশনা দেয় যা বিশ্লেষণ পরিকল্পনার অংশ হওয়া উচিত। ডেটা বিশ্লেষণ পরিকল্পনার বিকাশে, সঠিক ডেটা বিশ্লেষণের জন্য প্রয়োজনীয় সময়সীমা থাকা জরুরী। গুণগত ডাটার জন্য একটি ভালো প্রচলিত নিয়ম হলো প্রত্যেক ঘন্টা রেকর্ডিং এর জন্য প্রতিলিপি ও বিশ্লেষণ করতে তিন ঘন্টা সময় ব্যয় করা।

পরিমাণগত ডেটা বিশ্লেষণ সময়সাপেক্ষ নাও হতে পারে, তবে ফলাফলগুলি বোঝার জন্য এবং তাদেরকে গুণগত তথ্যের সাথে সংযুক্ত করার জন্য যথেষ্ট পরিমাণ প্রচেষ্টা দরকার।

***তথ্যসমূহ ক্রমানুসারে সাজানো***

একটি মূল্যায়ণ অনেক তথ্য উত্পন্ন করতে পারে যা বিশ্লেষণে অসম্ভব বলে মনে হতে পারে। উপাদানগুলো সংগঠিত করা জরুরী যাতে বিশ্লেষণটি একটি সুস্পষ্ট এবং কাঠামোগত পদ্ধতিতে এগিয়ে যেতে পারে। পরিমাণগত ডেটার জন্য, Excel এর মতো সফ্টওয়্যার সহ সাধারণ স্প্রেডশিট ব্যবহার করে সমন্বিত করা যেতে পারে, বা আরও জটিল ডেটার জন্য CSPro এর মতো ডেটা প্রসেসিং সফ্টওয়্যারে ডেটা প্রবেশ করানো যেতে পারে। এরপরে ডেটা বাছাই করা জরুরী, যার অর্থ এন্ট্রিগুলো প্রয়োজনীয় হিসাবে যাচাই করার জন্য স্প্রেডশিট বা ডেটা এন্ট্রিগুলি সাবধানতার সাথে মূল নথির সাথে পরীক্ষা করা।

গুণগত ডেটা সমন্বিত করা কিছুটা চ্যালেঞ্জিং হতে পারে। সমস্ত নোট টাইপ করা উচিত; যদি গবেষণা কার্যক্রম অডিও-রেকর্ড করা থাকে এবং যদি সময় এবং ক্ষমতা থাকে তবে অডিও-রেকর্ডিংগুলি প্রতিলিপি দেওয়া ভাল। দলটিকে তারপরে নিশ্চিত করা উচিত যে সেশন এবং / অথবা ট্রান্সক্রিপশনগুলির নোটগুলিকে প্রতিটি এফজিডি ১ হিসাবে একটি কোড বরাদ্দ করা। একটি টেবিল তৈরি করা উচিত যা প্রতিটি প্রতিলিপির (তারিখ, অবস্থান, গোষ্ঠী বৈশিষ্ট্য, সুবিধার্থী ইত্যাদি) জন্য প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে। এটি প্রতিলিপি থেকে গ্রুপ তথ্য সনাক্তকরণ পৃথক রাখতে সহায়তা করে। আমরা যখন বিশ্লেষণ শুরু করি, কোন প্রতিলিপি পর্যালোচনা করা হয়েছে তা ট্র্যাক করতে আমরা এই টেবিলটি ব্যবহার করতে পারি।

***ডেটা বিশ্লেষণ***

তথ্যের প্রবণতা বা নিদর্শনগুলি সনাক্ত করার জন্য ডেটা বিশ্লেষণ করা হয় যা মুল্যায়নের জন্য সংগ্রহ করা হয়েছিল। আমরা বেশিরভাগ পরিবর্তন বা পার্থক্যগুলি দেখতে আগ্রহী- হয় কার্যক্রমের আগে বা পরে, বা যারা কার্যক্রমে অংশ নিয়েছিল তাদের মধ্যে পার্থক্য এবং যারা তুলনামূলক গ্রুপে বিদ্যমান (বা উভয়)।

এটি করার সহজ উপায়গুলির মধ্যে একটি হল ইন্ডিকেটরগুলোর তুলনা করা এটি দেখার জন্য যে এর মধ্যে কোনো লক্ষণীয় পার্থক্য আছে কিনা।

আরো উন্নত পরিসংখ্যান কৌশল রয়েছে যা আমাদের দেখতে দেয় যে, পর্যবেক্ষিত পার্থক্যগুলো ঘটনাক্রমে এসেছে নাকি তারা আমাদের কার্যক্রমের ফলাফল হিসেবে এসেছে। এটি নির্ণয় করার জন্য ডেটা বিশ্লেষণে কিছু উন্নত দক্ষতা প্রয়োজন এবং এটি নকশা পর্যায়ে পরিকল্পনা করা উচিত যাতে পর্যাপ্ত সময় এবং উৎস বরাদ্দ হয়। 'হাইপোথিসিস টেস্টিং' যা পরিচালনার জন্য আপনাকে সম্ভবত উন্নত ডেটা বিশ্লেষণে দক্ষ কোনও ব্যক্তি নিয়োগ করতে হতে পারে।

গুণগত তথ্য বিশ্লেষণ সাধারণত নিদর্শন এবং প্রবণতা সনাক্তকরণ উপর প্রাধান্য দেয়। এটি এমন অনেক থিম বা সমস্যার সমাধান সঞ্জুক্ত করে যা বিভিন্ন সংখ্যক অংশগ্রহণকারী বা বহু সংখ্যক গ্রুপ জুড়ে পুনরাবৃত্তি করে। গুণগত বিশ্লেষণ পরিচালনা করা বেশ সময় সাপেক্ষ হতে পারে, দলগুলির উচিত ডেটা সংগ্রহের আগে তা হিসাব করা। কয়েকটি ভাল উদ্ধৃতি নির্বাচন করা বা কেবল থিমগুলি শনাক্ত করা যা আপনি প্রত্যাশা করেছিলেন তা নিশ্চিত করার মতো গুণগত উপাত্তের কেবল মাত্রাতিরিক্ত বিশ্লেষণ না চালিয়ে এর পরিমিত ব্যবহার করতে হবে। যথাযথ গুণগত বিশ্লেষণের জন্য যদি পর্যাপ্ত সময় না পাওয়া যায় তবে বিশ্লেষণ করার সহজতর পদ্ধতি যেমন অংশগ্রহণমূলক র‍্যাঙ্কিং, বডি ম্যাপিং বা সম্প্রদায় ম্যাপিং ব্যবহার করা সবচেয়ে ভাল।

গুণগত বিশ্লেষণ সম্পর্কে আরও গাইডলাইন পাওয়া যাবেঃ **http://learningstore.uwex.edu/assets/pdfs/g3658-12.pdf**

***ট্রায়াঙ্গুলেশন***

ট্রায়াঙ্গুলেশন বলতে বিভিন্ন উত্স থেকে প্রাপ্ত ডেটার তুলনা বোঝায়। উল্লেখযোগ্যভাবে, ট্রায়াঙ্গুলেশনের মাধ্যমে পরিমাণগত এবং গুণগত ডেটা নির্দিষ্ট নিদর্শন কেন পাওয়া গিয়েছিল এবং কিভাবে তা অন্তর্দৃষ্টি সরবরাহ করতে পারে এবং তারা কীভাবে আরও বিস্তৃত প্রসঙ্গে যুক্ত হতে পারে - এসব বিষয়ে আলোকপাত করে। ধরুন, উদাহরণস্বরূপ, আপনার দলটি খুঁজে পেল, যারা কার্যক্রমে অংশ নেয়নি তাদের তুলনায় কৈশোরী মেয়েরা যারা কার্যক্রমে অংশ নিয়েছে তারা জানিয়েছে তারা অপেক্ষাকৃত ছোট পরিবার চায়। কেন কার্যক্রমে অংশ নেয়া মেয়েরা ছোট পরিবার চেয়েছে - এর কারণ সন্ধান করতে সাহায্য করবে গুণগত ডেটা।

***ব্যাখ্যা***

পরিশেষে, আমরা জানতে চাই যে আমাদের বিশ্লেষণের ফলাফলগুলি আমাদের কার্যক্রমের উদ্দেশ্যগুলি অর্জন করেছে কি না এবং ঠিক কতটুক পর্যন্ত কিশোর কিশোরীরা কার্যক্রমে উপকৃত হয়েছে। এছাড়াও, আমাদের কার্যক্রম কী সাহায্য করেছে বা বাধা সৃষ্টি করেছে এবং ভবিষ্যতের প্রোগ্রামিংয়ের জন্য আমরা কী উন্নতি করতে পারি সে সম্পর্কে আমাদের কিছু তথ্য থাকা উচিত। আমরা যদি মূল্যায়নের জন্য সাবধানতার সাথে পরিকল্পনা করে থাকি এবং একটি সাউন্ড পর্যবেক্ষণ ব্যাবস্থা সাথে সুস্পষ্ট বিষয়বস্তু এবং ইন্ডিকেটর তৈরি করে থাকি, তবে এই প্রক্রিয়াটি তুলনামূলকভাবে সহজ হওয়া উচিত।

প্রায়শই, তবে আমাদের বিশ্লেষণ থেকে কিছু ত্রুটি দেখা দিতে পারে। সম্ভবত আমরা দেখতে পাচ্ছি যে বয়স্ক কিশোরীদের জন্য ফলাফলগুলি উন্নত হয়েছে, তবে কম বয়সী কিশোরীরা নয়, বা কেবল জ্ঞান এবং দৃষ্টিভঙ্গি বদলেছে, তবে আচরণে কোনও পরিবর্তন হয়নি। ব্যাখ্যার প্রক্রিয়াটির লক্ষ্য এই অনুসন্ধানগুলি অনুধাবন করা, এবং গতিশীলতা কী হতে পারে তা বোঝার চেষ্টা করে।

যে কোনো নেতিবাচক ফলাফলের ব্যাখ্যা করাও গুরুত্বপূর্ণ। যদি কার্যক্রমের ফলাফলে কোনো পরিবর্তন না আসে, কার্যক্রমের শুরু থেকে শেষ অথবা কার্যক্রমের গ্রুপ ও কন্ট্রোল গ্রুপের ভেতরে তবে আমাদের খুঁজে বের করতে হবে যে এমনটা কেন হলো। এই অনুসন্ধানগুলো একইভাবে ঠিক অন্যগুলোর মতই গুরুত্বপূর্ণ যেগুলো আমাদের কার্যক্রমের কাজকে দেখায়। আমাদের কার্যক্রমের কোন দিকগুলি ব্যর্থ হয়েছিল তা বোঝার মাধ্যমে আমরা আমাদের ভবিষ্যতের প্রোগ্রামিং আরো ভালো করতে পারি।

## ফলাফল রিপোর্ট করা

আপনি যেভাবে আপনার মূল্যায়নের ফলাফলগুলি প্রতিবেদন করছেন তা খুব বেশি গুরুত্বপূর্ণ। সম্ভবত আপনার প্রতিষ্ঠানের জন্য আপনার অনুসন্ধান এবং সুপারিশগুলো সংক্ষিপ্ত করতে হবে, যার জন্য স্ট্যান্ডার্ড গাইডেন্স সরবরাহ করা যেতে পারে। উদাহরণস্বরূপ, অনেক সংস্থার কাছে নমুনা রয়েছে যা বর্ণনা করে যে কীভাবে প্রোগ্রাম প্রতিবেদন করা উচিত। সাধারণত, প্রতিবেদনে পুরো প্রতিবেদন ছাড়াও একটি দুই-তিন পৃষ্ঠার সংক্ষিপ্তসার (এক্সিকিউটিভ সামারি) অন্তর্ভুক্ত করা উচিত। একটি স্ট্যান্ডার্ড আউটলাইন নিম্নরূপ হতে পারেঃ

***১. পটভূমি এবং ভূমিকাঃ*** আপনার কার্যক্রমের প্রেক্ষাপট কী? সেফ স্পেসটি কত দিন চালু রয়েছে এবং এটি কোন সেবা সরবরাহ করে?

***২. কার্যক্রমঃ*** আপনি কিশোরীদের জন্য একটি SRH কার্যক্রম কার্যকর করার সিদ্ধান্ত নিয়েছিলেন কেন? কার্যক্রমটি কী নিয়ে গঠিত হয়েছিল এবং এটি কীভাবে ডিজাইন করা হয়েছিল? কিশোর মেয়েদের কীভাবে নিয়োগ দেওয়া হয়েছিল? কার্যক্রমের বিষয়বস্তুগুলো কী ছিল?

***৩. পদ্ধতিঃ*** আপনি কোন ধরণের মূল্যায়ন করেন? একটি কম্পেরিসন গ্রুপ ছিল কি? বেসলাইন ডাটা সংগ্রহ করা হয়েছিল কি? ডাটা সংগ্রহের কোন পদ্ধতি ব্যবহার করা হয়েছিল?

***৪. অংশগ্রহণকারীরাঃ*** কিশোরী মেয়েদের বৈশিষ্ট্যগুলো কী যারা কার্যক্রমে অংশ নিয়েছিল? অন্তর্ভুক্ত ছিল না এমন কোন মেয়েদের গ্রুপ ছিল কি? যদি তাই হয় তবে কেন? যদি মূল্যায়নের জন্য একটি কম্পেরিসন গ্রুপ থাকে, তবে তাদের বৈশিষ্ট্যগুলো (বয়স, শিক্ষা, বাসস্থান ইত্যাদি) কার্যক্রমে অংশ নেওয়া ব্যক্তিদের থেকে কি আলাদা হয়?

***৫. অনুসন্ধানঃ*** প্রধান অনুসন্ধানগুলো কী ছিল? আপনি কার্যক্রমের বিষয়বস্তুগুলো দ্বারা এগুলো সংগঠিত করতে ইচ্ছুক হতে পারেন।

***৬. বিশ্লেষণ/ব্যাখ্যাঃ*** ভবিষ্যতের প্রোগ্রামিংয়ের জন্য ফলাফলগুলি কী বোঝায়? কিছু উপাদান অন্যদের চেয়ে বেশি সফল ছিল কি? কেন এই অবস্থা হতে পারে?

***৭. সুপারিশঃ*** ভবিষ্যতের প্রোগ্রামিংয়ের জন্য চার-পাঁচটি এবং ASRH - এ কাজ করা অন্যান্য প্রাক্টিশনারদের জন্য সুনির্দিষ্ট সুপারিশগুলো কী কী? এই সুপারিশগুলি সম্পাদনের জন্য কে দায়বদ্ধ?

আদর্শভাবে, প্রতিবেদনগুলি চূড়ান্ত করা এবং প্রচার করার আগে, অনুসন্ধান এবং বিশ্লেষণগুলো কিশোরী মেয়েদের সাথে ভাগ করে নেওয়া উচিত যারা হস্তক্ষেপে অংশ নিয়েছিলেন, পাশাপাশি অন্য কোনও মূল অংশীদারদের সাথেও ভাগ করা উচিত। বিশ্লেষণে অবদান রাখার পাশাপাশি, কিশোরীদের ফলাফলের ব্যাখ্যাটি সঠিক কিনা এবং যদি সুপারিশগুলি তাদের প্রয়োজনীয়তা এবং অগ্রাধিকারগুলি প্রতিফলিত করে কিনা তা নিয়ে তাদের একটি বক্তব্য থাকা উচিত। কিশোরী মেয়েরা সম্প্রদায়ের সদস্য এবং অন্যান্য প্রোগ্রামের অংশগ্রহণকারীদের সাথে অনুসন্ধানগুলি ভাগ করে নেওয়ার ক্ষেত্রেও অংশ নিতে পারে।

চূড়ান্ত প্রতিবেদনের পরে কিশোরী ও সম্প্রদায়ের সদস্যদের উপর আরও গভীরতার সাথে প্রতিবেদন সংঘটিত হতে পারে। অবশ্যই, রিপোর্টগুলি স্থানীয় ভাষায় অনুবাদ করা উচিত, যদি সম্ভব হয় এবং স্বল্প সাক্ষরতার জনসংখ্যায় ভাগ করে নেওয়ার বিকল্প উপায়গুলো প্রয়োজনীয় হতে পারে। নাটক, গান, অঙ্কন এবং গল্প বলার কয়েকটি উপায়ে মূল্যায়নের ফলাফলগুলো সম্প্রদায়ের সদস্যদের সাথে ভাগ করে নেওয়া যায়।

### ই. ডাটা বিশ্লেষণের টুলসমূহ

- কিশোরীদের বিশ্লেষণের সাথে পরিচিতকরন
- কোডবুক টেমপ্লেট

# ৯. উৎসসমূহ

***পর্যবেক্ষণ ও মূল্যায়ন***

United Nations Children's Fund (UNICEF). *Evaluation*. পাওয়া যাবেঃ **https://www.unicef.org/evaluation/**

UNICEF Office of Research (2014). *Impact Evaluation Series*. পাওয়া যাবেঃ **https://www.unicef-irc.org/KM/IE/impact.php**

***কিশোরীদের অংশগ্রহণ***

UNICEF Office of Research (2017). *Adolescent Participation in Research: Innovation, Rationale and Next Steps*. পাওয়া যাবেঃ **https://www.unicef-irc.org/publications/879-adolescent-participation-in-research-innovation-rationale-and-next-steps.html**

Overseas Development Institute (ODI) (2017). *Adolescent Perspectives on Services and Programmes in Conflict Affected Contexts: A Participatory Research Toolkit*. পাওয়া যাবেঃ **https://www.odi.org/publications/10989-adolescent-perspectives-services-and-programs-conflict-affected-contexts-participatory-research**

Save the Children (2018). *Youth Voices: Participatory Action Research with Adolescents Affected by the Syria Crisis in Egypt and Lebanon: Lessons Learned Report and 'How To' Guide*. পাওয়া যাবেঃ **https://resourcecentre.savethechildren.net/library/youth-voices-participatory-action-research-adolescents-affected-syria-crisis-egypt-and**

World Health Organization (WHO) (2018). *Guidance on Ethical Considerations in Planning and Reviewing Research Studies on Sexual and Reproductive Health in Adolescents*. পাওয়া যাবেঃ **https://www.who.int/reproductivehealth/ethical-considerations-srh-research/en/**

***মানবিকতা বিচারে কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য***

Inter-Agency Working Group (IAWG) (2010). *E-Learning Course on Adolescent SRH in Humanitarian Settings*. পাওয়া যাবেঃ **http://iawg.net/resource/e-learning-course-adolescent-srh-humanitarian-settings/**

***নারী ও মেয়েদের জন্য সেফ স্পেস***

HealthtNetTPO & UNICEF South Sudan (2016). *Promoting Positive Environments for Women and Girls: Guidelines for Women and Girls Friendly Spaces in South Sudan*. পাওয়া যাবেঃ **https://www.humanitarianresponse.info/en/operations/south-sudan/document/guidelines-women-and-girls-friendly-spaces-south-sudan-1**

UNFPA Regional Syria Response Hub (2015). *Women and Girls Safe Spaces: A Guidance Note Based on Lessons Learned from the Syrian Crisis*. পাওয়া যাবেঃ **https://www.unfpa.org/resources/women-girls-safe-spaces-guidance-note-based-lessons-learned-syrian-crisis**

# ১০. টুলসমূহ


| | |
|---|---|
| ছক ৪. সেফ স্পেসে ASRH কার্যক্রম প্রয়োগের ক্ষমতা নির্ধারণ | 41 |
| **এ. কিশোরীদের অংশগ্রহনের সরঞ্জামসমূহ** | **42** |
| এ.১ঃ ফ্রি লিস্টিং (FREE LISTING) | 42 |
| এ.২ঃ অংশগ্রহণমূলক র‍্যাঙ্কিং পদ্ধতি (PRM) | 44 |
| এ.৩ঃ কার্যক্রমের নকশা পরিকল্পনা | 47 |
| **বি. বিষয়বস্তু নির্ধারণ এবং সূচক চিহ্নিতকরণের সরঞ্জাম** | **50** |
| বি.১ঃ সমস্যা গাছ (প্রবলেম ট্রি) | 50 |
| বি.২ঃ অভিভাবক এবং কেয়ারগিভারদের জন্য ফোকাস গ্রুপ আলোচনা গাইড | 52 |
| বি.৩ঃ M&E ফ্রেমওয়ার্ক | 55 |
| **সি. মানসম্মত পর্যবেক্ষণ ব্যবস্থাগ্রহণের সরঞ্জামসমুহ** | **57** |
| সি.১ঃ অংশগ্রহণকারীর রেজিস্টার | 57 |
| সি.২ঃ উপস্থিতির রেজিস্টার | 59 |
| সি.৩ঃ পাঠ পরিকল্পনা | 61 |
| সি.৪ঃ সন্তুষ্টির সার্ভে | 63 |
| সি.৫ঃ ফ্যাসিলিটেটরের মূল্যায়ন | 65 |
| সি.৬ঃ বিশস্ততা তদারকি (ফিডালিটি ট্র্যাকার) | 67 |
| **ডি. মূল্যায়নের টুলসমুহ** | **70** |
| ডি.১ঃ মূল্যায়নের চেকলিস্ট | 70 |
| ডি.২ঃ বডি ম্যাপিং | 72 |
| ডি.৩ঃ কমিউনিটি ম্যাপিং | 76 |
| ডি.৪ঃ জ্ঞান, দৃষ্টিভঙ্গি এবং আচরণ পরিমাপের সার্ভে | 79 |
| ডি.৫ঃ সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিবর্তন পদ্ধতি | 82 |
| **ই. তথ্য সংগ্রহ ও সরবরাহের টুল সমূহ** | **84** |
| ই.১ঃ সম্মতির ফর্ম নির্মাতা | 84 |
| ই.২ঃ ডাটা বিশ্লেষণের পরিকল্পনা | 88 |
| ই.৩ঃ কিশোরীদের বিশ্লেষণ পরিচিতি | 90 |
| ই.৪ঃ কোডবুক টেমপ্লেট | 91 |

## ছক ৪. সেফ স্পেসে ASRH কার্যক্রম প্রয়োগের ক্ষমতা নির্ধারণ

স্পেস কি এমন ভাবে তৈরি করা হয়েছে যে যখন মেয়েরা ভিতরে ঢোকে তখন নিরাপদ বোধ করে? (মেয়েরা কি সেফ স্পেসের বাইরের লোকদের দ্বারা দেখা বা শুনে যাওয়ার ভয় ছাড়াই কর্মকাণ্ডে অংশ নিতে পারে)?

না → মেয়েরা দেখা ও শোনার গোপনীয়তা ছাড়া সংবেদনশীল বিষয়ে আলোচনা করতে স্বাচ্ছন্দ্য বোধ করে না এবং সম্প্রদায়ের লোকজন দেখতে ও শুনতে পাচ্ছে সেশনে কি নিয়ে আলোচনা করা হচ্ছে তা মেয়েদেরকে ঝুঁকির মধ্যে ফেলতে পারে। দয়া করে নারী ও মেয়েদের সেফ স্পেসের উপর অধ্যায় ৯ এর উৎস দেখুন।

হ্যাঁ ↓

আপনি কি কিশোরী মেয়েদের এমন সুবিধা দেন যা তাদের নিজেদের প্রাসঙ্গিক বিষয়গুলো আলোচনার সুযোগ দেয়?

না → কিশোরী মেয়েরা কি নিয়মিত সেফ স্পেসে উপস্থিত হন?

না → সমাজের সাথে কাজ করুন, সচেতনতা তৈরি এবং অংশগ্রহণকারীদের নিয়োগ দেওয়ার জন্য ফোকাল পয়েন্ট প্রচার করুন।

হ্যাঁ ↓

আপনি কি কর্মকান্ডের সময় নারী ও কিশোরীদের আলাদা করতে পারেন (মেয়েদের জন্য আলাদা জায়গা আছে কি)?

না → আপনি কি নির্দিষ্ট দিন বা ঘন্টা বরাদ্দ করতে পারেন যখন কেবল কিশোরী মেয়েরা সেফ স্পেসে উপস্থিত থাকতে পারে?

হ্যাঁ ↓

মেয়েদের জন্য এই সেশনগুলো সহজতর করার জন্য আপনার কাছে পর্যাপ্ত নারী স্টাফ আছে কি?

না → সেশন সহজতর করার জন্য নির্দিষ্ট দিন বা ঘন্টার জন্য নারী কর্মীদের বরাদ্দ দেওয়া যেতে পারে কি?

হ্যাঁ ↓

আপনি কি কিশোরী মেয়েদের জন্য উৎসর্গকৃত সপ্তাহে একদিন বা আধা দিন সময় দিতে সক্ষম?

না → দয়া করে নারী ও মেয়েদের সেফ স্পেসের উপর অধ্যায় ৯ এর উৎস দেখুন।

হ্যাঁ ↓

SRH কার্যক্রমকে সাহায্য করার জন্য সব নারী সম্বলিত দল কি রয়েছে সেখানে? (উদাহরণ-সামাজিক কর্মী, ফ্যাসিলিটেটর, প্রচার কর্মী,পর্যবেক্ষণ ও মূল্যায়ন অফিসার)?

না → দয়া করে নারী ও মেয়েদের সেফ স্পেসের উপর অধ্যায় ৯ এর উৎস দেখুন।

হ্যাঁ ↓

কিশোরী সুলভ সেবা ও কাউন্সেলিং টেকনিক সম্পর্কে স্টাফরা প্রশিক্ষিত কিনা?

না → দয়া করে নারী ও মেয়েদের সেফ স্পেসের উপর অধ্যায় ৯ এর উৎস দেখুন।

হ্যাঁ → কিশোরীদের SRH কার্যক্রম প্রয়োগ করার জন্য এই সেফ স্পেসটির সম্ভাব্য ক্ষমতা রয়েছে

## এ. কিশোরীদের অংশগ্রহনের সরঞ্জামসমূহ

### *এ.১ঃ ফ্রি লিস্টিং (Free Listing)*

| | |
|---|---|
| **উদ্দেশ্য** | যে মানদণ্ড দিয়ে কিশোর মেয়েরা 'প্রজনন স্বাস্থ্য' বোঝে তা নির্ধারণ। |
| **ফ্রিকোয়েন্সি এবং টাইমিং** | • কার্যক্রম শুরুর আগে অবশ্যই অনুশীলন শেষ করতে হবে<br>• একাধিক গ্রুপের মেয়েদের সাথে এটা পরিচালনা করা যায় এটা নিশ্চিত করার জন্য যে 'প্রজনন স্বাস্থ্যের' সব ধারনা দেয়া হয়েছে |
| **সময় প্রয়োজন** | ৩০-৪০ মিনিট |
| **প্রয়োজনীয় সরঞ্জাম** | ফ্রী লিস্টিং ফর্ম |

### *ধাপসমুহঃ*

১. ৮-১০ জন সমবয়সের কিশোরী মেয়েদের একত্রিত করণ। (উদাহরণঃ ১০-১২, ১৪-১৬, ১৭-১৯ বছর বয়েসী)

২. দলকে জানিয়ে দিন যে আপনি এমন একটি কার্যকলাপ করতে যাচ্ছেন যা নিরাপদ স্থানে উপস্থিত মেয়েদের জন্য একটি প্রকল্প ডিজাইন করতে সাহায্য করবে।

৩. যেসকল মেয়েরা তাদের বয়সী এবং সুস্থ আছে তাদের সব বৈশিষ্ট্য বা গুণাবলীগুলো মেয়েদেরকে তালিকা করতে বলুন।

৪. একটি ফ্লিপ চার্ট বা কাগজের টুকরার উপর প্রতিটি চরিত্রগত বৈশিষ্ট্যগুলো যেভাবে উল্লেখ করা হয় সেভাবে লিখুন। যদি একটি চরিত্রগত বৈশিষ্টের পুনরাবৃত্তি করা হয়, তাহলে প্রতিবার তালিকায় সেগুলোর পাশে একটি ডট দিন।

৫. একবার এই তালিকা সম্পূর্ণ হলে, দলকে বলুন আপনি এখন একটি নির্দিষ্ট ধরনের স্বাস্থ্য সম্পর্কে জানতে আগ্রহী। মেয়েদের কে 'প্রজনন স্বাস্থ্য'-এর সঙ্গে যুক্ত সব জিনিসের তালিকা করতে বলুন।

৬. তাদের বর্ণনা অনুসারে প্রতিটি মন্তব্য লিখুন। একাধিক বার কিছু বলা হলে তা উল্লেখ করুন।

৭. একবার তালিকা সম্পূর্ণ হয়ে গেলে মেয়েদের কাছে তা পড়ে শুনান এবং জিজ্ঞাসা করুন তালিকা থেকে কোনও কিছু বাদ পরেছে কি না।

৮. তাদের জিজ্ঞাসা করতে পারেন যে তালিকায় এমন কিছু আছে কি না যা তালিকায় রাখা উচিত নয়। যদিও সবকিছু তালিকায় রাখা উচিত তবুও মেয়েরা 'প্রজনন স্বাস্থ্য' সম্পর্কে কী বোঝে তা নিয়ে আলোচনা সৃষ্টি করতে পারে।


সুচিতে ফেরত →

*নোট এবং টিপসঃ*

- সব কার্যক্রম এবং দলগত আলোচনার সাথে সাথে, এটা অপরিহার্য যে এমন একটি স্থানে এই কার্যক্রমগুলো করতে হবে যেখানে মেয়েদেরকে বাইরের লোকজন দেখতে বা শুনতে পারবে না।
- এই কার্যকলাপের আগে, বিশেষত যদি এটি আপনার প্রথমবার মেয়েদের সাথে সাক্ষাত হয় তাহলে আইস-ব্রেকারের দরকার হতে পারে।
- মেয়েরা নির্দিষ্ট কিছু কথা বলতে বা প্রজনন স্বাস্থ্য সম্পর্কিত নির্দিষ্ট কিছু বিষয় আলোচনা করতে অস্বস্তি বোধ করতে পারে। এই কাজের আগে নির্দিষ্ট কিছু সাধারন নিয়ম সেট করা দরকারী হতে পারে। কিছু গুরুত্বপূর্ণ সাধারন নিয়মাবলী অন্তর্ভুক্ত হতে পারেঃ গোপনীয়তা (এই কাজের সময় যা বলা হয়েছে তা অন্যদের কাছে পুনরাবৃত্তি হবে না) এবং দলের অন্যান্য মেয়েদের মতামতকে সম্মান করা।
- মেয়েদের মনে করিয়ে দিন যে কোন সঠিক বা ভুল উত্তর নেই, এবং এই কাজগুলো ভবিষ্যতে সেইফ স্পেসকে কার্যক্রম ডিজাইন করতে সাহায্য করবে।
- মেয়েদের কোন নির্দিষ্ট ধারণার কথা উল্লেখ করতে উৎসাহিত করবেন না। মেয়েরা যদি 'প্রজনন স্বাস্থ্য'-এর সাথে যুক্ত কোন কিছু তালিকাভুক্ত না করে, তাহলে এটি আমাদের মূল্যবান তথ্য দেয়।

## *এ.২ঃ অংশগ্রহণমূলক র‍্যাঙ্কিং পদ্ধতি (PRM)*

| | |
|---|---|
| **উদ্দেশ্য** | কিশোরী-কিশোরীদের জন্য SRH-সম্পর্কিত অগ্রাধিকার উদ্যোগ বা শিক্ষা পরিমাপ করা। |
| **ফ্রিকোয়েন্সি এবং টাইমিং** | • কার্যক্রম শুরুর আগে প্রক্রিয়াটি সম্পন্ন করুন।<br>• মেয়েদের একাধিক গ্রুপের সঙ্গে সেশনগুলো সম্পন্ন করা যেতে পারে, এবং সচেতনতার গুরুত্বপূর্ণ দিকসমূহ অথবা শেখার প্রধান্যের পরিমাপ করতে ফলাফল সমন্বয় করা যেতে পারে। |
| **সময় প্রয়োজন** | ১ ঘন্টা |
| **উপকরণ প্রয়োজন** | • PRM তথ্য সংগ্রহের ফরম<br>• বিভিন্ন ধরনের ১০-১২টি বস্তু (যেমন, কলম, কাগজের টুকরা, রাবার ব্যান্ড, খালি জলের বোতল, গাছের ডাল, পাতা ইত্যাদি) |

### *মূল পদক্ষেপঃ*

১. ৮-১০ জন সমবয়সের কিশোরী মেয়েদের একত্রিত করণ। (উদাহরণঃ ১০-১২, ১৪-১৬, ১৭-১৯ বছর বয়েসী)

২. দলকে জিজ্ঞাসা করুন, “প্রজনন স্বাস্থ্য সম্পর্কে তোমাদের বয়সের মেয়েরা কি সবচেয়ে বেশি উদ্বিগ্ন?” আরেকটি জিজ্ঞাসা করার উপায় হলো, “প্রজনন স্বাস্থ্য সম্পর্কে কি ধরনের তথ্য মেয়েরা সবচেয়ে বেশি জানতে চায়?”

৩. ইস্যুগুলো মেয়েদের তালিকা করা হলে তা নোট করুন এবং নিশ্চিত করুন যে এগুলো মেয়েরা পরিষ্কার করে বুঝেছে।

৪. তালিকাটি সম্পূর্ণ হলে সেটি তাদের নিকট পড়ে শুনান এবং নিশ্চিত করুন যে আপনি কোন কিছু বাদ দিয়ে যান নি।

৫. প্রতিটি ইস্যুকে কোন বস্তু হিসাবে সনাক্ত করতে বলুন।

৬. একবার প্রতিটি বিষয় একটি বস্তুর সাথে যুক্ত করা হলে, মেয়েরা সবচেয়ে গুরুত্বপূর্ণ উদ্বেগ থেকে কম গুরুত্বপূর্ণ উদ্বেগের অনুসারে বস্তুগুলিকে সাজিয়ে রাখার জন্য অনুরোধ করুন। অথবা যে বিষয় থেকে তারা সবচেয়ে বেশি জানতে চায় থেকে যে বিষয়ে তাদের আগ্রহ কম সে অনুসারে। আপনি এই দলটিকে মনে করিয়ে দিতে পারেন যে কোন কোন বস্তু কোন ইস্যুকে নির্দেশ করে।

৭. সারিবদ্ধ করা শেষ হলে, তাদের জিজ্ঞাসা করুন তারা কি সারির কোন পরিবর্তন করতে চায় কিনা। কোন বিষয়ে কোন মতের পার্থক্য আছে কিনা তা নোট করুন। মেয়েদেরকে বস্তু সাজানোর সারি শেষবারের মত পরিবর্তন করতে সুযোগ দিন এবং চূড়ান্ত ফলাফল নিচে নোট করুন।

*নোট এবং টিপসঃ*

- এই পদ্ধতিতে বিভিন্ন গবেষণামূলক প্রশ্নের মূল্যায়ন করা যায়। উদাহরণ হিসেবে বলা যায়, কোন বিষয়ের মেয়েদের অনুভূতি সবচেয়ে বেশি উপযোগী ছিল তা বোঝার জন্য কার্যক্রমের শেষে এটি ব্যবহার করা যেতে পারে।

- নিশ্চিত করুন যে বিষয়গুলি তালিকাভুক্ত করা হয়েছে তা সমস্ত মেয়েরা একই রকম অর্থে বুঝতে পেরেছে। এটা স্পষ্ট করার জানা প্রয়োজন, একটি মেয়ে ইস্যুটি উল্লেখের সময় কি বুঝতো সেটি জানা।

- আপনি যদি ফ্রি-লিস্টিং কাজটি সম্পন্ন করে থাকেন, তাহলে আপনি ‘প্রজনন স্বাস্থ্য’-এর সেই সংজ্ঞা উল্লেখ করতে পারেন। যদি সেটি করা না হয়, তাহলে আপনি এই দলটিকে ব্যাখ্যা করতে পারেন যে, প্রজনন স্বাস্থ্যের দ্বারা, আমরা শরীরে যে পরিবর্তন ঘটাকে বুঝাই তা হচ্ছে মেয়েরা প্রাপ্তবয়স্ক হয়ে ওঠা এবং বিশেষ করে মেয়ে থেকে নারী হওয়ার জন্য যে সকল পরিবর্তন ঘটে, সেইসাথে বৈবাহিক সম্পর্ক, গর্ভাবস্থা এবং শিশুজন্মদান। প্রয়োজনে তাদেরকে সংজ্ঞার সাথে তথ্য যোগ করতে বলতে পারেন।

আরও তথ্যের জন্য http://www.cpcnetwork.org/research/methodology/participative-ranking-methodology/ দেখুন

## PRM তথ্য সংগ্রহের ফর্ম

রিসেট

**সেকশন-১ঃ সামাজিক এবং পটভূমি তথ্য**
*অনুগ্রহ করে ফাঁকা স্থান পূরণ করুন*

| | |
|---|---|
| **আজকের তারিখ (দিন/মাস/বছর)** | |
| **ফ্যাসিলিটরের নাম** | |
| **নোট গ্রহণকারীর নাম** | |
| **লোকেশন** | |
| **গ্রুপের সংখ্যা** | |
| **গ্রুপের বিবরণ (বয়স সীমা, বৈবাহিক অবস্থা, কার্যক্রমে অংশগ্রহণ ইত্যাদি)** | |

**সেকশন ২ঃ ফ্রেমিং প্রশ্ন (একটি নির্বাচন করুন)**

☐ এই সমাজে আপনার বয়সের মেয়েদের মধ্যে SRH-এর প্রধান চিন্তা কি?

☐ SRH এর সম্পর্কে মেয়েরা কি জানতে সবচেয়ে আগ্রহী হবে?

**গুরুত্বপূর্ণ যে বিষয়গুলি চিহ্নিত করা হয়েছে**

ফ্রী লিস্টঃ

ক অর্ডারঃ

**নোটঃ**

### এ.৩ঃ কার্যক্রমের নকশা পরিকল্পনা

| | |
|---|---|
| **উদ্দেশ্য** | সেশনের সংখ্যা, সেশন ফ্রিকোয়েন্সি এবং কার্যক্রমের সময়কাল পরিকল্পনা করতে হবে। |
| **ফ্রিকোয়েন্সি এবং টাইমিং** | • কার্যক্রম শুরুর আগে ৮-১০জন মেয়েদের দলের সঙ্গে পরামর্শ করুন।<br>• বিভিন্ন বয়সের মেয়েদের দলগুলোর সাথে পরামর্শ করে বিভিন্ন বয়সের মেয়েদের চাহিদা নির্ধারণ করুন। |
| **সময় প্রয়োজন** | প্রতি গ্রুপে ৬০ মিনিট। |
| **উপকরণ প্রয়োজন** | সেশন পরিকল্পনা ফরম |

### মূল পদক্ষেপঃ

১. সেশন প্ল্যানিং ফর্ম পূরণ করার জন্য মেয়েদের প্রয়োজনীয় প্রশ্ন জিজ্ঞাসা করুন। এসব প্রশ্নের মধ্যে থাকতে পারে সপ্তাহের কোন দিনগুলিতে মেয়েদের সাধারণত পাওয়া যায়, কোন সময়টি তাদের জন্য সবচেয়ে ভাল হবে, কতোটা নিয়মিত তারা সাক্ষাত করতে ইচ্ছুক, কতক্ষণ তারা বাড়ির বাহিরে অবস্থান করতে পারে, এবং কোন তারিখ পর্যন্ত তারা সেইফ স্পেসের কার্যক্রমে উপস্থিত হতে সক্ষম হবে।

২. কর্মীদের প্রাপ্যতা এবং মেয়েদের সাথে দেখা করার জন্য পর্যাপ্ত স্থানের প্রাপ্যতা সংক্রান্ত অতিরিক্ত তথ্য পূরণ করুন।

৩. সপ্তাহের কয়দিন এবং কোন কোন দিন মেয়েদের উপস্থিতির সংখ্যা বেশি হবে তার অনুপাতে সঠিক পরিমান সেশন সংখ্যা নির্ণয় করুন।

৪. কোন বিষয়গুলি কাভার/সম্পন্ন করা অপরিহার্য তা প্রয়োজনীয় মূল্যায়ন কার্যক্রমের (যেমন- ফ্রি-লিস্টিং, PRM) উপর ভিত্তি করে নোট করুন।

৫. একটি পাঠ পরিকল্পনা এবং পাঠ্যক্রম নির্বাচন করতে সেশন পরিকল্পনা ফর্ম ব্যবহার করুন।

### নোট এবং টিপসঃ

- কার্যক্রমের ফ্রিকোয়েন্সি এবং সময়কাল পরিকল্পনা করার সময় বিভিন্ন আর্থ-সামাজিক জনসংখ্যার উপস্থিতি নিশ্চিত করুন। এর মধ্যে রয়েছে ছোট ও বড় কিশোরী মেয়ে,স্কুলগামী ও স্কুলবিমুখী মেয়ে, বিবাহিত ও অবিবাহিত মেয়ে।

- যদিও সব মেয়েরা প্রতিটি সেশনে অংশগ্রহণ করতে সক্ষম হবে না, লক্ষ্য হচ্ছে সেশন যতটা সম্ভব সহজে গমণযোগ্য করা, এবং তাদের দীর্ঘ বা অতিরিক্ত সময় অবস্থান করিয়ে মেয়েদের কোন ঝুঁকি তৈরি না করা।

## *সেশন পরিকল্পনা ফরম*

রিসেট

| | |
|---|---|
| **নামঃ** | **তারিখঃ** |
| **অবস্থান/প্রতিষ্ঠানঃ** | **অবস্থানঃ** |

**গ্রুপ জনপরিসংখ্যানঃ**

***সপ্তাহের কোন দিনগুলিতে মেয়েদের সাক্ষাতে সবচেয়ে বেশি উপস্থিত পাওয়া যায়? (প্রযোজ্য সবগুলোতে টিক দিন)***

- ☐ সোমবার
- ☐ মঙ্গলবার
- ☐ বুধবার
- ☐ বৃহস্পতিবার
- ☐ শুক্রবার
- ☐ শনিবার
- ☐ রবিবার

***দিনের কোন সময় মেয়েদের উপস্থিতি সবচেয়ে বেশি পাওয়া যায়? (সবগুলো প্রয়োগ করে দেখুন)***

- ☐ কাল (সকাল ৮টা-১১টা)
- ☐ সকাল (১১টা-২টা)
- ☐ বিকেল ২টা থেকে বিকেল ৫টা
- ☐ অন্যান্যঃ ________________

***প্রতি সপ্তাহে কত দিন অধিকাংশ মেয়েই দেখা করতে আগ্রহী?***

- ☐ এক
- ☐ দুই
- ☐ তিন বা ততোধিক

***কতক্ষণ অধিকাংশ মেয়েদের বাড়ির বাহিরে থাকতে দেওয়া হয়?***

- ☐ ২ ঘণ্টারও কম
- ☐ ২-৩ ঘন্টা
- ☐ ৩ ঘণ্টারও বেশি

***কতটুকু সময়কাল অধিকাংশ মেয়েরা অংশগ্রহণ করতে পারেন?***

- ☐ এক মাসেরও কম সময়
- ☐ এক মাস
- ☐ দু' মাস
- ☐ তিনমাস
- ☐ চার মাস বা তার বেশি
- ☐ অন্যান্যঃ ________________

**সেইফ স্পেসের কর্মীদের দ্বারা পূরণ করণীয়**

***কখন কর্মীরা মেয়েদের সাথে সেশন পরিচালনা করতে সক্ষম? (সকল দিন এবং সময় নির্দিষ্ট করুন)***

| |
|---|
| ***কোন দিন/সময়ে যখন নিরাপদ স্থানে অন্য গ্রুপ কার্যক্রম সঙ্ঘটিত হয়, তখন কী কিশোরী মেয়েদের সঙ্গে কার্যকলাপের জন্য জায়গা হবে না? (সব দিন এবং সময় নির্দিষ্ট করুন)*** |
| |
| ***সেশনের প্রস্তাবিত সংখ্যা এবং কেন?***<br>(গণনাঃ প্রতি সপ্তাহে দিনের সংখ্যা যখন মেয়েরা উপস্থিত থাকে X সপ্তাহের সংখ্যা) |
| |
| ***মেয়েদের সাথে প্রাথমিক চাহিদার মূল্যায়নের উপর ভিত্তি করে, দল থেকে পাওয়া গুরুত্বপূর্ণ বিষয়গুলি কি ছিল?*** |
| |
| ***মেয়েদের সাথে আলোচনার ভিত্তিতে, আপনি কি নির্দিষ্ট কোন বিষয় লক্ষ্য করেছেন যা কার্যক্রমে উল্লেখ করা উচিত?*** |
| |
| ***অতিরিক্ত নোট*** |
| |

## বি. বিষয়বস্তু নির্ধারণ এবং সূচক চিহ্নিতকরণের সরঞ্জাম

### *বি.১ঃ সমস্যা গাছ (প্রবলেম ট্রি)*

| | |
|---|---|
| **বিষয়বস্তু** | • কিশোরী মেয়েদের দ্বারা চালিত SRH সমস্যার মূল কারণগুলো এবং এই সমস্যার প্রভাবগুলি সনাক্ত করা<br>• কারণগুলো এবং প্রভাবগুলোর ভিত্তিতে সমাধানগুলি সনাক্ত করআঃ এবং এই সমাধানগুলির উপর ভিত্তি করে বিষয়বস্তু তৈরি করা |
| **ফ্রিকোয়েন্সি এবং সময়** | কার্যক্রমের জন্য পর্যবেক্ষণ ও মূল্যায়ণ কাঠামো তৈরি করার আগে বেশ কয়েকটি গ্রুপের মেয়েদের সাথে পরিচালনা করা |
| **প্রয়োজনীয় সময়** | প্রতি গ্রুপে ২ ঘন্টা |
| **প্রয়োজনীয় উপকরণ** | ফ্লিপ চার্ট, মার্কার, স্টিকি নোট |

### *মূল পদক্ষেপ (সমস্যা গাছের অনুশীলন)ঃ*

১. অংশগ্রহণকারীদের তাদের সম্প্রদায়ের কিশোরী মেয়েদের দ্বারা প্রাপ্ত সমস্যাগুলোর তালিকা করতে বলুন। শৈশব থেকে যৌবনে রূপান্তরিত হওয়ার সময় আপনি স্বাস্থ্যের সাথে সম্পর্কিত সমস্যাগুলো বা তারা যে পরিবর্তনগুলোর মধ্য দিয়ে গিয়েছে সে সম্পর্কিত সমস্যাগুলো সম্পর্কে জিজ্ঞাসা করে নির্দিষ্ট করতে বলতে পারেন। আপনি PRM এর অনুশীলনের ফলাফলগুলো উল্লেখ করতে পারেন যা ব্যবহৃত হয়েছিল কিশোরী মেয়েদের SRH সম্পর্কিত চ্যালেঞ্জ নির্ধারণ করতে।

২. অংশগ্রহণকারীদের ফোকাস করার জন্য এক বা দুটি সমস্যা জিজ্ঞেস করুন। নিশ্চিত করুন যে এগুলো এমন সমস্যা যা সেফ স্পেসে কার্যক্রমের মাধ্যমে সমাধান করা যেতে পারে।

৩. কাগজ বা ফ্লিপ চার্টের একটি বড় শীটের মাঝখানে সমস্যাটি লিখুন। ব্যাখ্যা করুন যে এই সমস্যাটি গাছের কাণ্ডের মতো এবং আমরা সমস্যার কারণগুলি (অর্থাৎ শিকড়গুলি) এবং সেটির কী কী প্রভাব রয়েছে তা খুঁজতে চাই (অর্থাৎ পাতা)।

৪. অংশগ্রহণকারীদের হিসাবে সমস্যার মূল কারণগুলি নির্ধারণ করতে “এই সমস্যাটি কেন বিদ্যমান?” বা “এই সমস্যার কারণ কী?” তা জিজ্ঞেস করুন।

৫. অংশগ্রহণকারীদের ‘কারণগুলোর কারণগুলো’ সম্পর্কে চিন্তাভাবনা করার জন্য উত্সাহিত করুন - বর্ণিত প্রতিটি কারণে, আপনি জিজ্ঞাসা করতে পারেন *কেন* সেই সমস্যা বা সমস্যাটি বিদ্যমান। তালিকাভুক্ত কারণ হিসাবে, এগুলো একটি স্টিকি নোটে লিখুন এবং তারা যে সমস্যার সৃষ্টি করে তার নীচে রাখুন।

৬. অংশগ্রহণকারীরা তালিকাভুক্ত কারণগুলো শেষ করার পরে, তারা কী ভাগ করেছে তা আবার পড়ুন। উদাহরণস্বরূপ, “সুতরাং, যদি আমি সঠিকভাবে বুঝতে পারি, এখানে কৈশোরী মেয়েদের একটি মুখোমুখি হওয়ার একটি সমস্যা হলও মাসিকের সময় পর্যাপ্ত পণ্য নেই। এটি তাদের বাবা-মাকে পণ্য কেনার জন্য অর্থ জিজ্ঞাসা করার জন্য লজ্জা, এবং পণ্য কেনার জন্য পর্যাপ্ত অর্থ না থাকার কারণে ঘটে। লজ্জা হ’ল কারণ বাবা-মা সাধারণত তাদের কন্যাদের সাথে বয়ঃসন্ধি নিয়ে আলোচনা করেন না এবং এখানে কাজের সুযোগ সীমিত হওয়ার কারণে পিতামাতার পর্যাপ্ত অর্থ নেই। মেয়েদের প্রয়োজন অনুসারে গাছের কাণ্ডে পুনরায় সাজানো, যুক্ত করতে বা স্টিকি নোটগুলি সরাতে বলুন।

৭. অংশগ্রহণকারীদের জিজ্ঞাসা করুন যে তারা চিহ্নিত সমস্যাটির কিছু প্রভাব কী, উদাহরণস্বরূপ, “এই সমস্যার ফলে কী ঘটে?” কারণগুলোর সাথে হিসাবে, অংশগ্রহণকারীদের ‘প্রভাবের প্রভাবগুলো’ সম্পর্কে ভাবতে উত্সাহিত করুন - প্রতিটি প্রতিক্রিয়ায় যা তারা জানিয়েছে, আপনি তার প্রভাবগুলি কী তা জিজ্ঞাসা করতে পারেন। প্রতিটি প্রভাব একটি স্টিকি নোটে লিখুন এবং তাদের কারণের উপরে রাখুন।

৮. অংশগ্রহণকারীরা প্রভাবগুলি তালিকাভুক্ত করার পরে, তারা কী ভাগ করেছে তা আবার পড়ুন এবং এর কারণগুলির সাথে এটি দেখুন। উদাহরণস্বরূপ, “সুতরাং, আপনি বলছেন যে মাসিকের সময় পর্যাপ্ত পণ্য না থাকার অর্থ হল মেয়েরা অবশ্যই তাদের পিরিয়ডের সময় অপরিষ্কার র‌্যাগ ব্যবহার করে এবং এটি সংক্রমণের কারণ হতে পারে। কোনো মেয়ে যদি সংক্রমিত হয়, তবে সে স্বাস্থ্যকেন্দ্রে যেতে না-ও পারতে পারে কারণ সে খুব লাজুক বা বিব্রত।”

### *মূল পদক্ষেপ (কারণগুলোকে এবং প্রভাবগুলোকে বিষয়বস্তুতে অনুবাদ করা)ঃ*

১. একবার আপনার কারণগুলোর তালিকা হয়ে গেলে, উপায় বের করার জন্য মাথা খাটান, যাতে একটি কার্যক্রম এগুলো সমাধান করতে সহায়তা করতে পারে। উদাহরণস্বরূপ, যদি মাসিকের পণ্য না থাকার হয় পিতামাতাদের কেনার জন্য জিজ্ঞাসা করতে বিব্রত বোধ করা তবে আপনি মায়ের সাথে সঠিক মাসিক স্বাস্থ্যকর ব্যবস্থাপনার বিষয়ে একটি সেশন করতে চাইতে পারেন।


২. প্রতিটি কারণ এবং প্রভাবের জন্য, অগ্রগতি পরিমাপের জন্য আপনি কোনও বিষয়বস্তু এবং একটি ইন্ডিকেটর ডিজাইন করতে পারবেন কিনা তা নির্ধারণ করুন।

৩. অংশগ্রহণকারীদের সাথে ইন্ডিকেটরসমূহ তৈরির জন্য প্রতিটি বিষয়বস্তুকে কীভাবে পরিমাপ করা হবে সে সম্পর্কে চিন্তাভাবনা করুন।

### *নোট এবং টিপসঃ*

- বিষয়বস্তুসমূহ নির্বাচন করার সময় কার্যক্রমের সুযোগটি মনে রাখবেন। তেমনি, ইন্ডিকেটরসমূহ ডিজাইন করার সময় M&E এর সক্ষমতা বিবেচনা করুন। কোনও সীমিত কার্যক্রমের জন্য বা প্রভাব মূল্যায়নের পরিচালনার সীমিত ক্ষমতা থাকা সত্ত্বেও কঠিন-পরিমাপের প্রভাব-স্তর-বিষয়বস্তু নির্বাচন করা বুদ্ধিমান হবে না।

- কার্যক্রমে অংশগ্রহণকারী সকলে সমস্যা গাছের অনুশীলনে চিহ্নিত সমস্যাগুলি সম্পর্কে সচেতন হয়েছেন তা নিশ্চিত করুন এবং তাদের প্রতিক্রিয়া যথাসম্ভব বিবেচনা করুন।



## *বি.২ঃ অভিভাবক এবং কেয়ারগিভারদের জন্য ফোকাস গ্রুপ আলোচনা গাইড*

| | |
|---|---|
| **উদ্দেশ্য** | • অভিভাবক এবং কেয়ারগিভারদের মধ্যে সেইফ স্পেসে একটি ASRH কার্যক্রমে বাস্তবায়নের গ্রহণযোগ্যতা নির্ধারণ<br>• অভিভাবক/কেয়ারগিভারদের জন্য তাদের কিশোরী কন্যার SRH চাহিদার প্রতি দৃষ্টিভঙ্গী বুঝা |
| **ফ্রিকোয়েন্সি এবং টাইমিং** | কার্যক্রম শুরুর আগে 10-12 বাবা-মা/ অভিভাবকের দলগুলির সঙ্গে পরামর্শ করুন। |
| **সময় প্রয়োজন** | প্রতি গ্রুপে ৬০ মিনিট। |
| **উপকরণ প্রয়োজন** | • ফোকাস গ্রুপ আলোচনা গাইড |

### *মূল পদক্ষেপঃ*

১. *ফোকাস গ্রুপ আলোচনায় অংশগ্রহণের সম্মতি নিন* (টুল ই১ [E1] দেখুন এবং প্রাপ্তবয়স্কদের অংশগ্রহণকারীদের জন্য খাপ খাইয়ে নিন)।

২. সভায় অংশগ্রহণকারীদের স্বাগতম জানান। প্রকল্প ও উদ্দেশ্য সম্পর্কে সংক্ষিপ্ত ব্যাখ্যা দিন। গোপনীয়তা সহ আলোচনার জন্য কিছু নৈতিক সাধারণ নিয়ম গুলো জানান। জোর দিয়ে বলুন যে, অংশগ্রহণকারীদের নামগুলো কখনোই ব্যবহার করা হবে না, এবং আমরা সাধারণত সমাজের কিশোরী-কিশোরীদের সম্পর্কে জানতে চাই, তাদের মেয়েদের ব্যাপারে বিশেষ কিছু নয়।

৩. অংশগ্রহণকারীরা তাদের নাম এবং তাদের সংসারে কিশোরী বয়সের সদস্যদের সাথে পরিচয় করিয়ে দেয়ার সুযোগ দিন।

### *আপনার আলোচনা করতে নিম্নোক্ত প্রশ্নগুলি ব্যবহার করুনঃ*

১. প্রথমত, আমরা আলোচনা করতে চাই এই সম্প্রদায়ের লোকেরা কিভাবে ‘তরুণ’, ‘বয়স ১০ হতে ১৯’ সম্পর্কে চিন্তা করে। আপনার দৃষ্টিতে, শৈশব এবং সাবালকতার মধ্যে কি আলাদা কোন ধাপ আছে?

- বড়রা কি ১৫-১৭ বছর বয়সীদের থেকে ১০-১৪ বছর বয়সীদেরকে আলাদা করে দেখেন?
- কোন ঘটনা এই দলগুলোর মধ্যে পার্থক্য এবং পরিবর্তন নির্ধারণ করে, যেমন বিবাহ, অদ্যঋতু/ঋতুস্রাব, এক গ্রেড থেকে অন্য পাস, জন্মদিন?
- মেয়েদের তুলনায় ছেলেদের বয়সের গ্রুপগুলো কি ভিন্ন?

২. বর্তমানে এই সমাজে তরুণদের আচরণ ও মতামতের উপর সবচেয়ে উল্লেখযোগ্য প্রভাব কি?

- যেমনঃ মিডিয়া? বাবা-মা? স্কুল? সমকক্ষ (Peers)?

৩. পরিবারের কোন সদস্য বা বড়দের নিকট কিশোরী মেয়েরা সাহায্য এবং পরামর্শের জন্য যেতে পারে?

- মেয়েদের বড় হওয়ার সাথে সাথে কি তাদের সমর্থন এবং পরামর্শ পরিবর্তন হয়?

৪. আমাদের সন্তানদের সঙ্গে নির্দিষ্ট কিছু বিষয় নিয়ে আলোচনা করা কঠিন হতে পারে। আপনি আপনার মেয়ে যখন কিশোরী থেকে যুবতী হতে চলেছে, তখন তার সাথে আলোচনা করার জন্য কোন বিষয়টি সবচেয়ে বেশি চ্যালেঞ্জিং মনে হয়েছে?

- আপনি কী ভাবে সেনসিটিভ বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পেরেছেন, যেমন বয়ঃসন্ধিকাল? ঋতুস্রাব? যৌনতা এবং সন্তান নেওয়ার সময় সিদ্ধান্ত থাকবে? কোন বয়সে আপনি মনে করেন যে আপনার মেয়ে এই ধরনের বিষয় শিখতে শুরু করবে?

৫. কোনটিকে আপনি সেরা পন্থা বা কাকে সেরা মানুষ মনে করবেন যাদের থেকে মেয়েরা কিশোরী থেকে যৌবনে যাওয়ার পরিবর্তনগুলো সম্পর্কে শিখতে পারেন?

- এই বিষয়ে তাঁদের সঙ্গে কথা বলার জন্য ভাল মানুষ কে হবে?
- তাদের জন্য এ বিষয়ে খোঁজ নিতে সঠিক জায়গা কোথায়? আপনি আপনার মেয়েকে তথ্যের জন্য কোথায় যেতে স্বাচ্ছন্দ্য বোধ করবেন?
- কোথাও কি এমন আছে যে মেয়েদের সেবাসমুহ গ্রহণ করা উচিত নয়?
- আপনার ঘরোয়া পরিবেশ থেকে কি এটি এখানে ভিন্ন হতে পারে?

৬. তরুণরা কোন বয়সে সম্পর্কে জড়ানোর জন্য প্রস্তুত বলে আপনি মনে করেন?

- আপনার কি মনে হয় এই বয়স তাদের জন্য যথাযথ?

৭. কোন বয়সে এই সমাজের তরুণরা যৌন সম্পর্কের বিষয়ে সচেতন হয়ে যায়?

- কিভাবে তারা যৌন সম্পর্ক সম্পর্কে সচেতন হয়ে ওঠে? তারা কোথা থেকে তথ্য পায়, আর কী শিখছে, কীভাবে শেখে? তারা কি এমন কিছু শিখতে পারে যা আপনি তাদের সাথে আলোচনা করতে অস্বস্তিবোধ করবেন না?
- কোন বয়সটিকে তরুণদের যৌন সম্পর্কের জন্য প্রস্তুত বলে আপনি মনে করেন?
- আপনার কি মনে হয় এই বয়স তাদের জন্য যথাযথ? কোন বয়সে আপনি মনে করেন যে তাদের যৌন সম্পর্কের জন্য প্রস্তুত হতে সচেতন হওয়া উচিত?

৮. তরুণরা যৌন সম্পর্ককে কিভাবে সংজ্ঞায়িত করে বলে আপনি মনে করেন?

- তাঁরা কি নানা ধরনের যৌন সম্পর্কের ব্যাপারে জানে?
- তারা কিভাবে বিভিন্ন ধরনের যৌন সম্পর্কের মধ্যে পার্থক্য করে বলে আপনি মনে করেন?

৯. ভিন্নতা আসার পর থেকে, আপনি মনে করেন যে ভাবে ছেলে-মেয়েদের সম্পর্ক আছে তার কোন পরিবর্তন হয়েছে?

- এই পরিবর্তন কিভাবে হয়েছে?
- এই পরিবর্তন কি ভাল না খারাপ?

১০. মা/বাবা হিসাবে, কৈশোর থেকে যৌবনে তরুণ-তরুণীদের রূপান্তরের ক্ষেত্রে আপনি কি ভূমিকা রাখেন?

- বাবা-মার সাথে অন্যান্য প্রাপ্তবয়স্কদের এই ভূমিকার তফাত কিরকম হয়?
- কিভাবে আপনি তাদের সাথে সংযুক্ত হতে চান?
- কিভাবে আপনি অন্যান্য প্রাপ্তবয়স্কদের এব্যাপারে জড়িত হিসাবে দেখতে চান?
- কিশোরী থেকে যৌবনে যাওয়ার সময়টিতে কোন প্রাপ্তবয়স্করা সবচেয়ে প্রভাবশালী হতে পারে?
- এই কার্যক্রমে আসার আগে প্রাপ্তবয়স্কদের ভূমিকা কিভাবে একই বা ভিন্ন যা পরিবর্তন হয়েছে?
- বিয়ে হয়ে গেলে নিজের মেয়ের জীবনে আপনার কীরকম ভূমিকা আছে মনে করেন? আপনি কিভাবে সন্তান নেয়ার সম্পর্কিত সিদ্ধান্ত নিয়ে আলোচনা করবেন?

১১. কি ধরনের তথ্য আপনি আপনার মেয়েদের যুবতীতে রুপান্তরের সময়ে দিতে চান? কী ধরনের সাহায্য?

- আপনার কি এমন কোনও তথ্য আছে যা মেয়েদের না জানানো উচিৎ বলে আপনার মনে হয়? কোন ধরনের সাহায্য?

*নোট এবং টিপসঃ*

- যতটা সম্ভব, বিশেষ করে ফোকাস গ্রুপের শুরুর দিকে, সাধারণ ভাবে প্রশ্ন জিজ্ঞাসা করুন, উদাহরণস্বরূপ, সমাজে কিশোরী-কিশোরীদের বাবা-মা এবং অভিভাবকদের, অংশগ্রহণকারীদের সম্পর্কে ভিন্ন ভাবে।
- সমাজের সাথে প্রাসঙ্গিকতা/মিল রেখে প্রশ্ন পর্যালোচনা করুন, এবং প্রয়োজন হলে পরিবর্তন আনুন, বিশেষ করে, ফোকাস গ্রুপের বাবা এবং পুরুষ অভিভাবকদের জন্য।

## বি.৩ঃ M&E ফ্রেমওয়ার্ক

| | |
|---|---|
| **উদ্দেশ্য** | কার্যক্রমের উদ্দেশ্য এবং সূচকের একটি সামগ্রিক চিত্র পেতে, এবং কিভাবে সূচক পরিমাপ করা হবে। |
| **ফ্রিকোয়েন্সি এবং টাইমিং** | লক্ষ্য এবং সূচকগুলি সনাক্ত করার পরে নির্ধারণ করতে, এবং কার্যক্রমের শুরু করার পূর্বে চিহ্নিত করা হয়েছে। |
| **সময় প্রয়োজন** | ২ ঘন্টা |
| **উপকরণ প্রয়োজন** | • M & E ফ্রেমওয়ার্ক টেমপ্লেট<br>• প্রয়োজন মুল্যায়ন কার্যক্রম থেকে প্রাপ্ত ফলাফল (ফ্রি-লিস্টিং, PRM, সমস্যাতালিকা) |

### মূল পদক্ষেপঃ

১. প্রয়োজন মূল্যায়নের কর্মকাণ্ডের উপর ভিত্তি করে, পরিবর্তনের একটি খসড়া তত্ত্ব তৈরি করুন। পরিবর্তনের তত্ত্বের উপর ভিত্তি করে, প্রতিটি স্তরে কংক্রিট উদ্দেশ্য চিহ্নিত করুন (কার্যক্রম, আউটপুট, ফলাফল, এবং যদি সম্ভব হয় প্রভাব)।

২. প্রতিটি উদ্দেশ্যের জন্য, বেশ কিছু স্মার্ট (SMART) ইন্ডিকেটর চিহ্নিত করুন। প্রতিটি নির্দেশকের জন্য, কিভাবে এটি পরিমাপ করা হবে তা নির্ধারণ করুন, কত ঘনঘন এটি পরিমাপ করা হবে এবং ডেটা সংগ্রহের জন্য কে দায়ী থাকবে।

৩. সেই অনুযায়ী টেবিল পূর্ণ করুন, প্রতিটি ইন্ডিকেটরের জন্য একটি পৃথক সারি ব্যবহার করুন।

### নোট এবং টিপসঃ

- M & E ফ্রেমওয়ার্ক তৈরির পর, সকল কর্মসূচি কর্মীদের লক্ষ্য, নির্দেশক/ইন্ডিকেটর, পরিমাপ এবং দায়িত্বের বিষয়ে সচেতন কিনা নিশ্চিত করুন।
- আপনি কিছু ইন্ডিকেটর নির্বাচন করতে পারেন যেগুলোর উপর ভিত্তি করে কিশোরী M & E ফোকাল পয়েন্টকে পরিমাপ করা সহজ হবে।
- কার্যক্রমের সবক্ষেত্রে এম & ই ফ্রেমওয়ার্ক স্থির থাকা উচিত। তবুও, যদি একটি নির্দিষ্ট নির্দেশক পরিমাপ করা সম্ভব না হয়, অথবা যদি আপনি কিছু নির্দিষ্ট উদ্দেশ্য অপ্রাসঙ্গিক হয়ে যায়, তাহলে ভবিষ্যত প্রোগ্রামিং এর জন্য একটি নোট করুন।

## *স্যাম্পল M & E ফ্রেমওয়ার্কঃ*

রিসেট

| স্তর | উদ্দেশ্য | ইন্ডিকেটর | পরিমাপ | যাচাইয়ের উপায় | সংগ্রহের ফ্রিকোয়েন্সি | ব্যক্তি (গুলি) দায়িত্বশীল |
|---|---|---|---|---|---|---|
| *যেমনঃ ফলাফল* | *সেশনে মেয়েদের উপস্থিতর সংখ্যা বৃদ্ধি* | *এসআরএইচ সেশনে কমপক্ষে ৮০% উপস্থিত মেয়ের সংখ্যা* | *মোট সংখ্যা* | *উপস্থিতির রেকর্ড* | *প্রতিটি অধিবেশনে গৃহীত উপস্থিতি; কার্যক্রমের শেষে গণনাকৃত মোট সংখ্যা* | *সেশন ফ্যাসিলিটর* |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

## সি. মানসম্মত পর্যবেক্ষণ ব্যবস্থাগ্রহণের সরঞ্জামসমূহ

### *সি.১ঃ অংশগ্রহণকারীর রেজিস্টার*

| | |
|---|---|
| **উদ্দেশ্য** | • SRH কার্যক্রমে অংশনেওার জন্য নিয়োগ করা মেয়েদের সংখ্যা তদারকি করা<br>• অংশগ্রহনের জন্য যে সব মেয়েদের নাম নথিভুক্ত করা হয়েছে তাদের সামাজিক বৈশিষ্ট্য বুঝা (উদাহরণ স্বরূপ, বয়স, শিক্ষা, বৈবাহিক অবস্থা, অক্ষমতা অবস্থা)।<br>• SRH কার্যক্রমে মেয়েদের নিয়োগ দেয়া এবং প্রচারের কাজ জানানোর জন্য |
| **ফ্রিকোয়েন্সি এবং টাইমিং** | একবার, কার্যক্রমের শুরুতে |
| **সময় প্রয়োজন** | তালিকাভুক্তির সময়ে প্রত্যেক মেয়ের জন্য গড়পরতা ১০ মিনিট |
| **প্রয়োজনীয় সরঞ্জাম** | নিবন্ধন ফরম |

### *মূল পদক্ষেপঃ*

১. কোন আর্থ সামাজিক চরিত্রকে ট্র্যাক করবেন সেই সিদ্ধান্ত নিন।

২. প্রতিটি মেয়েকে নিবন্ধন করার সময় একটি নিবন্ধন নম্বর দিন। যেসব বৈশিষ্ট্য সম্পর্কে আপনি জানতে চান তাকে তা জিজ্ঞেস করুন।

### *নোট এবং টিপসঃ*

- আপনি অতিরিক্ত আর্থ-সামাজিক বৈশিষ্ট্য ট্র্যাক করার কথা বলতে পারেন, যদি এটা আপনার বিষয়ের সাথে সম্পৃক্ত হয়
- এক্সেল স্প্রেডশিটে ডাটা ইনপুট দিন। ইনপুট ও বিশ্লেষণকে সহজ করার জন্য 'হাঁ' কে '১' ও 'না' কে '০' সংকেত হিসাবে ব্যাবহার করতে পারেন।
- সেশনে যত সিট রয়েছে তার চেয়ে বেশি সংখ্যক মেয়ে নিবন্ধন করতে চাইলে আলাদা নিবন্ধন শিট ব্যাবহার করুন; অপেক্ষামান তালিকায় কতজন মেয়ে আছেন তা ট্র্যাক করার জন্য।

## অংশগ্রহণকারী নিবন্ধন ফর্মের নমুনা

রিসেট

| রেজিস্ট্রেশন নম্বর | নাম | বয়স | বসবাসের এলাকা | স্কুলে যাচ্ছে? | বৈবাহিক অবস্থা | সন্তানের সংখ্যা | সঙ্গে বসবাসকারি (উভয় অভিভাবক/একজন অভিভাবক/একজনও না) | অক্ষমতার অবস্থা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |

## সি.২ঃ উপস্থিতির রেজিস্টার

| | |
|---|---|
| **উদ্দেশ্য** | • কতজন মেয়ে প্রতিটি সেশনে অংশ নিচ্ছে তার তদারকি করা<br>• যে সব মেয়েরা সেশনে অংশ নিচ্ছে তাদের সামাজিক বৈশিষ্ট্য বুঝা |
| **ফ্রিকোয়েন্সি এবং টাইমিং** | প্রত্যেক সেশনের শুরুতে উপস্থিতি নিবেন; ক্রমবর্ধমান উপস্থিতি হিসেব করার জন্য কার্যক্রমের শেষে উপস্থিতির শিটগুলো একত্রিত করুন। |
| **সময় প্রয়োজন** | প্রত্যেক সেশনের শুরুতে আন্দাজে ৫ মিনিট |
| **প্রয়োজনীয় সরঞ্জাম** | এটেন্ডেনস শিট |

### মূল পদক্ষেপঃ

১. কার্যক্রমে যে নিবন্ধিত মেয়েরা অংশগ্রহণ করবে তাদের একটি লিস্ট তৈরি করুন।

২. প্রত্যেক সেশনের শুরুতে এ্যাটেন্ডেন্স নিন এবং দাগান যে প্রতিটি মেয়ে উপস্থিত কিনা।

### নোট এবং টিপসঃ

- এক্সেল স্প্রেডশিটে তথ্যের ইনপুট দিন। ইনপুট ও বিশ্লেষণকে সহজ করার জন্য ‘উপস্থিত’ কে ‘১’ ও ‘উপস্থিত নয়’ কে ‘০’ সংকেত হিসাবে ব্যবহার করতে পারেন। এর পর আপনি প্রত্যেক মেয়ের ক্রমবর্ধিত উপস্থিতি এবং একটি নির্দিষ্ট সেশনে শতকরা কত শতাংশ মেয়েরা অংশ নিয়েছে তা হিসাব করতে পারবেন।

## স্যাম্পল উপস্থিতির শিট

রিসেট

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | লোকেশন | | | | | | | | | | |
| | ফ্যাসিলিটেটর | | | | | | | | | | |
| | গ্রুপ নম্বর | | | | | | | | | | |
| | | সেশন নম্বর | | | | | | | | | |
| | অংশগ্রহণকারীর নাম | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | | | |
| ১১ | | | | | | | | | | | |
| ১২ | | | | | | | | | | | |
| ১৩ | | | | | | | | | | | |
| ১৪ | | | | | | | | | | | |
| ১৫ | | | | | | | | | | | |
| ১৬ | | | | | | | | | | | |
| ১৭ | | | | | | | | | | | |
| ১৮ | | | | | | | | | | | |
| ১৯ | | | | | | | | | | | |
| ২০ | | | | | | | | | | | |

✓= উপস্থিত ✘ = অনুপস্থিত



সুচিতে ফেরত

## সি.৩ঃ পাঠ পরিকল্পনা

| | |
|---|---|
| **উদ্দেশ্য** | • সেশনের সংখ্যা ও নম্বর পরিকল্পনা করা<br>• প্রতিটি সেশনের কোন বিষয়গুলো পড়ান হবে তা নির্দিষ্ট করা<br>• প্রতি সেশনের আগে অন্য প্রয়োজনীয় বস্তু অথবা অন্য প্রস্তুতির ব্যাপারে পরিকল্পনা করা |
| **ফ্রিকোয়েন্সি এবং টাইমিং** | কার্যক্রম শুরুর আগে পাঠ পরিকল্পনা করুন। প্রয়োজন অনুসারে এটিকে হালনাগাদ করা যেতে পারে কিন্তু আসল পরিকল্পনা পরিবর্তনের কারণ যেন নোট করা হয় তা নিশ্চিত করুন |
| **সময় প্রয়োজন** | ২ ঘণ্টা |
| **প্রয়োজনীয় সরঞ্জাম** | • কার্যক্রমের পরিকল্পনার কাজের ফলাফল<br>• পাঠ পরিকল্পনার টেম্পলেট |

### মূল পদক্ষেপঃ

১. সেশন পরিকল্পনার ফরম পূরণ করার জন্য প্রয়োজনীয় প্রশ্ন মেয়েদেরকে জিজ্ঞেস করুন (সেকশন এ.৩ দেখুন) এবং সেশনের মোট সংখ্যা গননা করুন

২. প্রয়োজনীয়তা মূল্যায়নের ফলাফলের উপর ভিত্তি করে কোন বিষয়গুলো পড়ানো জরুরী তা নোট করুন (উদাহরণ স্বরূপ, ফ্রী লিস্টিং, অংশগ্রহণ মূলক রাঙ্কিং পদ্ধতি/PRM)

৩. ক্রমানুসারে মডিউলের সাহায্যে ফর্মটি পূরণ করুন, শিরোনাম ও এর ভিতরের বিষয়গুলো অন্তর্ভুক্ত করুন।

৪. একজন ফ্যাসিলিটেটরকে দায়িত্ব দিন। আদর্শভাবে, ওই একই ফ্যাসিলিটেটর একটি গ্রুপের সকল সেশন প্রয়োগ করবেন।

৫. কোনো প্রয়োজনীয় উপকরণ নোট করুন, যেমন মার্কার, ফ্লিপ-চার্ট, স্টীকার, হ্যান্ডআউট বা পোস্ট- ইটস (post-its)।

৬. ফিডালিটি ট্র্যাকারকে (সেকশন সি.৬ দেখুন) জানানোর জন্য পাঠ পরিকল্পনা ব্যবহার করুন।

### নোট এবং টিপসঃ

- কার্যক্রম চলাকালীন সময়ে পাঠ পরিকল্পনা হালনাগাদ করার প্রয়োজন হতে পারে ; হয় নতুন শিডিউলের জন্য অথবা নতুন সেশন অন্তর্ভুক্ত করার প্রয়োজন হলে। নিশ্চিত করুন পাঠ পরিকল্পনা হালনাগাদ করা হলে যেন তা নোট করা হয়, ফিডালিটি ট্র্যাকারকে জানানোর জন্য।

## *একটি স্যাম্পল পাঠ পরিকল্পনার টেম্পলেট*

রিসেট

| কারিকুলামঃ | | | | বয়সের গ্রুপঃ | লোকেশনঃ | |
|---|---|---|---|---|---|---|
| সেশন # | তারিখ | সময় | মডিউল | বিষয়সমূহ | ফ্যাসিলিটেটর | প্রয়োজনীয় সরঞ্জাম |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

## *সি.৪ঃ সন্তুষ্টির সার্ভে*

| | |
|---|---|
| **উদ্দেশ্য** | • সেশন নিয়ে অংশগ্রহণকারীর সন্তুষ্টি বিচার করা<br>• SRH-সেশনকে কিভাবে আরো উন্নত করা যায় তা বুঝা। |
| **ফ্রিকোয়েন্সি এবং টাইমিং** | সম্পূর্ণ কার্যক্রম জুড়ে প্রত্যেক সেশনের শেষে |
| **সময় প্রয়োজন** | সার্ভেটি পূরণ করতে মেয়েদের গড়পড়তা ১০ মিনিট লাগতে পারে |
| **প্রয়োজনীয় সরঞ্জাম** | সন্তুষ্টির সার্ভের ফর্ম |

### *মূল পদক্ষেপঃ*

১. সার্ভে সম্পূর্ণ করার জন্য প্রতি সেশনের পরে ১০ মিনিট ঠিক করুন। অংশগ্রহণকারীদের অক্ষরজ্ঞান সম্পন্নতা নির্ধারণ করুন। যদি সকল অংশগ্রহণকারীরাই শিক্ষিত হন তাহলে আপনি স্যাম্পল সার্ভে ফরম ব্যাবহার করতে পারেন।

২. *সার্ভে ফরমের জন্যঃ* অংশগ্রহণকারীদের মাঝে ফরম বিতরণ করুন এবং এটি পূরন করার জন্য ৫ মিনিট সময় দিন।

৩. *কম শিক্ষিত গ্রুপের জন্য সন্তুষ্টির সার্ভে ; অপশন-১;* যদি প্রযোজ্য হয়, সন্তুষ্টি সার্ভেটি জোরে পড়া হবে এবং যার শিক্ষার হার কম তার জন্য অন্য কোন অংশগ্রহণকারী তা পূরণ করে দিবেন।

৪. *কম শিক্ষিত গ্রুপের জন্য সন্তুষ্টির সার্ভে ; অপশন-২ঃ* যদি উল্লেখযোগ্য সংখ্যক অংশগ্রহণকারীর শিক্ষার হার কম থাকে, তাহলে আপনি প্রশ্নগুলো জোরে পড়তে পারেন এবং প্রতিটি অপশনের জন্য হাত তুলতে বলতে পারেন (উদাহরণ স্বরূপ, সেশনটি চমৎকার ছিল, সেশনটি মোটামুটি মানের ছিল, সেশনটি খারাপ ছিল) তারপর আপনি মেয়েরা কী সবচেয়ে বেশি পছন্দ করেছে, কী সবচেয়ে কম পছন্দ করেছে, পরের বারের জন্য কি পরিবর্তন করা প্রয়োজন তা নিয়ে সামান্য আলোচনা করতে পারেন।

### *নোট এবং টিপসঃ*

- নিশ্চিত করুন যে মেয়েরা যেন ব্যাবহারের আগে হাশিমুখের অর্থ বুঝে, এটা ARSH কার্যক্রমের শুরুতে কিশোরী মেয়েদের সাথে প্রাথমিক আলোচনা বা প্রয়োজনীয়তা মূল্যায়নের সময়ে করা যেতে পারে।

## *স্যাম্পল সন্তুষ্টি সার্ভে ফরম, বেশি শিক্ষার হার সম্পন্ন দলের জন্য*

রিসেট

| তারিখঃ | সেশনঃ |
|---|---|

***এই সেশনের ব্যাপারে কেমন বোধ করছেন?***



☐ ☐ ☐

***কোনটি সবচেয়ে বেশি পছন্দ করেছেন?***

***কোনটি সবচেয়ে কম পছন্দ করেছেন?***

***পরের বারের জন্য কী পরিবর্তন করতে চান?***

***অন্য কোনও মন্তব্য?***

## সি.৫ঃ ফ্যাসিলিটেটরের মূল্যায়ন

| | |
|---|---|
| **বিষয়বস্তু** | • ফ্যাসিলেটেটরের দক্ষতা পরিমাপ করা<br>• উন্নতির জায়গাগুলো এবং ক্ষমতা উন্নয়নের প্রয়োজন সনাক্ত করা |
| **ফ্রিকোয়েন্সি এবং সময়** | যতগুলো সেশন উপযুক্ত, ততগুলো পরিচালনা করা যেতে পারে |
| **প্রয়োজনীয় সময়** | সেশনে যতটা সময় লাগে |
| **প্রয়োজনীয় উপকরণ** | মূল্যায়ন পত্র |

### মূল পদক্ষেপঃ

১. ফ্যাসিলিটেটর মূল্যায়নের ফর্ম অন্য সদস্যদের সাথে পর্যালোচনা করুন এটা নিশ্চিত করার জন্য যে প্রত্যেকটি কাজের জন্য যাতে আপনার সাধারন বোঝাপড়া থাকে।

২. প্রয়োজনে ফ্যাসিলিটেটর মূল্যায়ন ফর্ম সংশোধন করুন। আপনি অতিরিক্ত কাজ যোগ করতে পারেন অথবা নির্দিষ্ট কাজ অপসারণ করতে পারেন যদি সেগুলো প্রযোজ্য না হয়।

৩. ফ্যাসিলিটেটরকে অবগত করুন যে আপনি একটি সেশন লক্ষ্য করবেন এবং তাকে বলুন যাতে সে সেশন সেভাবেই পরিচালনা করে যেভাবে সে সাধারণত করে থাকে।

৪. একটি সম্পূর্ণ সেশনের যোগ দিন। এমন একটি জায়গায় বসুন যাতে সেশন অথবা কর্মকাণ্ডে বিঘ্ন না ঘটে।

৫. প্রত্যেকটি কাজের জন্য ফ্যাসিলিটেটর কেমন কাজ করলো সেটি চেক করুন অথবা গোল বৃত্ত দিন। আপনি চাইলে নির্দিষ্ট নাম্বারটি কেন নিয়েছেন সেটি পরিষ্কার করার জন্য নোট লিখতে পারেন।

৬. সবমিলিয়ে ফ্যাসিলিটেটরের ক্ষমতা সম্পর্কে ধারণা তৈরির জন্য শেষে সব পয়েন্ট যোগ করুন।

৭. মূল্যায়নটি নিয়ে আলোচনা করার জন্য ফ্যাসিলিটেটরের সাথে দেখা করার সময় ঠিক করুন, বিশেষ করে মনোযোগ দিন সে কাজগুলোতে যাতে সে সবচেয়ে ভালো করেছে এবং সেগুলোতে যাতে উন্নতির প্রয়োজন রয়েছে।

### নোট এবং টিপসঃ

- মূল্যায়ন পত্রের অন্তর্গত নির্দিষ্ট মাপকাঠির ওপর জোর দেয়ার সাথে সাথে, ফ্যাসিলিটেটরের পর্যাপ্ত ট্রেনিং পাওয়া উচিত।

- ফ্যাসিলিটেটরকে প্রতিক্রিয়া; সবসময় উন্নতি করার জন্য উৎসাহ স্বরূপ দেওয়া উচিত। প্রতিক্রিয়া প্রদানের সময় শুধু তার ফেসিলিটেশন এর দক্ষতা সমালোচনা না করে এমনভাবে জিনিসগুলোর কাঠামো দাঁড় করাবেন যাতে তার মনে হয় তাকে আরো উন্নতি করার সুযোগ দেওয়া হচ্ছে।

- ফ্যাসিলিটেটরের হাতে যথার্থ উৎসগুলো নিশ্চিত করুন যাতে যে সকল জায়গায় তার উন্নতি করা দরকার সে সকল জায়গায় সে তার ক্ষমতা বাড়াতে পারে।

- আপনি যদি দেখেন যে ফ্যাসিলিটেটর এমন কিছু করছে যা মেয়েদেরকে বিপদে ফেলে, ভুল এবং ভয়ঙ্কর তথ্য দেয়, প্রোগ্রামে অংশ নিতে অনুৎসাহিত করে তবে সেশন শেষ হওয়ার সাথে সাথে উপযুক্ত পদক্ষেপ নিন।

## ফ্যাসিলিটেটরের মূল্যায়ন ফর্ম

রিসেট

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষকের নাম | | ফ্যাসিলিটেটরের নাম | |
| তারিখ | | স্থান | |
| সেশনের টপিক (সমূহ) | | | |

| | উন্নতির প্রয়োজন | | ভালো | ভালো | |
|---|---|---|---|---|---|
| **কাজ** | **১** | **২** | **৩** | **৪** | **পয়েন্ট** |
| একটি বাস্তবিক শিক্ষার পরিবেশ স্থাপন করা | রুমের কোনো পরিবর্তন নেই | রুমটি পুনরায় সাজানো | রুমটি পুনরায় সাজানো কিন্তু তার চারপাশের কোনো পরিবর্তন নেই | রুমটি পুনরায় সাজানো এবং আশেপাশের পরিবর্তন হয়েছে | |
| শারিরিক ভঙ্গির ব্যবহার | পরিবর্তন নেই | মুখের অভিব্যক্তি ব্যবহার | মুখের অভিব্যক্তি ব্যবহার এবং অঙ্গভঙ্গির পরিবর্তন | মুখের অভিব্যক্তি ব্যবহার এবং হাতের ইশারা, অঙ্গভঙ্গির এবং কণ্ঠস্বরের পরিবর্তন | |
| সক্রিয় শ্রবণ | কোনো সক্রিয় শ্রবণ নেই | সংক্ষিপ্ত উৎসাহমুলক বাক্যাংশের ব্যবহার | সংক্ষিপ্ত উৎসাহমুলক বাক্যাংশের ব্যবহার, পুনঃস্থাপন এবং সংক্ষিপ্ত করে | সংক্ষিপ্ত উৎসাহমুলক বাক্যাংশের ব্যবহার, পুনঃস্থাপন এবং সংক্ষিপ্ত করে,সমস্যা সমাধান ও সমর্থন করে | |
| সেশন গাইডের ব্যবহার | কোনো সেশন গাইড ব্যবহৃত হয় নি, কোনো উপকরণ প্রস্তুত হয় নি | সেশন গাইড ব্যবহৃত হয় এবং কিছু উপকরণ প্রস্তুত হয়েছে | নিয়মিত সেশন গাইড ব্যবহার করে, সব উপকরণ প্রস্তুত, কখনো কখনো টাইমলাইন ব্যবহার করে | নিয়মিত সেশন গাইড ব্যবহার করে, সব উপকরণ প্রস্তুত, এবং সবসময় টাইমলাইন ব্যবহার করে | |
| প্রাসঙ্গিক হলে সেশনের সময় মেয়েদের দায়িত্ব দেওয়া হয় | কখনো না | শুধুমাত্র সেশন গাইডে নির্দিষ্ট করা হলেই | কখনো কখনো, ভিন্ন ভিন্ন মেয়েদেরকে | নিয়মিত ও সমানভাবে বিতরণকৃত | |
| প্রয়োজন হলে সঠিক উদাহরণ এবং ব্যাখ্যা দেওয়া | কখনো না | কখনো কখনো, যখন সেশন গাইডে নির্দিষ্ট করে দেওয়া হয় | কখনো কখনো, যখন তারা বুঝতে পারে মেয়েরা অনুসরণ করছে না | সবসময়, অনুরোধ জানানো বা জানানো ব্যাতিত | |
| জোর দেওয়া যে কোনও সঠিক বা ভুল উত্তর নেই (যদি সামঞ্জস্যপূর্ণ হয়) | কখনো না | মাঝেমাঝে, যখন সেশন গাইডে নির্দিষ্ট করে দেওয়া হয় | কখনো কখনো, যখন তারা বুঝতে পারে মেয়েদের কষ্ট হচ্ছে | সবসময়, এমনকি আসন্ন আলোচনার প্রস্তুতিতেও | |
| মেয়েদেরকে ইতিবাচক বার্তা ও উৎসাহ প্রদান করা | কোনো ইতিবাচক বার্তা বা উত্সাহ নেই | কেবল গাইড অনুযায়ী ইতিবাচক বার্তা সরবরাহ করে | কখনো কখনো মেয়েদের উত্সাহ প্রদান করা হয়, এমনকি গাইডে না থাকলেও | সবসময়, মেয়েদের সম্ভাবনার ব্যাপারে ক্ষমতায়নের বার্তার সাহায্যে তাদের শক্তির উপর জোর দেওয়া হয় | |
| সরাসরি প্রশ্ন না করে সাধারণ ভাষা ব্যবহার করা (উদাহরন, 'আপনার মত মেয়েরা কি ধরনের সমস্যার সম্মুখিন হন?') | ধারাভাবিকভাবে সরাসরি ভাষার ব্যবহার | শুধুমাত্র গাইডের মধ্যে নির্দিষ্ট করা থাকলে সাধারণ ভাষা ব্যবহৃত হয় | কখনো কখনো সাধারণ ভাষা ব্যবহৃত হয় এমনকি গাইডটিতে নির্দিষ্ট না হলেও | সবসময় সাধারণ ভাষা ব্যবহার করা, প্রাসঙ্গিক হিসাবে | |
| সঠিক SRH পরিভাষা ব্যবহৃত হয় | কখনো না | শুধুমাত্র গাইডের মধ্যে নির্দিষ্ট করা থাকলে সঠিক পরিভাষা ব্যবহৃত হয় | সঠিক পরিভাষা ব্যবহৃত হয়, এমনকি যখন গাইডে না থাকা প্রশ্নের উত্তর অথবা তথ্য দেওয়া হয় | নিয়মিতভাবে সঠিক পরিভাষার গুরুত্বকে জোর দেয় এবং ধারণা গুলো এমন ভাবে ব্যাখ্যা করা হয় যাতে মেয়েরা বুঝতে পারে | |
| অংশগ্রহণকারীদের প্রতিক্রিয়া দিতে উৎসাহ দান | কখনো না | মাঝেমাঝে, গাইডের মধ্যে নির্দিষ্ট করা থাকলে | প্রায়ই, এমনকি গাইডটিতে নির্দিষ্ট না হলেও | সবসময় এবং সেশনে প্রতিক্রিয়া নিয়ে আলোচনা করা | |
| | | | | **মোট পয়েন্ট** | |

**স্কোরিং**

**১০-২৫ পয়েন্টঃ** উন্নতির প্রয়োজন **২৬-৩৪ পয়েন্টঃ** ভালো **৩৫-৪০ পয়েন্টঃ** চমৎকার

## সি.৬ঃ বিশস্ততা তদারকি (ফিডালিটি ট্র্যাকার)

| | |
|---|---|
| **উদ্দেশ্য** | প্রতি সেশনের তথ্যের সারসংক্ষেপ করা এবং গতিবিধি নজরদারিতে রাখা |
| **ফ্রিকোয়েন্সি এবং টাইমিং** | প্রতিটি সেশন সম্পন্ন হওয়ার পর শেষ করতে হবে |
| **সময় প্রয়োজন** | ১০-১৫ মিনিট প্রতি সেশনে |
| **প্রয়োজনীয় সরঞ্জাম** | সেশন সামারি ফরম |

### *মূল পদক্ষেপঃ*

১. প্রতিটি সেশনের সমাপ্তির পর, প্রথম টেবিলে প্রাসঙ্গিক বিবরণ লিখুন।

২. যে সেশন অনুষ্ঠিত হয়নি তার জন্য, দ্বিতীয় টেবিলে বিস্তারিত লিখুন।

৩. কার্যক্রম সম্পন্ন হবার পর তথ্য গুলো বিশ্লেষণের জন্য করতে হবে।

### *নোট এবং টিপসঃ*

- একটি সেশন কেন করা হয় নি তার কারন জানার জন্য বিভিন্ন পক্ষকে জিজ্ঞেস করুন যাতে কি ভিন্ন হতে পারতো তার সম্পূর্ণ চিত্র তুলে ধরা যায়।

## বিশস্ততা তদারকি (ফিডালিটি ট্র্যাকার)

রিসেট

| কারিকুলামঃ | | | | বয়সের গ্রুপঃ | | লোকেশনঃ | |
|---|---|---|---|---|---|---|---|
| সেশনের #নম্বর এবং তারিখ | সেশনের শিরোনাম | সব বিষয়গুলো কি পড়নো হয়েছে? | যদি না হয়, তবে কোনগুলো এবং কেন হয়নি? | অংশগ্রহণকারীর #নম্বর | সন্তুষ্ট অংশগ্রহণকারীর #নম্বর | ফ্যাসিলিটেটর মূল্যায়ন স্কোর | বাড়তি পর্যবেক্ষণ অথবা সেশনের বাধা |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

| কোনো সেশনই কি হয়নি?<br>(যদি হ্যাঁ হয়, নিচে তথ্য পূরণ করুন) | | | | | |
|---|---|---|---|---|---|
| সেশন #নম্বর এবং পরিকল্পিত তারিখ | সেশনের শিরোনাম | সেশনগুলো না হওয়ার কারণসমূহ | সেশনকি পুনরায় শিডিউল করা হয়েছে? যদি হ্যাঁ হয়, কোন তারিখের জন্য? | অন্য অধিবেশনে কি কোন বিষয় কাভার করা হয়েছিল? যদি হ্যাঁ হয়, কোন সেশনে? | অতিরিক্ত নোট/ফলো-আপ একশন |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

## ডি. মূল্যায়নের টুলসমুহ

### *ডি.১ঃ মূল্যায়নের চেকলিস্ট*

| | |
|---|---|
| **বিষয়বস্তু** | নির্ধারণ করা যে আপনার টিমটি কার্যক্রমটি পর্যবেক্ষণ এবং মূল্যায়ন করতে তৈরি কিনা |
| **ফ্রিকোয়েন্সি এবং সময়** | কার্যক্রমটি পরিকল্পনা করার আগে আলোচনা করুন এবং পুরো সময় ধরে উল্লেখ করুন |
| **প্রয়োজনীয় সময়** | পুরো কার্যক্রম চলাকালীন এবং M&E প্রক্রিয়া |
| **প্রয়োজনীয় উপকরণ** | মূল্যায়নের চেকলিস্ট |

**নোটঃ** M&E এর সাথে জড়িত স্টাফদের সাথে পরিকল্পনার কাজে চেকলিস্ট ব্যবহার করুন। বিভিন্ন স্তরে উল্লেখ করুন যাতে এটা নিশ্চিত করা যায় যে M&E প্রক্রিয়ার সবগুলো স্তর কভার করা হচ্ছে।

### *মূল্যায়ন চেকলিস্ট*

| | |
|---|---|
| আপনি কি কিশোরী মেয়েদের কে M&E প্রক্রিয়ার সাথে জড়িত করার উপায়গুলো শনাক্ত করেছেন? | • প্রোগ্রাম ডিজাইন, প্রয়োগ এবং মূল্যায়নের সব ধাপে কি মেয়েদের অর্থপূর্ণভাবে অংশগ্রহণে সমর্থন করা হয়েছে? |
| আপনি কি প্রয়োজনীয়তা পরিমাপ করেছেন? | • সম্প্রদায়ে মেয়েরা সম্মুখীন হয় এমন মূল SRH-সম্পর্কিত চ্যালেঞ্জগুলো কি? |
| আপনি কি কার্যক্রমের বাস্তব বিষয়বস্তুগুলো চিহ্নিত করেছেন? | • প্রয়োজনীয়তার পরিমাপে শনাক্ত করা চ্যালেঞ্জ গুলোর মধ্যে কোন গুলো বাস্তবিক বিষয়বস্তু যেগুলো কার্যক্রমের ফলাফল হিসাবে অর্জন করতে হবে? |
| আপনি কি M&E কাঠামো তৈরি করেছেন? | • আপনার কাছেই কি অংশগ্রহণকারীদের সম্মতি এবং M&E কাজগুলো পরিচালনা করার জন্য স্টাফ আছে? |
| আপনার কাছে কি পর্যবেক্ষণের সিস্টেম রয়েছে? | • সেইফ স্পেসে কী বিভিন্ন প্রকারের পর্যবেক্ষণ রয়েছে?<br>• আপনি কি পর্যবেক্ষণের কার্যকলাপ পরিচালনা করার জন্য পর্যাপ্ত সময় এবং উৎস বরাদ্দ করেছেন? |

| | |
|---|---|
| আপনি কি একটি মূল্যায়ন ডিজাইন বাছাই করেছেন? | • আপনি কি বেসলাইন ডাটা সংগ্রহ করতে পারবেন? কম্পেরিসন গ্রুপ থেকে ডাটা সংগ্রহ করতে পারবেন?<br>• আপনার কার্যক্রমের সাথে ফলাফলের পরিবর্তন সংযুক্ত করা কি বাস্তবিক? |
| আপনি কি M&E পরিচালনা করার জন্য স্টাফদের ক্যাপাসিটি পরিমাপ করেছেন? | • আপনার কি পর্যবেক্ষণ অথবা মূল্যায়নের কোন স্তরের জন্য অতিরিক্ত সাহায্যকারী নিয়োগ করার প্রয়োজন হবে? |
| আপনি কি ডাটা সংগ্রহের টুল গুলো তৈরি করেছেন? | • আপনি কি টুলগুলো পরিচালনা করেছেন এটা নিশ্চিত করার জন্য যে তারা প্রাসঙ্গিকভাবে সঠিক?<br>• ডাটা সংগ্রহের টুলগুলো কি পরিষ্কারভাবে কার্যক্রমের বিষয়বস্তুর সাথে সংযুক্ত? তারা কি পর্যাপ্তভাবে ইন্ডিকেটরগুলো পরিমাপ করবে? |

## ডি.২ঃ বডি ম্যাপিং

| | |
|---|---|
| **উদ্দেশ্য** | কিশোরীদের SRH সম্পর্কিত বিষয়ের জ্ঞান সম্পর্কে জানা |
| **ফ্রিকোয়েন্সি এবং টাইমিং** | • কার্যক্রম শুরুর আগে সম্পন্ন করা এবং এটি শেষ হবার ৩-৪ সপ্তাহ পরে জ্ঞানের পরিবর্তন জানার জন্য করা<br>• অন্যভাবে, কাজটি কার্যক্রম শুরুর আগে সম্পূর্ণ ভাবে করা যেতে পারে। কার্যক্রম শেষ হওয়ার পরে SRH সেশন থেকে মেয়েরা কি শিখেছে তা আলোচনা করার জন্য আপনি মেয়েদের আঁকা বডি ম্যাপগুলো ব্যাবহার করতে পারেন। |
| **সময় প্রয়োজন** | ১ ঘুন্টা |
| **প্রয়োজনীয় সরঞ্জাম** | • ফ্লিপ-চার্টপেপার (৪-৫ শিট/গ্রুপ প্রতি)<br>• মার্কার<br>• বডি ম্যাপিং ডাটা কালেকশন ফর্ম |

### *মূল পদক্ষেপঃ*

১. ৮-১০ জন সমবয়সী কিশোরী মেয়েদের একত্রিত করুণ। (উদাহরণঃ ১০-১২, ১৪-১৬, ১৭-১৯ বছর বয়েসী) তাদেরকে বলুন মেয়েরা যখন বড় হয়ে প্রাপ্তবয়েস্ক হয় তখন তাদের কি ধরনের পরিবর্তন হয় তা দেখিয়ে ছবি আঁকতে।

২. তাদের কাছে ব্যাখ্যা করুন যে আপনি তাদেরকে ছোট ছোট দলে ভাগ করবেন এবং প্রতি দলকে তিনটি ছবি আঁকতে দিবেনঃ একটি ছবি হবে একজন কম বয়সী মেয়ের (৮-৯ বছর), একটি হবে তাদের বয়সী মেয়ের এবং আরেকটি ছবি একজন প্রাপ্তবয়স্ক মহিলার। ছবি গুলো বিস্তারিত হবে এবং একটি মেয়ে দেখতে কেমন হয় শুধু সেটাই দেখাবে না, আরো দেখাবে তারা কি অনুভব করে, কি চিন্তা করে এবং কি করে। মেয়েরা বড় হওয়ার সাথে সাথে তাদের মধ্যে যে পরিবর্তনগুলো আসে সেগুলো এই চিত্রগুলোর মাধ্যমে দেখানো যেতে পারে। যদি মেয়েরা পারে, তারা শরীরের যে পরিবর্তনগুলো হয় সে অংশগুলোকে চিহ্নিত করবে।

৩. মেয়েদেরকে মনে করিয়ে দিন যে এখানে কোন শুদ্ধ বা ভুল উত্তর নেই, এবং আপনি শুধু এইটাই জানতে আগ্রহী যে বয়স তাদের কোন ধরনের পরিবর্তনের সম্মুখীন করেছে।

৪. প্রতিটি দলে ৩-৪ জন মেয়েকে নিয়ে অংশগ্রহণকারীদের ৩টি দলে বিভক্ত করুন। প্রতিটি দলকে একটি ফ্লিপ-চার্টের সাইজের কাগজ (বা তিনটি রেগুলার সাইজের কাগজ) এবং কিছু মার্কার দিন। যদি রুমে যথেষ্ট জায়গা থাকে তাহলে নিশ্চিত করুন যে একটি ছোট দল যেন আরেকটির থেকে যথেষ্ট দূরে বসে।

৫. বডি ম্যাপ আঁকার জন্য মেয়েদেরকে ১৫ মিনিট সময় দিন। আপনি তাদেরকে সাধারণ প্রশ্নের উত্তর দিতে পারেন কিন্তু আঁকার জন্য বেশি গাইড করবেন না।

৬. রুমে ঘুরা ফেরা করুন ও বিভিন্ন দলকে তাদের অঙ্কন দেখাতে বলুন এবং ব্যাখ্যা করতে বলুন যে তারা কি এঁকেছে। ছোট দলে আলোচনার জন্য নিম্নোক্ত গাইড অনুসরণ করুনঃ

   - ছোট এবং কম স্পর্শকাতক বিষয় দিয়ে শুরু করুন। উদাহরণ, "আপনি কি বলতে পারেন কম বয়সী মেয়েটা কি ভাবছে? কিংবা আপনার বয়সী মেয়েটা? এখন, এই প্রাপ্ত বয়স্ক নারীটি?"
   - নির্দিষ্ট কিছু পরিবর্তনের ব্যাপারে জিজ্ঞেস করুন যা মেয়েরা দেখিয়েছে। উদাহরণস্বরূপ, "আমি দেখতে পাচ্ছি আপনারা আপনার বয়সী মেয়েদের স্তনসহ এঁকেছেন। মেয়েদের এই পরিবর্তনটি কখন হয়? আপনি কি জানেন এটি কেন হয়? আপনারদের আশেপাশের মেয়েরা এর ব্যাপারে কি অনুভব করেন?"

- নিম্নোক্ত বিষয়গুলো কভার করার চেষ্টা করুনঃ স্তনের বৃদ্ধি, কোমর চওড়া হওয়া, পশম বড় হওয়া, শরীরের দুর্গন্ধ, মাসিক। ছবি আঁকার সময় কোনো বিষয় বাদ পড়লে আপনি এভাবে জিজ্ঞেস করতে পারেন যে, " ____________ এইটার মানে কি? আপনি কি এটির ব্যাপারে শুনেছেন?" যদি মেয়েটি হ্যাঁ বোধক উত্তর দেয়, পরিবর্তনের ব্যাপারে উপরোক্ত প্রশ্নগুলো জিজ্ঞেস করুন। (এটি কখন হয়, কেন হয়, সমাজের মেয়েরা এই পরিবর্তনের সাথে কিভাবে মানিয়ে নেয়)


৭. যদি মেয়েরা বলে, একবার তাদের মাসিক হওয়ার পরে তারা প্রেগনেন্ট হতে পারে (অথবা প্রেগনেন্সি সম্পর্কিত কিছু) তাহলে জিজ্ঞেস করুন, "আর আপনারা কি কোনো পদ্ধতির ব্যাপারে জানেন যাতে আপনারা দেরিতে গর্ভবতী হতে পারেন কিংবা গর্ভবতী না হতে পারেন?"

- যদি মেয়েরা হ্যাঁ বলে, আরো জিজ্ঞেস করুনঃ "কোন কোন পদ্ধতির ব্যাপারে আপনি শুনেছেন?"
- তারপর, *প্রত্যেকটি পদ্ধতির ব্যাপারে যখন তারা উল্লেখ করে*, জিজ্ঞেস করুন, "এই পদ্ধতির ব্যাপারে আপনি কিছু জানেন?"; "এই পদ্ধতির কিছু ভাল দিক কী?"; "এই পদ্ধতির কিছু খারাআপ দিক কী?"
- শুধুমাত্র বিবাহিত মেয়েদেরকে, জিজ্ঞেস করুনঃ "আপনি কি জানেন এই সব পদ্ধতিসমুহ কোথায় পাওয়া যাবে?"

৮. যদি মেয়েরা প্রেগনেন্সির ব্যাপারে কিছু জিজ্ঞেস না করে, জিজ্ঞেস করুন, "যখন একটি মেয়ের মাসিক শুরু হয় সেটার মানে কি?" তারপর শুধুমাত্র যদি গর্ভধারণের ব্যাপারে কিছু উল্লেখ করা হয়, উপরোক্ত ফলো-আপ প্রশ্ন গুলো জিজ্ঞেস করুন।

৯. মেয়েদেরকে একটি বড় দলে ফিরিয়ে নিয়ে আসুন। কথোপোকথনে গাইড করার জন্য নিচের প্রশ্নের তালিকা এবং তাদের প্রতিক্রিয়াকে সাহায্য করার জন্য ছবিগুলো ব্যাবহার করুনঃ

- বডি ম্যাপ এঁকে আপনাদের কেমন লাগছে? রুমের অন্য মেয়েদের সাথে বডি ম্যাপ শেয়ার করতে তাদের কেমন লেগেছে?
- একটি মেয়ের শরীরে যখন কিছু পরিবর্তন আসে তখন আমরা এটাকে কি বলি? একটি মেয়ের জীবনের এই সময়টিকে বর্ণনা করার জন্য আমরা কোন শব্দ ব্যাবহার করি?
- বয়ঃ সন্ধিতে কী পরিবর্তন আসতে পারে সেটি সম্পর্কে মেয়েরা প্রথমে কিভাবে জানতে পারে?
    - *জিজ্ঞেসাঃ মেয়েরা কি শেখে? একটি মেয়ে কেমন অনুভব করতে পারে যখন তারা প্রথম এই তথ্যের ব্যাপারে জানতে পারে? অন্য কেউ কি আছে যে কী হতে পারে তার ব্যাপারে মেয়েদেরকে বলে?*
- মেয়েরা কেমন অনুভব করে যখন তাদের শরীর পরিবর্তিত হতে শুরু করে?
    - *জিজ্ঞেসাঃ অন্য কিছু বা অন্য কেউ কি আছে যে মেয়েদের শারীরিক পরিবর্তনের ব্যাপারে তাদের ভালো বোধ করতে সাহায্য করে? কে?*
- এমন কেউ কি আছে যার কাছে মেয়েরা তাদের শারীরিক পরিবর্তনের ব্যাপারে প্রশ্ন নিয়ে জেতে পারে? কে?
    - *জিজ্ঞেসাঃ আর কেউ কি আছে? শারীরিক পরিবর্তনের ব্যাপারে প্রশ্ন করতে মেয়েরা কেমন বোধ করে পারে? সমাজে এমন কেউ কি আছে যার সাথে মেয়েরা কথা বলার ইচ্ছা প্রকাশ করে?*
- আরো অন্য কোনো রকমের পরিবর্তন কি আপনাদের বয়সি মেয়েদের হতে পারে যা যেটা আমরা আপনাদের আঁকা ছবিতে দেখতে পারছি না?
    - *জিজ্ঞেসাঃ (যদি এই বিষয়গুলো আগেই উল্লেখ না করা হয়ে থেকে থাকে)ঃ শারীরিক পরিবর্তন ব্যাতিত অন্যান্য পরিবর্তনের ব্যাপারটা কি? শারীরিক পরিবর্তন ব্যাতিত অন্যান্য পরিবর্তনের ব্যাপারে কিছু বলুন মেয়েদের অনুভুতিতে কিংবা মুডে পরিবর্তন কি কোনো পরিবর্তন হতে পারে? মেয়েরা তাদের অবসর সময়ে যা করে তাতে কোনো পরিবর্তন এসেছে কিনা তা বলুন তাদের আগ্রহের বিষয় এবং তারা কাদের সাথে সময় কাটাতে পছন্দ করে সে বিষয়ে পরিবর্তনের ব্যাপার কি?*
- মেয়েরা যেসব পরিবর্তনের ভেতর দিয়ে যায় সে ব্যাপারে পরিবারগুলো কি অনুভব করে?
    - *জিজ্ঞেসাঃ মেয়েরা যেভাবে তাদের পরিবারের সাথে ইন্টার‍্যাক্ট করে তাতে কোনো পরিবর্তন আছে কি? তারা কী করতে পারে বা তাদের কী করতে দেওয়া হয় তাতে কোনো পরিবর্তন হয় কি? মেয়েরা যখন বড় হয়ে তখন তাদের জন্য অন্য কোনো নিয়ম বা তাদের থেকে কিছু আশা করা হয় কি?*




*লেবাননে বডি ম্যাপিং ক্রিয়াকলাপের ফটো © WRC, 2018*



সুচিতে ফেরত →

## বডি ম্যাপিং ডাটা - কালেকশন ফর্ম

রিসেট

| | |
|---|---|
| আজকের তারিখ (দিন/মাস/বছর) | |
| ফ্যাসিলিটরের নাম | |
| নোট গ্রহণকারীর নাম | |
| লোকেশন | |
| গ্রুপেরসংখ্যা | |
| গ্রুপের বিবরণ (বয়স সীমা, বৈবাহিক অবস্থা, কার্যক্রমে অংশগ্রহণ ইত্যাদি) | |

| গ্রুপ | অল্প বয়সী মেয়ের বৈশিষ্ট্য | কিশোরী মেয়ের বৈশিষ্ট্য | একজন প্রাপ্ত বয়স্ক মহিলার বৈশিষ্ট্য |
|---|---|---|---|
| এ | | | |
| বি | | | |
| সি | | | |

## ডি.৩ঃ কমিউনিটি ম্যাপিং

| | |
|---|---|
| **উদ্দেশ্য** | এটা বোঝার জন্য যে মেয়েরা SRH তথ্য ও সার্ভিস পেতে কোথায় যেতে পারে, তারা যে তথ্য ও সেবা পায় তার কওয়ালিটি এবং তারা এ সেবা গুলো পেতে কি কি বাধার সম্মুখীন হয় |
| **ফ্রিকোয়েন্সি এবং টাইমিং** | কার্যক্রম শুরুর আগে কিংবা শেষ হবার পরে করা যাবে। এটিকে একটি কর্মকাণ্ড হিসেবে ব্যবহার করা যাবে যখন SRH সেবাসমুহের প্রাপ্যতা নিয়ে আলচনা করা হবে। |
| **সময় প্রয়োজন** | ১ ঘন্টা |
| **প্রয়োজনীয় সরঞ্জাম** | • অন্তত তিনটি বড় কাগজ এবং দশটি মার্কার<br>• তিনটি ভিন্ন রংয়ের ত্রিশটি ছোট স্টিকার (প্রতিটি রংয়ের ১০টি) |

### মূল পদক্ষেপঃ

১. ৮-১০ জন সমবয়সের মেয়েদের একত্রিত করুণ।(উদাহরণঃ ১০-১২, ১৪-১৬, ১৭-১৯ বছর বয়েসী)।

২. দলকে বলুন যে তারা তাদের কমিউনিটির ছবি আঁকবে। ব্যাখ্যা করুন যে কমিউনিটি বলতে তাদের বাসস্থানের আশেপাশের অঞ্চলকে বুঝানো হচ্ছে। তাদেরকে বলুন যে যা যা ওই অঞ্চলে রয়েছে আঁকা ছবিতে আপনি সবকিছুর অন্তর্ভুক্তি চান, মানুষ ও জায়গাসহ। তারা যেখানে থাকেন সেখানকার কিছু জিনিশের লিস্ট করতে বলতে পারেন।

৩. মেয়েদেরকে ৩-৪ জনের ছোট ছোট দলে বিভক্ত করে দিন এবং প্রত্যেক দলকে একটি বড় কাগজ ও মার্কার দিন।

৪. ছোট দলগুলোকে তাদের ম্যাপ আঁকার জন্য ১৫-২০ মিনিট করে সময় দিন। যদি কোন মেয়েরা আটকে যায়, তাহলে তাদেরকে আপনি সেফ স্পেস আঁকার মাধ্যমে শুরু করতে বলতে পারেন এবং সেটি আঁকার পর তারা তার আশেপাশের সবকিছু আঁকবে। তাদেরকে মনে করিয়ে দিন, তারা গুরুত্বপূর্ণ ব্যাক্তিদেরও তাদের মাপে অন্তর্ভুক্ত করতে পারেন।

৫. যদি মেয়েরা লিখতে সক্ষম হয়, তাদেরকে মাপে বিভিন্ন বস্তু চিহ্নিত করার কথা জিজ্ঞেস করুন। যদি দলের একজনও লিখতে না পারেন তাহলে তাদের আঁকা শেষ হলে আপনি তাদের হয়ে বস্তু চিহ্নিত করুণ।

৬. যখন ম্যাপগুলো আঁকা শেষ হবে, প্রত্যেক অংশগ্রহণকারীকে একই রঙের ১০টি স্টিকার দিন। তাদের বয়সী মেয়েরা কোথায় সময় কাটায় সেখানে স্টিকার গুলো লাগাতে বলুন। এক জায়গায় একের অধিক স্টিকার লাগাতে পারবে যদি একজায়গায় মেয়েরা অনেক বেশি সময় কাটান। অব্যবহৃত স্টিকারগুলো সংগ্রহ করুণ।

৭. অংশগ্রহণকারীদের দ্বিতীয় রঙের ১০টি স্টিকার দিন। প্রজনন স্বাস্হ্যের ব্যাপারে সেবা ও তথ্য কোন কোন জায়গায় পাওয়া সে সকল জায়গায় স্টিকার লাগাতে বলুন। এক জায়গায় একের অধিক স্টিকার লাগাতে পারবে যদি একজায়গা হতে অনেক বেশি তথ্য ও সেবা পাওয়া যায়। যদি তাদের কোথাও যাওয়ার না থাকে তাহলে কোনো স্টিকার লাগাতে হবে না।

৮. অংশগ্রহণকারীদের তৃতীয় রঙের ১০টি স্টিকার দিন।মেয়েরা কোন কোন জায়গায় যেতে অনিরাপদবোধ করে সে জায়গায় স্টিকার লাগাতে বলুন।

৯. যদি সময় থাকে, তাহলে প্রতিটি দলকে বলুন তাদের ম্যাপ সবার সামনে উপস্থাপন করতে। তাদেরকে কল্পনা করতে বলুন যে এইমাত্র একটি তাদের বয়সী অপরিচিত মেয়ে সেই সমাজে পৌঁছেছে। তারা তাকে এই ম্যাপের ব্যাপারে কি বলবে? তারা তাদের সমাজের ব্যাপারে কোনটি সব চেয়ে বেশি এবং সবচেয়ে কম পছন্দ করে? SRH সম্পর্কিত তথ্য ও সেবার ব্যাপারে সে কোথায় যেতে পারে? কোন জায়গাগুলো সব থেকে ভালো এবং কেন? কোথায় তার যাওয়া উচিত না?

*নোট এবং টিপসঃ*

- কিছু মেয়ের তাদের সমাজ আঁকার ব্যাপারে সমস্যা হতে পারে। এই ধারণার সাথে মেয়েরা যদি একেবারেই পরিচিত না হয়, ফ্যাসিলেটর মেয়েদেরকে কোথায় কি আছে তা বর্ণনা করার কথা জিজ্ঞেস করে এবং ম্যাপে প্রথম কয়েকটি জিনিস এঁকে সাহায্য করতে পারেন। যখন মেয়েরা ধারণাটির সাথে সহজ হয়ে যাবে তারা তখন ম্যাপ আঁকা অব্যাহত রাখবে।

## কমিউনিটি ম্যাপিংয়ের তথ্য সংগ্রহের ফর্ম

রিসেট

| | |
|---|---|
| **আজকের তারিখ (দিন/মাস/বছর)** | |
| **ফ্যাসিলিটরের নাম** | |
| **নোট গ্রহণকারীর নাম** | |
| **লোকেশন** | |
| **গ্রুপের সংখ্যা** | |
| **গ্রুপের বিবরণ (বয়স সীমা, বৈবাহিক অবস্থা, কার্যক্রমে অংশগ্রহণ ইত্যাদি)** | |
| কোথায় কিশোরী মেয়েরা বেশির ভাগ সময় কাটায় | |
| কোথায় কিশোরী মেয়েরা SRH সম্পর্কিত তথ্য ও সেবা পেতে পারে | |
| কোথায় কিশোরী মেয়েরা যেতে পারেন না/যেতে নিরাপদ বোধ করেন না | |
| তাদের সমাজের ব্যাপারে তারা কি সবচেয়ে বেশি পছন্দ করে | |
| তাদের সমাজের ব্যাপারে তারা কি পছন্দ করে না | |
| অতিরিক্ত নোট | |

## ডি.৪ঃ জ্ঞান, দৃষ্টিভঙ্গি এবং আচরণ পরিমাপের সার্ভে

| | |
|---|---|
| **বিষয়বস্তু** | SRH - সম্পর্কিত জ্ঞান, দৃষ্টিভঙ্গি এবং আচরণগুলো মূল্যায়ন |
| **ফ্রিকোয়েন্সি এবং সময়** | • কার্যক্রমের আগে এবং কার্যক্রম সমাপ্তির পরে পরিচালনা করা উচিত।<br>• আদর্শভাবে, মুখস্থের বিপরীতে জ্ঞানের আরও ভাল পরিমাপের জন্য SRH সেশনগুলো শেষ হওয়ার পর কমপক্ষে তিন সপ্তাহ অপেক্ষা করুন। |
| **প্রয়োজনীয় সময়** | প্রতি উত্তরদাতা প্রায় ৩০ মিনিট। |
| **প্রয়োজনীয় উপকরণ** | জরিপের টেম্পলেট |

### নোট এবং টিপসঃ

- এটি একটি সমীক্ষার উদাহরণ সরবরাহ করে তবে আপনার পরিমাপ করতে ইচ্ছুক ইন্ডিকেটরসমূহ প্রতিবিম্বিত করার জন্য এটি পরিবর্তন করা উচিত।
- সাক্ষরতার স্তরের উপর নির্ভর করে এই সমীক্ষাটি একাই বা কোনো ফ্যাসিলিটেটর দ্বারা পরিচালিত হতে পারে।

### সমীক্ষার সম্ভাব্য প্রশ্নঃ

*জনসংখ্যার ডাটাঃ*

- বয়স
- বৈবাহিক অবস্থা
- সন্তান সংখ্যা
- বিদ্যালয়ে পূর্ণকৃত সর্বশেষ গ্রেড
- অক্ষমতার অবস্থা

*SRH জ্ঞান, দৃষ্টিভঙ্গি এবং ব্যবহার প্রশ্নাবলি*

- আপনার সম্প্রদায়ের এমন কোনও জায়গা আছে যেখানে কম বয়সীরা সম্পর্ক, লিঙ্গ, গর্ভনিরোধ, যৌন সংক্রমণ ইত্যাদির বিষয়ে কথা বলতে এবং জানতে সক্ষম হন?
- কিশোরীদের জন্য কি ধরণের SRH সেবা সরবরাহ করা হয়?
- আপনি গত ৬ মাসে SRH সেবা পেতে কোনও স্বাস্থ্য সুবিধা বা অন্য কোনও জায়গায় গিয়ে দেখেছেন?
- আপনার কি বন্ধু ব্যতীত অন্য কেউ আছেন যাকে আপনি স্বাস্থ্যের বিষয়ে তথ্য পাওয়ার জন্য বিশ্বাস করেন?

- নিম্নলিখিত বিবৃতিগুলির জন্য, দয়া করে বলুন আপনি কি প্রবলভাবে সম্মত হন, একমত হন, অসমত হন বা প্রবলভাবে অসম্মত হনঃ
    - *বয়ঃসন্ধিকালে মেয়েদের দেহ কীভাবে পরিবর্তিত হয় তা আমি জানি।*
    - *আমি জানি কীভাবে গর্ভাবস্থা প্রতিরোধ বা বিলম্বিত করা যেতে পারে।*
    - *কোনো মহিলার খুব অল্প বয়সে সন্তান ধারণ করা শরীরের পক্ষে ক্ষতিকারক হতে পারে।*
    - *আমি গর্ভাবস্থায় কমপক্ষে তিনটি বিপদ সংকেত সম্পর্কে অবগত রয়েছি যার জন্য আমাকে হাসপাতালে যেতে হতে পারে।*
    - *আমি আমার স্বামী বা অংশীদারের সাথে কখন গর্ভবতী হবে তা নিয়ে আলোচনা করতে আত্মবিশ্বাসী বোধ করব।*
    - *আমার যখন স্যানিটারি প্যাড প্রয়োজন হয় তখন আমি তা নিরাপদে পেয়েছি*
    - *আমার যদি যৌন ও প্রজনন স্বাস্থ্য সম্পর্কিত তথ্য বা সেবার প্রয়োজন হয় তবে আমি কোনো ক্লিনিক বা স্বাস্থ্যকেন্দ্রে যেতে খুব লজ্জা বা বিব্রত বোধ করি।*
    - *আমি জানি যৌন সংক্রমণে চিকিত্সার জন্য কোথায় যেতে হবে।*

## স্যাম্পল সার্ভে টেমপ্লেট

০০১. প্রশ্নমালা চিহ্নিতকরণের নম্বর |___|___|___|___|

০০২. সাক্ষাৎকারের তারিখ ___ ___ / ___ ___ / ___ ___ ___ ___
দিন মাস বছর

০০৩. সাক্ষাৎকারের স্থান ______________________

রিসেট

| সেকশন ১ঃ জনসংখ্যার উপাত্ত | | | |
|---|---|---|---|
| নং | প্রশ্ন | কোডিং এর বিভাগ | স্কিপ করুন |
| Q101 | আপনি কত সালে জন্মগ্রহন করেন? | বছর [__|__|__|__]<br>জানি না 8888<br>প্রতিউত্তর নেই 9999 | |
| Q102 | আপনার বয়স কত?<br>[সঠিক উত্তর আন্দাজ করুন, তুলনা করুন এবং প্রয়োজনে Q101 ঠিক করুন] | পূর্ণ করা বছরে বয়স [__|__]<br>জানি না 88<br>প্রতিউত্তর নেই 99 | |
| Q103 | আপনি কি <u>কখনো</u> স্কুলে গিয়েছেন? | হ্যাঁ 1<br>না 0<br>প্রতিউত্তর নেই 9 | →Q106 |
| Q104 | আপনি কি এখন স্কুলে যাচ্ছেন? | হ্যাঁ 1<br>না 0<br>প্রতিউত্তর নেই 9 | |
| Q105 | আপনি সর্বোচ্চ কোন পর্যায়ের শিক্ষা নিয়েছেনঃ প্রাথমিক, মাধ্যমিক নাকি উচ্চ মাধ্যমিক? | প্রাথমিক 1<br>মাধ্যমিক 2<br>উচ্চ মাধ্যমিক 3<br>অনানুষ্ঠানিক 4<br>প্রতিউত্তর নেই 9 | |
| Q106 | আপনি কি বর্তমানে বিবাহিত? | হ্যাঁ 1<br>না 0 | →Q109 |
| Q107 | আপনি কি কখনও বিয়ে করেছেন? | হ্যাঁ 1<br>না 0 | |
| Q108 | আপনার বৈবাহিক অবস্থা কি এখনঃ আপনি কি বিপত্নীক, তালাকপ্রাপ্ত নাকি বিচ্ছিন্ন (সেপারেটেড)? | বিপত্নীক 1<br>তালাকপ্রাপ্ত 2<br>বিচ্ছিন্ন (সেপারেটেড) 3 | →Q109<br>→Q109<br>→Q109 |
| Q109 | আপনার (স্বামী/সহযোগী) কি আপনার সাথে থাকে নাকি সে অন্য কোথাও থাকে? | তার (স্ত্রী এর) সাথে থাকে 1<br>অন্য কোথাও থাকে 2 | |
| Q110 | আপনি যখন প্রথম বিবাহ করেছিলেন তখন আপনার বয়স কত ছিল? | বয়স (বৎসরে) [__|__]<br>জানি না 88<br>প্রতিউত্তর নেই 99 | |

## *ডি.৫ঃ সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিবর্তন পদ্ধতি*

| | |
|---|---|
| **উদ্দেশ্য** | কার্যক্রম কিভাবে কিশোরী মেয়েদের SRH-সম্পর্কিত জ্ঞান, মনোভাব এবং/বা আচরণের পরিবর্তন করেছে তা বোঝা |
| **ফ্রিকোয়েন্সি এবং টাইমিং** | কার্যক্রম সম্পন্ন করার পরে |
| **সময় প্রয়োজন** | ইন্টারভিউপ্রতি ৩০ মিনিট |
| **উপকরণ প্রয়োজন** | অডিও-রেকর্ডার |

### *মূল পদক্ষেপঃ*

১. ইন্টারভিউ দিতে মেয়েদের চিহ্নিত করুন। কার্যক্রমের ফলে কোন পরিবর্তন হয়েছে কি না তা এই কার্যক্রম শেষে অংশগ্রহণকারীদেরকে জিজ্ঞাসা করা যেতে পারে। যারা পরিবর্তন হয়েছে বলে রিপোর্ট করবে তাদেরকে ইন্টারভিউ-এর জন্য বেছে নেওয়া যেতে পারে।

২. একটি ব্যক্তিগত/গোপনীয় অবস্থানে ইন্টারভিউ অংশগ্রহণকারীদের আলাদা ভাবে প্রত্যেকজনের সঙ্গে সাক্ষাত করুন। সর্বাধিক উল্লেখযোগ্য পরিবর্তন [Most Significant Change] (MSC) সাক্ষাত্কার একটি ফোকাস গ্রুপ আলোচনা হিসাবেও করা যেতে পারে।

৩. অংশগ্রহণকারীদের কে অবহিত করুন যে আপনি জানতে চান যে হস্তক্ষেপের ফলে তাদের জীবনে কোন পরিবর্তন হয়েছে কি না।

৪. অংশগ্রহণকারীদেরকে জিজ্ঞাসা করুনঃ "কার্যক্রম শুরু করার পরের গত [x সংখ্যা] মাসগুলোর দিকে ফিরে দেখলে, আপনি কোনটিকে মনে করেন এই সমাজের কিশোরী-কিশোরীদের জীবনে সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিবর্তন?"

৫. অংশগ্রহণকারী(রা) যখন একটি গল্প বলে, আপনি নোট নিতে পারেন, কিন্তু আপনি যাতে কিছু মিস না করেন তা নিশ্চিত করতে আপনার অডিও-রেকর্ডিং (অংশগ্রহণকারী সম্মতিসহ) নিতে পারেন।

৬. আপনি হয়ত একজন অংশগ্রহণকারীর কাহিনীতে আরো বিস্তারিত ব্যাখ্যার জন্য নিম্নোক্ত প্রশ্নগুলো ব্যবহার করতে চানঃ

- *তুমি কি আমাকে এই ব্যাপারে আরো একটু বলতে পারবে?*
- *কেন এমনটা ঘটলো বলে মনে হয়?*
- *এই কার্যক্রমের কোন অংশটি এখানে সাহায্য করেছে?*
- *আপনার কি মনে হয় অন্য মেয়েরা সেটা কিভাবে অনুভব করেছে?*
- *যদি আপনি এই কার্যক্রমে অংশগ্রহণ না করতেন তাহলে এটি কিভাবে ভিন্ন হতে পারতো?*

৭. ৫-১০টি গল্প সংগ্রহ করার পর, আপনি সাধারন ধারণা বা অংশ সনাক্ত করার জন্য বিশ্লেষণ করতে পারেন যেগুলো কার্যক্রমের ফলে পরিবর্তন হয়েছে।

### *নোট এবং টিপসঃ*

- নেতিবাচক পরিবর্তনের গল্প বলার জন্যে হলেও আপনি অংশগ্রহণকারীদের সুযোগ নিশ্চিত করুন।
- যদি অংশগ্রহণকারীরা কার্যক্রমের ফলে কি ধরনের পরিবর্তন ঘটেছে তা সনাক্ত করতে না পারে, তাহলে এটিও একটি অনুসন্ধান।

এমএসসি টেকনিক একটি সম্পূর্ণ গাইড জন্যঃ **https://www.mande.co.uk/wp-content/uploads/2005/MSCGuide.pdf**
(রিক ডেভিস এবং জেসিকা ডার্ট, ' সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিবর্তন ' (এমএসসি) টেকনিকঃ একটি গাইড এর ব্যবহার, 2005.)

## ই. তথ্য সংগ্রহ ও সরবরাহের টুল সমূহ

### *ই.১ঃ সম্মতির ফর্ম নির্মাতা*

| | |
|---|---|
| **বিষয়বস্তু** | পর্যবেক্ষণ ও মূল্যায়ন কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য সম্মতি/অনুমতি অর্জন। |
| **ফ্রিকোয়েন্সি এবং সময়** | পর্যবেক্ষণ ও মূল্যায়ন কর্মকাণ্ডের সেট শুরু হবার আগেই অর্জন করা। |
| **প্রয়োজনীয় সময়** | ৫-১০ মিনিট |
| **প্রয়োজনীয় উপকরণ** | চূড়ান্ত করা সম্মতি/অনুমতি ফরম |

### *মূল পদক্ষেপঃ*

১. কোন কর্মকাণ্ডের জন্য সম্মতি ও অনুমতি প্রয়োজন তা ঠিক করা। (দেখুন অধ্যায় ৭)

২. সম্মতি ফর্মে প্রাসঙ্গিক তথ্য ঢোকানো।

৩. নির্ধারণ করুন যে আপনার সম্মতি/অনুমতি ফর্ম লিখিত অথবা মৌখিক রূপে প্রয়োজন কিনা। যদি অনুমতি বা সম্মতি ফরম প্রয়োজন হয় তবে সাইন এর জন্য একটি লাইন তৈরি করুন।

৪. যে সকল কিশোরী মেয়েরা ১৮ বছরের নিচে তাদের বাবা-মায়ের কাছে অনুমতি ফর্ম প্রদান করা হবে তারপর সেসব মেয়েদের কাছে সম্মতি ফর্ম প্রদান করা হবে। যাদের বয়স ১৮ বা তার উপরে তাদেরকে অনুমতি ফরম প্রদান করা হবে।

### *নোট এবং টিপসঃ*

- নিশ্চিত করুন যে অনুমতি বা সম্মতি ফরম পড়ার জন্য পর্যাপ্ত সময় যাতে দেয়া হয় এবং অতিরিক্ত তথ্য গুলো অংশগ্রহণকারী অথবা অভিভাবক/সেবাপ্রদানকারীদের ব্যাখ্যা করুন।

- ফরমের একটি কপি অংশগ্রহণকারী অথবা অভিভাবক/সেবাপ্রদানকারীদের প্রদান করুন, যদি তারা চায়।

## ১০-১৭ বছর বয়সী কিশোরীদের অভিভাবক / সেবাপ্রদানকারীদের জন্য সম্মতি ফর্ম নির্মাতা

আসসালামুআলাইকুম, আমরা ______________________ থেকে এসেছি। আমরা আমাদের ______________________ সম্পর্কে আপনাদের বলতে চাই। আমরা এই গবেষণাটি করছি যাতে ______________________ সম্পর্কে আর বেশি শিখতে পারি। আমরা আপনাদের ______________________ কে আমাদের গবেষণাতে অংশগ্রহণ করতে বলছি কারণ তার বয়স ১০ থেকে ১৯ এর মধ্যে এবং সে ______________________________________________ ______________________________________________।

আপনার ______________________ কে সম্মতি দেওয়ার আগে, এইটা খুব বেশি জরুরি যে আমরা আপনাদের ব্যাখ্যা করি কেন আমরা ______________________ করছি এবং আপনার ___________________ এর কি হবে যদি সে অংশগ্রহন করে। আপনারা আলোচনার আগে, চলাকালীন অথবা পরে যে কোনো সময়ে প্রশ্ন করতে পারেন। আপনারা যদি চান, আপনারা এই ফরমটি পড়ার এবং পরে প্রশ্ন করার সময় পাবেন। শেষে, আমরা আপনাদের জিজ্ঞেস করব আপনারা আপনাদের ___________________ কে অংশগ্রহণ করতে দিতে রাজি কিনা। আপনারা রাজি হলে, এরপর আমরা আপনাদের ___________________ জিজ্ঞেস করব অংশগ্রহন করতে রাজি কিনা।

এই গবেষণার মাধ্যমে আমরা _____________________________ সম্পর্কে আরো ভালোভাবে জানতে চাই। আপনি যদি রাজি হন তাহলে আপনার ___________________ অংশগ্রহণ করবে _________________ ______________________ আমরা কাছেই বসবাসকারী সম্প্রদায়ের আরো মেয়েদের দলের সাথে দেখা করবো।

আপনার _________________ অংশগ্রহণ করলে তাকে নিম্নলিখিত বিষয়ে জিজ্ঞেস করা হবেঃ

______________________________________________________________________________

কার্যক্রমে আনুমানিক সময় লাগবে ___________________। তাকে অংশগ্রহণ করতে হবে _______________________।

আমরা কর্মকাণ্ড চলাকালীন সময়ে নোট নিবো। [***যদি কর্মকাণ্ড অডিও রেকর্ড করা হয়ঃ এবং আমরা দলের কথোপকথন গুলো টেপ রেকর্ড করতে পছন্দ করবো। মেয়েদের বলা কোনো জরুরী কথা জেনো হারিয়ে না জায় সেজন্য রেকর্ডিংটি ব্যবহার করা হবে। রেকর্ডিং গুলো পাসওয়ার্ড দিয়ে কম্পিউটারে সংরক্ষণ করা হবে এবং গবেষণা শেষে নষ্ট করে ফেলা হবে***] আমরা আমাদের নোটে কখনই আপনার ____________________ নাম লিখবো না। [***যদি কর্মকাণ্ডে অডিও রেকর্ড করাই হয়ঃ অথবা টেপ রেকর্ডিং শুনে নোট লেখার সময়েও তাদের নাম লিখব না। আমরা কর্মকাণ্ডের ঠিকানার জন্যও বিশেষ কোড ব্যবহার করবো যাতে কেও সম্প্রদায়ের নাম জানতে না পারে***]

কর্মকাণ্ড চলাকালীন আপনার ____________________ কিছু বিষয়ে আলোচনা করতে অস্বস্তি বোধ করার সম্ভাবনা রয়েছে, তবে সে সব সময় যে কোনো প্রশ্নের উত্তর না দিতে পারে যদি সেগুলো তাকে অস্বস্তি বোধ করায়। সে যে কোনো মুহূর্তে কর্মকাণ্ড ছেড়ে চলে যেতে পারে। ____________________________ এখানে একজন আছেন যার সাথে সে কথা বলতে পারবে যদি আলোচনার কোনো বিষয় নিয়ে তার মন খারাপ অথবা ভয় লাগে।

আপনি অথবা আপনার ____________________ অংশগ্রহণের জন্য কোনো পুরস্কার পাবেন না, কিন্তু আপনার অংশগ্রহণ সম্প্রদায়ের কিশোরী মেয়েদের জন্য আরো ভালো প্রোগ্রাম অথবা সেবা ডিজাইনে সাহায্য করতে পারে। অংশগ্রহণের জন্য আপনার বা আপনার পরিবারের কোনো খরচ করতে হবে না।

আপনার ___________________ কে অনুমতি দিতেই হবে এমন নয়। আমরা আপনার কাছে জিজ্ঞেসা করছি আপনার ___________________ অংশগ্রহণ করতে চান কিনা, আপনি যদি 'না' বলেন তবে এতে কোনো পালটা প্রতিক্রিয়া হবে না। আপনারা এখন হাঁ বলতে পারেন, পরে যদি আপনার ___________________ মন বদলায় তবে সে কোন সময় কর্মকাণ্ড ছেড়ে চলে যেতে পারবে। আপনার সিদ্ধান্ত আপনাকে অথবা আপনার পরিবারের যে কোনো সদস্যকে ____________________________ দ্বারা আয়োজিত কর্মকাণ্ডে অনশগ্রহনে বাধা দিবে না।

আপনি যে কোনো সময়ে প্রশ্ন করতে পারেন। এখনো করতে পারেন অথবা পরেও করতে পারেন। আপনি গবেষক বা যে কারো সাথে কথা বলতে পারেন। আপনাদের যদি এই কর্মকাণ্ড নিয়ে কোন প্রশ্ন থাকে তবে আপনারা কল করতে পারেন ______________ ______________। অথবা, আপনারা আসতে পারেন ______________ এর অফিসে এবং কথা বলার জন্য জিজ্ঞেস করতে পারেন ______________ এনার সাথে।

আমি এই পত্রটি পড়ে শোনালাম যাতে আপনারা পরিষ্কারভাবে জানতে পারেন আমাদের ______________ এ কি জড়িত। আপনারা কি আপনাদের ______________ কে অংশগ্রহণ করতে দিতে রাজি?

- *অভিভাবক/সেবা প্রদারকারীর সম্মতি* → ধন্যবাদ। এখন আমি আপনার ______________ কে জিজ্ঞেস করব সে অংশগ্রহণে রাজি কিনা। আপনি কি এই ফরমের একটি প্রতিলিপি রাখতে চান আপনাদের রেকর্ডের জন্য?
- *অভিভাবক/সেবা প্রদারকারীর অসম্মতি* → সময় দেওয়ার জন্য ধন্যবাদ।

রিসেট

## কিশোরী অংশগ্রহণকারীদের সম্মতি ফর্ম নির্মাতা

আসসালামুআলাইকুম, আমরা ______________ থেকে এসেছি। আমরা তমাদের একটি ______________ স্পম্পরকে বলতে চাচ্ছি যা তোমার বয়সী ______________; মেয়েদের স্বাস্থ্যের প্রয়োজন সম্পর্কে আমাদের আরো ভালো ভাবে বুঝতে সাহায্য করবে। আমরা তোমাদের অংশগ্রহণ করতে বলছি কারণ তোমাদের বয়স ১০ থেকে ১৯ এর মধ্যে এবং ______________।

[***যদি অংশগ্রহণকারীরা ১৮ বছরের কম বয়সি হয় এবং অভিভাবক/সেবাপ্রদানকারী থেকে অনুমতি নেওয়া হয়েছেঃ আমরা ইতিমধ্যেই তোমাদের অংশগ্রহণের জন্য অভিভাবক/সেবাপ্রদানকারী র কাছ থেকে অনুমতি পেয়েছি***] তুমি যদি চাও তবেই শুধু তুমি এই ______________ এ অংশ নিবে। অংশগ্রহণে রাজি হওয়ার আগে এটি খুবই জরুরী যে আমরা তোমাদের ব্যাখ্যা করি যে আমরা কেন এই ______________ করছি এবং তোমার কি হবে যদি তুমি অংশগ্রহণ করো। তুমি যেকোনো সময় প্রশ্ন করতে পারো আমাদের আলোচনার আগে, চলাকালীন অথবা পরে। তুমি যদি চাও ফর্মটি পড়ে প্রশ্ন করতে পারো। শেষে আমরা তোমাকে জিজ্ঞেস করব তুমি অংশগ্রহণ করতে রাজি কিনা।

______________ এ আমরা ভালোভাবে শিখতে চাই ______________। তুমি রাজি হলে তোমাকে অংশ নিতে হবে ______________ ______________ আমরা কাছে বসবাসকারী সম্প্রদায়ের আরো মেয়েদের সাথে দেখা করব।

অংশগ্রহণের সিদ্ধান্ত নিলে তোমাকে নিম্নলিখিত বিষয়ে জিজ্ঞেস করা হবেঃ

______________

কর্মকান্ডটি আনুমানিক ______________ এত সময় নেবে। তোমাকে ______________ টি কর্মকান্ডে অংশ নিতে হবে।

আমরা কর্মকাণ্ড চলাকালীন নোট নিব [***<u>যদি কর্মকাণ্ড অডিও রেকর্ড করা হয়ঃ</u> এবং আমরা দলের কথোপকথন গুলি টেপ রেকর্ড করতে পছন্দ করব। রেকর্ডিংটি ব্যবহার করা হবে যাতে মেয়েদের বলা কোন জরুরী কথা আমরা হারিয়ে না ফেলি রেকর্ডিং গুলো পাসওয়ার্ড দিয়ে কম্পিউটারে সংরক্ষণ করা হবে এবং গবেষণা শেষে নষ্ট করে ফেলা হবে***] আমরা আমাদের নোটে কখনোই তোমাদের নাম লিখব না [***<u>যদি কর্মকাণ্ড অডিও রেকর্ড করা হয়ঃ</u> অথবা টেপ রেকর্ডিং শুনে নোট নেয়ার সময় আমরা নাম লিখবো না***]। আমরা কর্মকাণ্ডের ঠিকানার জন্য বিশেষ কোড করবো যাতে কেউ সম্প্রদায়ের নাম জানতে না পারে।

কর্মকাণ্ড চলাকালীন কিছু বিষয়ে আলোচনা করতে অস্বস্তিবোধ করার সম্ভাবনা রয়েছে, তবে তুমি সব সময় যে কোন প্রশ্নের উত্তর না দিতে পারো যদি সেগুলো তোমাকে অস্বস্তি বোধ করায়। যে কোন মুহূর্তে তুমি কর্মকান্ড ছেড়ে চলে যেতে পারবে ______________________ এখানে একজন আছেন যার সাথে তুমি কথা বলতে পারবে যদি আলোচনা কোন বিষয় নিয়ে তোমার মন খারাপ হয় অথবা ভয় লাগে।

তোমাকে বা তোমার পরিবারকে অংশগ্রহণের জন্য কোন পুরস্কার বা টাকা দেয়া হবে না কিন্তু অংশগ্রহণ টি সম্প্রদায়ের কিশোরী মেয়েদের জন্য আরো ভালো প্রোগ্রাম অথবা সেবা ডিজাইন এ সাহায্য করতে পারে। এই স্টাডির অংশ হওয়ার জন্য তোমার অথবা তোমার পরিবারের কোন টাকা দিতে হবে না।

তোমাকে অংশগ্রহণ করতেই হবে এমনটি নয়, আমরা জিজ্ঞেস করছি তুমি অংশগ্রহণ করতে ইচ্ছুক কিনা। তুমি ‘না’ বললেও কেউ তোমার সাথে রাগ করবেনা। তুমি এখন হ্যাঁ বললেও পরে মন বদলাতে পারবে। তুমি যে কোন সময় ______________________ ছেড়ে চলে যেতে পারবে। তোমার সিদ্ধান্ত তোমাকে অথবা তোমার পরিবারের যে কোনো সদস্যকে ______________________ আয়োজিত কর্মকান্ডে অংশগ্রহণে বাধা দিবেনা।

তুমি যে কোনো সময়ে প্রশ্ন করতে পারেন। এখনো করতে পারো অথবা পরেও করতে পারো। তুমি গবেষক বা যে কারো সাথে কথা বলতে পারো। তোমার যদি এই কর্মকাণ্ড নিয়ে কোন প্রশ্ন থাকে তবে তোমরা কল করতে পারো ______________________ ______________________ অথবা, তুমি আসতে পারো ______________________ এর অফিসে এবং কথা বলার জন্য জিজ্ঞেস করতে পারো ______________________ এনার সাথে।

তুমি কি অংশগ্রহণ করতে রাজি?

- কিশোরীর সম্মতি → ধন্যবাদ। তুমি কি তোমার রেকর্ডের জন্য এই ফরমের একটি প্রতিলিপি রাখতে পছন্দ করবে?
- কিশোরীর অসম্মতি → সময় দেওয়ার জন্য ধন্যবাদ। আমাকে জানাও যে তুমি ______________________ এর আরো সেবার ব্যাপারে জানতে চাও?

রিসেট

## ই.২ঃ ডাটা বিশ্লেষণের পরিকল্পনা

| | |
|---|---|
| **বিষয়বস্তু** | এটা নিশ্চিত করা যে সংগৃহীত ডাটা গুলো ব্যবহার করা হয়েছে এবং প্রোগ্রামের দেওয়া হয়েছে |
| **ফ্রিকোয়েন্সি এবং সময়** | ডাটা সংগ্রহ শুরু করার আগেই তৈরি করা |
| **প্রয়োজনীয় সময়** | ২-৩ ঘন্টা |
| **প্রয়োজনীয় উপকরণ** | ডাটা বিশ্লেষণ প্লানের টেমপ্লেট |

## ডাটা বিশ্লেষণ প্লানের টেমপ্লেট

| | |
|---|---|
| **যখন ডাটা বিশ্লেষণ করা হবে** | আপনার টিম কি সবগুলো ডাটা সংগ্রহ করা পর্যন্ত অপেক্ষা করবে ডাটা বিশ্লেষণ করার জন্য? নাকি আপনি প্রত্যেকটি স্তরের ডাটা বিশ্লেষণ করবেন (যেমন, বেইসলাইন, মিডলাইন, এন্ডলাইন)? বিশ্লেষণ শেষ করতে যে সময় অনুমান করা হয়েছে তা কত? |
| **বিশ্লেষণের জন্য কোন পদ্ধতি গুলো ব্যবহার করা হবে** | কোন তথ্য গুলো পরিমাণগত বনাম গুণগত ভাবে বিশ্লেষণ করা হবে? এই দুই ধরনের বিশ্লেষণ কিভাবে একে অপরকে পরিপূর্ণ করবে? |
| **কোনো বিশেষ দক্ষতা এবং/অথবা উপকরণ প্রয়োজন ডাটা বিশ্লেষণের জন্য** | বিশ্লেষণ করার আভ্যন্তরীণ ক্ষমতা কি আছে নাকি অতিরিক্ত সাপোর্ট নিয়োগ করার প্রয়োজন হবে? বিশ্লেষনের জন্য সফটওয়্যার ডাউনলোড অথবা কেনার প্রয়োজন আছে কি? |

| | |
|---|---|
| **কে বিশ্লেষণ করবে** | কোন টিমের সদস্যরা বিশ্লেষণের দায়িত্বে থাকবে? কিভাবে কিশোরী মেয়েরা বিশ্লেষণের প্রক্রিয়ায় জড়িত থাকবে? |
| **কিভাবে এবং কাকে ফলাফলগুলো রিপোর্ট করা হবে** | আপনার সংস্থার মূল্যায়ন রিপোর্ট এর ফরমেট কি (যদি থাকে)? আপনার রিপোর্টের শ্রোতা (অডিয়েন্স) কারা? ভিন্ন ভিন্ন শ্রোতাদের জন্য কি আপনাকে অনেকগুলো রিপোর্ট তৈরি করতে হবে? |
| **বিশ্লেষণ প্রক্রিয়ার জন্য কোনো বিশেষ বিবেচনা?** | |

## ই.৩ঃ কিশোরীদের বিশ্লেষণ পরিচিতি

| | |
|---|---|
| **উদ্দেশ্য** | কিশোরীদের তথ্য বিশ্লেষণ এর ধারণার সাথে পরিচয় করিয়ে দেয়া |
| **ফ্রিকোয়েন্সি এবং টাইমিং** | তথ্য বিশ্লেষণ শুরু করার আগে পরিচালনা করা |
| **সময় প্রয়োজন** | ৬০ মিনিট |
| **প্রয়োজনীয় সরঞ্জাম** | প্রায় ২০টি বস্তু |

### মূল পদক্ষেপঃ

১. ভিন্ন সাইজের কাঠি, কলম, পাতা, প্লাস্টিকের বোতল, স্টিকার পেন্সিল ইত্যাদি সংগ্রহ করুণ এবং একটি বাক্স বা বাটিতে রাখুন, নিশ্চিত করুণ যেন মোট ২০টি জিনিস থাকে তাতে।

২. বিভিন্ন বস্তু গুলো অংশগ্রহণকারীদের দেখান। ব্যাখ্যা করুণ যে, বস্তুগুলোর ভিন্নতা সংগৃহীত বিভিন্ন রকম তথ্যকে উপস্থাপন করে যা বিভিন্ন ব্যাক্তি ও গ্রুপ হতে মুল্যায়নের সময় সংগ্রহ করেছি।(অথবা সংগ্রহ করা হবে)। তথ্য জানার জন্য, আমাদেরকে এটি অর্থবহ ক্যাটাগড়িতে সাজাতে হবে যাতে আমরা কী কী তথ্য সংগ্রহ করেছি তার টাইপ বুঝতে পারি।

৩. অংশগ্রহণকারীদের একত্রে কাজ করার জন্য জিজ্ঞেস করুন যাতে বস্তুগুলোকে চার-পাঁচটি গ্রুপে সাজানো যায়। তাদের একে অপরের মধ্যে আলোচনা করা উচিত কেন নির্দিষ্ট বস্তু একসঙ্গে গ্রুপ করা উচিত।

৪. অংশগ্রহণকারীরা একবার গ্রুপিং করতে রাজি হলে, তাদেরকে ব্যাখ্যা করতে বলুন তারা নির্দিষ্ট বস্তুকে কেন একত্র করেছে। জিজ্ঞেস করুন তাদের মাঝে কোন মতবিরোধ হয়েছিলো কিনা এবং কিভাবে তারা এইটা নিষ্পত্তি করেছে।

৫. ব্যাখ্যা করুন যে এইভাবে আমরা তথ্যের বিশ্লেষণ করিঃ প্রতিটি বস্তু বিভিন্ন তথ্যকে উপস্থাপন করে এবং আমরা ওগুলোকে আর বড় আইডিয়ায় সাজাতে চাই।

৬. যদি অংশগ্রহণকারীরা শিক্ষিত হয়, তাহলে কাজটি পুনরায় শব্দ, কোট বা কাগজের উপর প্রিন্ট করা ধারনার সাথে করা যাবে। কম শিক্ষিত দল বিষয়ের সাথে থীম দিতে পারেন, PRM কাজের মত, এরপর সাজাবেন।

### নোট এবং টিপসঃ

- যদি সম্ভব হয়, এই কাজে কিশোরী ফোকাল পয়েন্টদের নেতৃত্ব দিতে দিন (নিশ্চিত করুন, তারা আগে থেকেই কাজের ব্যাপারে প্রশিক্ষিত।)
- নানাধরনের ব্যাখ্যার প্রয়োজনীয়তা এবং কিভাবে একদল রিসার্চার একত্রে কাজ করে একটি সম্মিলিত ফলাফল পেতে পারে তার উপর গুরুত্ব প্রদান করুন।

## ই.৪ঃ কোডবুক টেমপ্লেট

| | |
|---|---|
| **বিষয়বস্তু** | গুণগত তথ্যের থিম এবং প্যাটার্ন সনাক্ত করা |
| **ফ্রিকোয়েন্সি এবং সময়** | প্রাথমিক পর্যায়ে প্রতিলিপি গুলো পড়ার পর তৈরি করা। টিমের সদস্যদের সাথে আলোচনা করে সংশোধন করা যেতে পারে। |
| **প্রয়োজনীয় সময়** | ২-৩ ঘন্টা |
| **প্রয়োজনীয় উপকরণ** | সংগ্রহ থেকে অডিও রেকর্ডিং এর প্রতিলিপি করা |

### মূল পদক্ষেপঃ

১. গুণগত ডাটার সকল প্রতিলিপি কোড যেমন FGD1 দ্বারা স্পষ্টভাবে লেভেল করুন। একটি আলাদা টেবিল বানাতে হবে যেটিতে প্রত্যেকটি কোডের সব প্রয়োজনীয় তথ্য থাকবে (তারিখ, লোকেশন, বৈশিষ্ট্য ইত্যাদি)।

২. নিজেকে ডাটার সাথে পরিচিত করুন। গুণগত কার্যকলাপ এর নোটগুলো এবং প্রতিলিপি গুলো পড়ুন এবং টিমের সদস্যদের সাথে প্রাথমিক অনুভূতি গুলো আলোচনা করুন।

৩. পুনরায় অনেকগুলো প্রতিলিপি পড়ুন এবং যেসব থিম এবং আইডিয়া উঠে আসে সেগুলোর উপর মার্জিন নোট নিন। উদাহরণ স্বরূপ, নোট করুন যখনি অংশগ্রহণকারীরা মাসিক নিয়ে আলোচনা করে, অথবা তখনই যখনই তারা কার্যক্রম থেকে শিখতে পারা সুনির্দিষ্ট বিষয় নিয়ে আলোচনা করে।

৪. এসকল থিম গুলোকে কোডে অনুবাদ করুন। কোড হল সংক্ষিপ্ত বাক্য অথবা একটি মাত্র শব্দ যেটা যতবার একই থিমটি আসবে ততবার ব্যবহার করা যাবে। উদাহরণস্বরূপ, “মাসিক” অথবা “সেইফ স্পেসের শিক্ষা”।

৫. প্রত্যেকটি কোডের জন্য পরিষ্কার সংজ্ঞা তৈরি করুন যে এটার মানে কী বোঝায় এবং এটা কখন ব্যবহার করা উচিত, সাথে এটাও যে কখন এটি ব্যবহার করা উচিত নয়। যেমন “মাসিক” বলতে বোঝায় পিরিওড সম্পর্কিত যেকোনো সমস্যাকে, কিন্তু এটি তখন ব্যবহার করা উচিত নয় যখন কোন অংশগ্রহণকারী দেরীতে অথবা পিরিওড না হওয়াকে উল্লেখ করে। এমন কেইসে এটার পরিবর্তে কি ব্যবহার করা উচিত সেটার নোট করে রাখা কাজে আসে। উপরোক্ত উদাহরণের জন্য ‘সম্ভাব্য গর্ভাবস্থা’ কোডটি ব্যবহার করা উচিত হতে পারে। পরিশেষে প্রত্যেকটি কোড এর জন্য একটি বা দুটো উদাহরণ কোটেশন বাছাই করা যেতে পারে।

৬. একবার ড্রাফ্ট করা শেষ হলে, টিম সদস্যদের এক বা দুটি বাছাইকৃত প্রতিলিপি কোড করা উচিত, এবং তারপর দেখা করে তাদের কোডিং গুলো তুলনা করা উচিত। তাদের উচিত যে কোন অমিল নিয়ে আলোচনা করা এবং প্রয়োজন বুঝে কোডবুকটি পরিশোধন করা।

৭. কোডিং সফট্ওয়ারে করা যেতে পারে যেমন NVivo অথবা Dedoose, এবং টিমের সদস্যদের সাথে পর্যায়ক্রমে দেখা করে সমস্যাগুলো নিয়ে আলোচনা করা উচিত।

*নোট এবং টিপসঃ*

- একই রকম গ্রুপের সকল প্রতিলিপির জন্য একই কোডবুক ব্যবহার করা উচিত (যেমন, সকল ফোকাস গ্রুপ ডিসকাশন [Focus Group Discussions] যেগুলোতে মা/মহিলা সেবাপ্রদানকারী রয়েছে সেখানে একই কোডবুক ব্যবহার করে কোড করা উচিত)। এটি আপনাকে আলাদা গ্রুপ এর থিম এবং প্যাটার্ন শনাক্ত করতে দেয়।

- গুণগত ডাটার গভীর বিশ্লেষণ অনেক সময় সাপেক্ষ। প্রচলিত নিয়ম অনুযায়ী প্রত্যেক এক ঘন্টা অডিও রেকর্ডিং এর সময় নিতে পারে প্রতিলিপিতে তিন ঘণ্টা এবং কোড করতে আরো একঘন্টা। তো, ১০ ঘন্টা অডিও রেকর্ডিং এর জন্য আশা করা যায় ব্যয় করতে হবে ৪০ ঘন্টা প্রতিলিপি এবং কোড করতে, এবং আরও অতিরিক্ত সময় লাগবে বিশ্লেষণ করতে।

- যখন ডাটার গভীর বিশ্লেষণ করার পর্যাপ্ত সময় বা উৎস নেই, অধ্যায় ৮ এ ব্যাখ্যা করা অন্য পদ্ধতিগুলো বিবেচনা করুন।

*কোডবুক টেম্পলেটের উদাহরণ*

রিসেট

| কোড | সংজ্ঞা এবং কখন ব্যবহৃত হবে | কখন ব্যবহৃত হবে না (এর পরিবর্তে কী ব্যবহৃত হবে?) | কোটেশনের উদাহরণ (ট্রান্সক্রিপ্ট আইডি, পেইজ নম্বর) |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |